হেন স্ত্রীয়ে যাহার বাস।
তাহার কেন জীবনের আশ॥
যাহার ঘরে নাহি ঢেঁকি মুষল।
সে বহু ঝির নাহিক কুশল॥
বলে ডাক শুন সার।
পরের ঘরে উপজে জার॥ (৪)
যত হয় কলা কাপাসে।
তত হয় সরিষা মাষে॥
যথা কলা কাপাসে বাড়ী।
তথা লুব্ধ বহু ঝিয়ারী॥
ফুট ভাষে ডাক গোয়ালে।

* * * *

যাহার বহু ঝি দূর যান্তি।
তাহার নিকটে বসে অসতী॥
ঘরে আখা বাহিরে রান্ধে।
অল্প কেশ ফুলাইয়া বান্ধে॥
ঘন ঘন চাহে উলটিয়া ঘাড়।
বলে ডাক এ নারী ঘর উজাড়॥
পানী ফেলিয়া পানীকে যায়। (৫)
পরপুরুষ পানে আড় চক্ষে চায়॥
বাতি বুলে গীত গায়।

* * * *

ওড়ন(৬) কাড়ে(৭) বলে সানে(৮)।
তাক লইয়া ঘর কেনে॥
যে নারী দিনে নিদ্রা যায়।
গালি দিলে রোষ করিয়া যায়॥
চিড়িপো (৯) কাহাকে না পুছে।
ডাক বলে বিভা কৈলে মিছে॥
নিয়ড় পোখরী দূরে যায়। (১০)
পথিক দেখিয়া আড় চক্ষে চায়॥

---

(১) রাণ্ডী=রাঁড়ী=বিধবা।

(২) নেড়া মাথা অর্থাৎ যাহার মাথায় অল্প কেশ থাকায় মাথা প্রায় কেশশূন্য।

(৩) ওঠ=ওষ্ঠ।

(৪) অপরের গৃহেই রমণীগণের স্বভাব নষ্ট হওয়ার সম্ভাবনা।

(৫) পুনরায় বাহিরে যাইবার অভিপ্রায়ে তোলা জল ফেলিয়া দিয়া জল আনিবার ছলে বহির্গত হয়।

(৬) ওড়ন=উত্তরীয় বসন।

(৭) কাড়ে=বলপূর্ব্বক গ্রহণ করে।

(৮) সানে—ইঙ্গিতে কথা বলে।

(৯) ছেলেপিলে।

(১০) পুকুর নিকটে, তথাপি জল আনিতে দূরে যায়।

পরপুরুষকে আড় চক্ষে চাহি।
পরসম্ভাষে বাটে রহি॥
এ নারী ঘরে না থুই।
রাণ্ডী হইয়া ভোগরাই (১)॥
হাসিয়া চাহে আড় দৃষ্টি।
বলে ডাক সেই নষ্টী॥
যথা বাড়ী বাটে বাট।
যুবতী হইয়ে যায় হাট॥

*   *   *   *

*   *   *   *

বরিষাতে বিনি ছাতাতে যায়।
পানী দেখিয়া তরাসে ধায়॥
সিয়া পাতে (২) খায় দুধ।
বলে ডাক সে বড় অবুধ (৩)॥
যে নারী কাটন নাহি কাটে।
রাতি পোহাইলে
পোপানকে সাটে (৪)॥
কিছু বলিতে যায় রোষে।
ডাক বলে পুরুষ দোষে॥

*   *   *   *

*   *   *   *

নৌকা থাকিতে যে সান্তরে।
বলে ডাক মো কি সাধবু তারে॥
মিছা কাজে গাছে চড়ন।
তাহার মরণ যখন তখন॥

যে পরের ঋণে লাগা হয়।
ব্রাহ্মণ হইয়া শূদ্রাণীর খায়॥

*   *   *   *

বলে ডাক তার বিনাশ॥
বেশ্যা হইয়া লাজউলী (৫)।
মুখ পোড়াহ তার আগুন জ্বালি॥
চোর গাই বাঁঝি (৬) ছাগলী।
ঘরে আছে দুষ্টা মেহলী (৭)॥
খল পড়শী পো মুরুখ।
বলে ডাক এ বড় দুঃখ॥
বিনি চুণে গুয়া খায়।
ভাত হৈলে রোষ করিয়া যায়॥
ঘাট এড়িয়া অঘাটে নায়।
মাগ মরলে শ্বশুর বাড়ী যায়॥
সে কান্দিয়া রাত্রি পোহায়।

*   *   *   *

এ চারিজন মৈলে নাহিক দোষ॥
ঈশ্বরের (৮) স্ত্রী সনে করে পরিহাস।
গাভুর বয়সে যাতে কাশ॥ (৯)
গুরুজনকে করে উপহাস।
বলে ডাক তার নাই জীবনের আশ॥
না থুইব (১০) যে গুরু মারে।
না থুইব যে স্ত্রী জার করে॥
পরের বাড়ীতে যাহার বাড়ীয়ালী।
দুই স্ত্রীয়ে যথা কন্দলী॥

---

(১) ভোগী। (২) ছেঁড়া পাতে।
(৩) অবোধ।
(৪) পোপানকে = পোলাপানকে = সন্তানদিগকে। সাটে = শাসন করে।
(৫) লজ্জাবতী। (৬) বন্ধ্যা।
(৭) মহিলা। (৮) ঈশ্বর = গুরু।
(৯) গাভুর = যৌবন। যৌবন সময়ে যাহার কাশের ব্যারাম হয়।
(১০) থুইব = রাখিব।

চোর সেবক চোরা গাই। বুড়া গরু বস্ত্র পুরাণ।
খল পরণী দুষ্ট ভাই॥ চোর গাই গান্ধিচুষা-ধান (২)॥
দুষ্টা নারী পুত্র জুয়ার (১)। যে বিচে (৩) সেই সিয়ান।
বলে ডাক পরিহাস সার॥ ইহা বিচিতে না পুছিব আনি॥ (৪)

খনার বচন।

বৌদ্ধযুগ—খনা—খৃঃ ৮ম-১২শ শতাব্দী।

ডাকের ন্যায় খনার সম্বন্ধেও অনেক প্রবাদ প্রচলিত আছে। সেই সকল প্রবাদ বিশ্বাসযোগ্য বলিয়া মনে হয় না। খনা মিহিরের স্ত্রী ছিলেন বলিয়া উক্ত আছে। যখন শাক-দ্বীপি-ব্রাহ্মণগণের এক শাখার উপাধিই মিহির ছিল, তখন ঐ উপাধিবিশিষ্ট ব্যক্তি পাইলেই প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ বরাহমিহিরের সঙ্গে তাঁহাকে সংশ্লিষ্ট করা যুক্তিযুক্ত নহে। খনা-সংক্রান্ত উপাখ্যানসমূহ হইতে আমরা এই কয়েকটি তত্ত্ব পাইতেছি:—খনার পিতার নাম অটনাচার্য্য ছিল;—এ সম্বন্ধে খনার নিজেরই বচন আছে—

"আমি অটনাচার্য্যের বেটি।
গণতে গাঁথতে কারে বা আঁটি (৫)॥

খনার জন্মস্থান রাক্ষস-দেশ বলিয়া কথিত আছে। রাজ-তরঙ্গিণীতে "বঙ্গ-রাক্ষসৈঃ" পদ দ্বারা প্রমাণিত হয়, বঙ্গদেশেরই এক সময়ে সেই প্রসিদ্ধি ছিল। খনার বচন বঙ্গভাষায় প্রাপ্ত হওয়ায় খনার মাতৃ-ভাষা যে বঙ্গভাষা ছিল, তৎসম্বন্ধে আপত্তির কারণ দেখা যায় না। তাঁহার

---

(১) যে জুয়া খেলে।
(২) গান্ধিপোকায় যে ধানকে চুষিয়া সার-শূন্য করিয়া ফেলে।
(৩) বিচে=বেচে=বিক্রয় করে।
(৪) ইহা বিক্রয় করিতে কাহাকেও জিজ্ঞাসা করিবার প্রয়োজন নাই, অর্থাৎ যত শীঘ্র বিক্রয় হয় ততই মঙ্গল।
(৫) আঁটি=ভয় করি।

জন্মস্থান বঙ্গের যে কোন পল্লীতেই থাকুক না কেন, তিনি ও তাঁহার স্বামী মিহির যে এক সময়ে চন্দ্রকেতু রাজার আশ্রয়ে চন্দ্রপুর নামক স্থানে বহুদিন বাস করিয়াছিলেন, তৎসম্বন্ধে সন্দেহের বিশেষ কারণ নাই। এই চন্দ্রপুর গ্রাম এখন বিলুপ্ত-সংজ্ঞ হইয়া বৃহৎ ভগ্নাবশেষে পরিণত। বারাশত হইতে ৭ ক্রোশ পূর্ব্বে দেউলি নামক পল্লী বিদ্যমান আছে। এই গ্রাম রাজা চন্দ্রকেতুর গড়ের মধ্যেই অবস্থিত। এই স্থানে বহুদূর ব্যাপিয়া রাজা চন্দ্রকেতুর জাঙ্গাল দৃষ্ট হয়;—ইহাই পূর্ব্বে চন্দ্রপুর নামে অভিহিত ছিল। রাজ-নিকেতনের ভগ্নাবশেষ হইতে পশ্চিমে একটু দূরে ৩০।৩৫ হাত উচ্চ একটা মৃত্তিকা-স্তূপ দৃষ্ট হয়। এই স্থানে মিহির ও খনার আবাস-বাটী ছিল বলিয়া এতদ্দেশীয় সকলের ধারণা। খনা ও মিহির সম্বন্ধে নানারূপ উপাখ্যান ও প্রবাদ এই অঞ্চলে প্রচলিত আছে। চন্দ্রকেতুর গড়ে প্রাপ্ত তাম্রনির্ম্মিত বলয়ের দুই খণ্ড সম্প্রতি সাহিত্য-পরিষৎ-মন্দিরে রক্ষিত হইয়াছে। [সাহিত্য-পরিষৎ-পত্রিকা—১৩১৮ সন—১৪ পৃঃ দ্রষ্টব্য] ডাক ও খনার বচনে কৃষকদিগের সম্বন্ধে উপদেশই অধিক। বঙ্গীয় কৃষকদিগের এইগুলিই প্রাচীনতম ছড়া এবং ইহা তাহাদের নিজস্ব। আমরা উহাদিগকে সামসময়িক ও ৮০০—১২০০ খৃষ্টাব্দের মধ্যে রচিত বলিয়া অনুমান করিয়াছি (১)। কিন্তু আদি-যুগের ভাষার চিহ্ন এই সকল প্রবচনে বিদ্যমান থাকা সত্ত্বেও মোটের উপরে যে ইহাদের ভাষা অনেকাংশে পরিবর্ত্তিত হইয়াছে, তাহাও আমরা পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। প্রাচীন রচনার চিহ্ন যে এই সব বচনে এখনও আছে, তাহার উদাহরণস্বরূপ নিম্নে দুটি অংশ উদ্ধৃত করিলাম।

[১]

"আষাঢ়ে কাড়ান নামকে।
শ্রাবণে কাড়ান ধান্‌কে॥
ভাদরে কাড়ান শীষকে।
আশ্বিন কাড়ান কিস্‌কে॥"

[২]

"আঘণে পৌটি।
পৌষে ছেউটি॥
মাঘে নাড়া।
ফাল্গুনে কাঁড়া॥"

এই ভাষা যে কতকটা দুর্ব্বোধ, তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে।

---

(১) বঙ্গভাষা ও সাহিত্য, ৩য় সং, ৭৮—৮১ পৃঃ।

লগ্ন-নির্ণয়।

কি শ্বশুর মনে গণ।
লগ্ন-মান কর তুনো॥
দণ্ডে পল পলে বিপল।
চাইয়া দেখ লগ্ন সকল॥

চন্দ্রগ্রহণ।

যে যে মাসের যে যে রাশি।
তার সপ্তমে থাকে শশী॥
সেই দিন যদি হয় পৌর্ণ-মাসী।
অবশ্য রাহু গ্রাসে শশী॥

পীড়ার পরিণাম-বিচার।

আসিয়া দূত দাঁড়ায় কোণে।
কথা কহে ঊর্দ্ধ নয়নে॥
শিরে পৃষ্ঠে বুকে হাত।
সেই দূতে পুছে বাত॥
কুটা ছিঁড়ে করে খাই।
খনা বলে ফুরাল আই॥ (১)

অশুভ বার্ত্তা যে জন ভণে।
তাহার মুখে যে জন শুনে॥
তিথি বার করে এক।
সাতে হরে পরমায়ু দেখ॥
এক তিন থাকে বাণ।
যম-ঘর হৈতে টেনে আন॥
দুই চারি থাকে ছয়।
অবশ্য তার মৃত্যু হয়॥

যাত্রা।

দ্বাদশ আঙ্গুল করি কাঠি।
সূর্য্য-মণ্ডলে দিয়া দিঠি॥
রবির চৌদ্দ সোমের ষোল।
পঞ্চদশ মঙ্গলের ভাল॥
বুধ সতের গুরু আঠার।
শুক্র শনি বারো বারো॥
এ যাত্রায় যে জন যায়।
সংবৎসরের ফল
এক দিনে পায়॥ (২)
হাঁচি জেঠি পড়ে যার।
শত গুণে লভ্য হয় তার॥ (৩)

উত্তরে হস্তা দক্ষিণে শ্রবণা।
পূর্ব্বে অশ্বিনী না কর গমনা॥
পশ্চিমে যাইতে রোহিণী রোষে। (৪)
হরি হর ব্রহ্মা বাহুড়ে না আইসে॥ (৫)

---

(১) যদি সংবাদদাতা হস্তে কুটা ছিঁড়িয়া তাহা চর্ব্বণ করিতে করিতে প্রশ্ন করে, তবে রোগীর আয়ু ফুরাইয়াছে বুঝিতে হইবে।

(২) বার অঙ্গুলী পরিমাণ কঞ্চী বা সরু বাখাড়ী রৌদ্রের সময় দাঁড় করিয়া ধরিলে তাহার ছায়ার পরিমাণ যত অঙ্গুলী হইবে, তদনুসারে শুভযাত্রা বিচার্য্য। ঐ ছায়ার পরিমাণ যখন রবিবারে চৌদ্দ অঙ্গুলী, সোমবারে ষোল আঙ্গুলী, মঙ্গলবারে পনেরো অঙ্গুলী ইত্যাদি হইবে, তখন যাত্রা শুভ বলিয়া জানিবে।

(৩) যাত্রাকালে সাধারণতঃ হাঁচিতে বা টিকটিকীর শব্দে যাত্রা অসিদ্ধ হয়; কিন্তু পূর্ব্বোক্তরূপে শুভ-যাত্রা স্থিরীকৃত হইলে ঐ সমস্ত অশুভ লক্ষণ বিশেষ লাভজনক হইয়া দাঁড়ায়।

(৪) রোহিণী নক্ষত্রে পশ্চিমে যাত্রা নিষিদ্ধ।

(৫) বাহুড়ে=ফিরিয়া। হরি, হর বা ব্রহ্মার ন্যায় প্রতাপশালী হইলেও ফিরিয়া আসে না, অর্থাৎ মৃত্যু নিশ্চিত।

ভরা হইতে শূন্য ভাল যদি ভরতে যায়।
আগে হইতে পাছে ভাল যদি ডাকে মায়॥
মরা হইতে তাজা ভাল যদি মরতে যায়।
বামে হইতে ডাইনে ভাল যদি ফিরে চায়॥
হাসা হইতে কাঁদা ভাল যদি কাঁদে বায় (১)॥

সন্তান-নির্ণয়।

যয় মাসের গর্ভ নারীর
নাম য অক্ষর।
যয় জন শুনে পক্ষ দিয়ে এক কর॥
সাতে হরি চন্দ্র নেত্র বাণ যদি রয়।
এতে পুত্র পরে কন্যা
জানিহ নিশ্চয়॥
হরিতে সকল অঙ্ক যদি রহে সাত।
বরাহমিহিরে (২) বলে
হয় গর্ভপাত॥ (৩)

জন্মলগ্নের শুভাশুভ।

সূর্য্য কুজে রাহু মিলে।
গাছের দড়ি বন্ধন গলে॥ (৪)
যদি রাখে ত্রিদশ-নাথ।
তবু সে খায় নীচের ভাত॥ (৫)

লাভালাভ।

খাটে খাটায় লাভের গাঁতি।
তার অর্দ্ধেক কাঁধে ছাতি॥
ঘরে বসে পুছে বাত।
তার ভাগ্যে হা ভাত॥ (৬)

---

(১) বামে।

(২) খনার বচনের পুস্তকে আমরা বরাহমিহিরের ভণিতাযুক্ত কতকগুলি পদ পাইয়াছি; এটি তাহাদের অন্যতম। বরাহমিহিরের ন্যায় রাবণের ভণিতাযুক্ত প্রবচনও পাওয়া গিয়াছে। এই সকল ভণিতা যে প্রক্ষিপ্ত, তাহাতে সন্দেহ নাই। এমনও হইতে পারে যে, কেহ বরাহমিহিরের সংস্কৃত প্রবচন অনুবাদ করিয়া খনার বচনের মধ্যে সন্নিবিষ্ট করিয়াছেন।

(৩) গর্ভমাসের অক্ষরের সংখ্যা, গর্ভিণীর নামের অক্ষরের সংখ্যা এবং প্রশ্নোত্তরকারীর নামের অক্ষর-সংখ্যার সহিত পনেরো যোগ করিয়া মোট যত সংখ্যা হইবে, তাহা সাত দিয়া হরণ করিলে, যদি অযুগ্ম সংখ্যা অবশিষ্ট থাকে, তবে পুত্র এবং যদি যুগ্ম সংখ্যা অবশিষ্ট থাকে, তাহা হইলে কন্যা হয়; কিন্তু যদি অবশিষ্ট কিছুই না থাকে, তবে গর্ভপাত হয়।

(৪) জন্ম-লগ্নে শনি, মঙ্গল ও রাহু মিলিত হইলে সেই সন্তান বৃক্ষ-শাখায় গলায় দড়ি দিয়া মরিবে।

(৫) যদি তাহাকে ইন্দ্রও রক্ষা করেন, তথাপি ইতরজাতির অন্ন ভোজন হইতে কেহ তাহাকে রক্ষা করিতে পারিবে না।

(৬) যে নিজে খাটে এবং লোকজনকে খাটায়, তাহার পূর্ণ লাভ; যে অপরকে খাটায়, কিন্তু নিজে না খাটিয়া শুধু ছাতি মাথায় দিয়া কর্ম্ম পরিদর্শন করে, তাহার অর্দ্ধেক লাভ; কিন্তু যে ব্যক্তি নিজে মোটেই খাটে না, শুধু ঘরে বসিয়া সংবাদ জিজ্ঞাসা করে, তাহার ভাগ্যে অন্ন নাই।

কৃষি-তত্ত্ব।

খনা ডেকে বলে যান।
রোদে ধান ছায়ায় পাণ ॥ (১)

দাতার নারিকেল বখিলের বাঁশ।
কমে না বাড়ে না বার মাস॥ (২)

দিনে রোদ রাতে জল।
তাতে বাড়ে ধানের বল ॥
কাতিকের উন জলে।
খনা বলে দুন ফলে ॥ (৩)

শুন বাপু চাষার বেটা।
বাঁশের ঝাড়ে দিও
ধানের চিটা (৪) ॥
চিটা দিলে বাঁশের গোড়ে।
দুই কুড়া(৫) ভুঁই বেড়বে ঝাড়ে ॥

শুনরে বাপু চাষার বেটা।
মাটীর মধ্যে বেলে যেটা ॥
তাতে যদি বুনিস পটল।
তাতেই তোর আশার সফল ॥

খনা বলে শুন শুন।
শরতের শেষে মূলা বুন ॥

যদি না হয় অগ্রাণে বৃষ্টি।
তবে না হয় কাঁঠালের সৃষ্টি ॥

আগে বেঁধে দিবে আলি।
তাতে রুইয়ে
দিবে শালি ॥ (৬)
তাতে যদি না হয় শালি।
খনা বলে পাড় গালি ॥

বৃষ্টি-ফল।

যদি বরে (৭) আগনে।
রাজা যান মাগনে ॥
যদি বরে পৌষে।
কড়ি হয় তুষে ॥
যদি বরে মাঘের শেষ।
ধন্য রাজা পুণ্য দেশ ॥
যদি বরে ফাগুনে।
চিনা কাউন দ্বিগুণে ॥

---

(১) রৌদ্রে ধান এবং ছায়ায় পাণ বেশী হয়।

(২) দাতার নারিকেল কমে না, অর্থাৎ একটি নারিকেল পাড়িলে তৎস্থলে আর একটি হয়। বখিলের (কৃপণের) বাঁশ বাড়ে না; কারণ, বাঁশ যতই কাটা যায় ততই বৃদ্ধি পায়।

(৩) কার্ত্তিক মাসে অল্প বৃষ্টি হইলে দ্বিগুণ ফসল হয়।

(৪) চাউলহীন ধান। (৫) কাঠা বা কাণী।

(৬) পূর্ব্বে আইল বাঁধিয়া তৎপরে শালিধান্য রোপণ করিলে ভাল হয়।

(৭) বরে—বর্ষে = বর্ষণ করে।

খনা বরাহেরে বলে
কোন্ লগ্ন দেখ।
লগ্নের সপ্তম ঘরে
কোন্ গ্রহ দেখ ॥ (১)
আছে শনি সপ্তম ঘরে।
অবশ্য তারে খোঁড়া করে ॥
রবি থাকিলে ভ্রমায় ভূখণ্ড।
চন্দ্র থাকে ধরে নবদণ্ড ॥
মঙ্গল থাকে করে খণ্ড খণ্ড।
অস্ত্রাঘাতে যায় তার মুণ্ড ॥
বুধ থাকে বিষয় করায়।
গুরু শুক্র থাকে
বহু ধন পায় ॥ (২)
লগ্নে আকা (৩) লগ্নে বাঁকা (৪)।
লগ্নে থাকে ভানুতনুজা (৫) ॥
লগ্নের সপ্তমে অষ্টমে থাকে পাপ।
মারে জননী পীড়ে বাপ ॥

পরমায়ু।

কিসের তিথি কিসের বার।
জন্ম-নক্ষত্র কর সার ॥
কি কর শ্বশুর মতিহীন।
পলকে আয়ু বার দিন ॥ (৬)
নরা গজা বিশে শয়।
তার অর্দ্ধ বাঁচে হয় ॥
বাইশ বলদা তের ছাগলা।
তার অর্দ্ধ বরা পাগলা ॥ (৭)

---

(১) এই রকম বহু পদ আছে। তদ্দ্বারা খনার শ্বশুর যে বরাহ-মিহিরই ছিলেন, তাহা কল্পিত হইতে পারে। কিন্তু আমরা পূর্ব্বেই বলিয়াছি, এই সকল উক্তি সম্ভবতঃ পরবর্ত্তী কালে প্রবচনগুলির মধ্যে প্রক্ষিপ্ত হইয়াছে। বিশেষতঃ বঙ্গীয় প্রবাদ অনুসারে মিহির এবং বরাহকে দুই পৃথক্ ব্যক্তিরূপে কল্পনা করা হইয়াছে;—তাহার একজন পিতা এবং অপর জন পুত্র। কিন্তু সুপ্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ বরাহমিহির একই ব্যক্তি ছিলেন। বরাহমিহিরের সঙ্গে বঙ্গদেশের কোনরূপ সংস্রব ছিল কি না, তাহা আলোচনীয়। যখন নানা প্রকার জনশ্রুতি ও প্রবাদে বঙ্গদেশের সঙ্গে তাঁহার সম্বন্ধ সূচিত হইতেছে, তখন মূলে কোন ঐতিহাসিক সত্য থাকিলেও থাকিতে পারে।

(২) জন্ম-রাশি হইতে সপ্তমে শনি থাকিলে খোঁড়া, রবি থাকিলে ভ্রমণ, মঙ্গলে অস্ত্রাঘাত, বুধে বিষয়, শুক্রে বহু ধন।

(৩) আকা = অর্ক = রবি। (৪) রাহু। (৫) ভানুতনুজ = শনি।

(৬) জন্ম-নক্ষত্রের পরিমাণ যত হইবে, তাহার প্রতি পলে ১২ দিন আয়ু।

(৭) নরা = নর; গজা = গজ; (ইহাদের বয়স) বিশে = বিশ সংখ্যার সহিত; শয় এক শ; অর্থাৎ মনুষ্য ও হস্তী সাধারণতঃ ১২০ বৎসর বাঁচিয়া থাকে। হয়ের অর্থাৎ অশ্বের আয়ু উহার অর্দ্ধেক, সুতরাং ৬০ বৎসর। বলদের আয়ু ২২ বৎসর, ছাগলের আয়ু ১৩ বৎসর এবং বরাহের আয়ু ৬॥০ বৎসর।

রামাই পণ্ডিতের শূন্য-পুরাণ।

বৌদ্ধযুগ—রামাই পণ্ডিত—খৃঃ ১০ম-১১শ শতাব্দী।

রামাই পণ্ডিত দ্বিতীয় ধর্ম্মপালের রাজত্বকালে খৃষ্টীয় দশম শতাব্দীর শেষ ভাগে জন্ম-গ্রহণ করেন (১)। বাঙ্গালা-দেশে রাঢ় অঞ্চলে দ্বারকা নামক স্থানে ইঁহার পিতৃ-নিবাস, এবং উক্ত প্রদেশে চাঁপালতা ও ময়নাপুরের মধ্যে অবস্থিত হাকন্দ নামক স্থানে ইনি মোক্ষ লাভ করেন। ইঁহার পিতার নাম বিশ্বনাথ। ৮০ বৎসর বয়সে শুধু ধর্ম্ম-পূজা প্রচলনের অভিপ্রায়ে রামাই পণ্ডিত কেশবতী-নাম্নী রমণীকে বিবাহ করেন। ইঁহাদের পুত্রের নাম ধর্ম্মদাস (২)। রামাই পণ্ডিত বঙ্গীয় ধর্ম্ম-পূজার প্রধান পুরোহিত; প্রায় সকলগুলি ধর্ম্মমঙ্গল-কাব্যেই গ্রন্থকারগণ অতি শ্রদ্ধার সহিত ইঁহার উল্লেখ করিয়াছেন। সাহিত্য-পরিষৎ হইতে শূন্য-পুরাণ মুদ্রিত হইয়াছে। কিন্তু রামাই পণ্ডিতের পদ্ধতি এখনও মুদ্রিত হয় নাই। আমরা উভয় পুস্তকেরই কতকাংশ উদ্ধৃত করিলাম। রামাই পণ্ডিত যে ধর্ম্ম-পূজার প্রচলন করেন, তাহা মহাযান-মতাবলম্বী বৌদ্ধ ধর্ম্মের বিকৃত রূপ। ঐতিহাসিকগণের মতে বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘ, এই ত্রিরত্নের অন্তর্গত ধর্ম্মই কালে ধর্ম্ম-ঠাকুররূপে পরিণত হইয়াছেন। রামাই পণ্ডিতের রচনার কতকগুলি অংশ অতি প্রাচীন বাঙ্গালায় রচিত; তাহার অনেকাংশ দুর্ব্বোধ। অপেক্ষাকৃত প্রাঞ্জল অংশগুলি সম্ভবতঃ পুথি-নকলকারগণ-কর্ত্তৃক সহজ ভাষায় পরিণত হইয়াছে।

ছিষ্টি-পত্তন।

নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন (৩)।
রবি শশী নহি ছিল নহি রাতি দিন॥
নহি ছিল জল থল নহি ছিল আকাশ।
মেরু মন্দার ন ছিল ন ছিল কৈলাস॥

---

(১) দ্বিতীয় ধর্ম্মপালের শ্যালিকা রঞ্জাবতী রামাই পণ্ডিতের নিকট ধর্ম্মপূজা-সম্বন্ধে উপদেশ প্রাপ্ত হন,—বঙ্গীয় সমস্ত ধর্ম্মমঙ্গল-কাব্যে ইঁহার উল্লেখ আছে।

(২) বঙ্গভাষা ও সাহিত্য, ৩য় সংস্করণ, ৬২—৬৭ পৃঃ, ও সাহিত্য-পরিষৎ হইতে মুদ্রিত শূন্য-পুরাণের ভূমিকা দ্রষ্টব্য। (৩) বর্ণ ও চিহ্ন।

নহি ছিল ছিষ্টি (১) আর ন ছিল চলাচল (২)।
দেহারা দেউল নহি পরবত সকল॥ (৩)
দেবতা দেহারা না ছিল পুজিবার দেহ।
মহাশূন্য (৪) মধ্যে পরভুর (৫) আর আছে কেহ॥
রিষি যে তপসী নহি নহিক বাম্ভন (৬)।
পাহাড় পর্ব্বত নহি নহিক থাবর জঙ্গম॥
পুণ্য থল (৭) নহি ছিল নহি গঙ্গাজল।
সাগর সঙ্গম নহি দেবতা সকল॥
নহি ছিল ছিষ্টি আর নহি সুর নর।
বম্ভা বিষ্ণু ন ছিল ন ছিল মহেশ্বর॥
বারবরত নহি ছিল রিষি যে তপসী। (৮)
তীথ থল (৯) নহি ছিল গঙ্গা বারাণসী॥
পৈরাগ মাধব নহি কি করিবু বিচার।
সরগ মরত নহি ছিল সভি ধুন্ধুকার॥ (১০)
দশ দিকপাল নহি মেঘ তারাগণ।
আউ (১১) মিত্তু নহি ছিল যমের তাড়ন॥

* * * * * * * *

শ্রীধর্ম্ম চরণারবিন্দে করিয়া পণতি।
শ্রীযুত রামাই কঅ শুনরে ভারতী॥

উদ্ধৃত অংশের বর্ণবিন্যাস কতকটা প্রাকৃত ব্যাকরণের অনুযায়ী; কিন্তু ভাষা তাদৃশ পুরাতন বলিয়া মনে হয় না; পয়ার ছন্দ বেশ শুদ্ধরূপে বিরচিত, এজন্য মনে হয় এই রচনার উপর নকল-নবিসগণ বিশেষরূপে হস্তক্ষেপ করিয়াছেন। কিন্তু অতঃপর যে সকল অংশ উদ্ধৃত হইবে,

---

(১) সৃষ্টি। (২) চরাচর।

(৩) দ্বার, দেবালয় এবং পর্ব্বত সকল ছিল না। (দেহারা 'দ্বার' শব্দের এবং দেউল 'দেবালয়' শব্দের অপভ্রংশ)।

(৪) এই শূন্যবাদ মাধ্যমিক মহাযানানুযায়ী।

(৫) প্রভুর। (৬) ব্রাহ্মণ।

(৭) পুণ্য থল = পুণ্যস্থল = তীর্থস্থান।

(৮) ব্রহ্মা, বিষ্ণু, শিব, বার-ব্রত, তপস্বী এবং ঋষি কেহই ছিল না।

(৯) তীর্থ স্থান।

(১০) স্বর্গ ও মর্ত্ত্য ছিল না, সুতরাং সমস্তই ধূম্রাকার অর্থাৎ শূন্যময় ছিল। (১১) আউ = আয়ু।

তাহাদের ভাষা বিশেষ পরিবর্ত্তিত হইয়াছে বলিয়া মনে হয় না—ঐ অংশগুলি সাধারণতঃ দুর্ব্বোধ, আমরা ইহাদের সকল স্থানের অর্থ বিচার করিতে সাহসী নহি, ঐতিহাসিক তত্ত্ব-সম্বন্ধীয় কিছু কিছু মন্তব্য পাদ-টীকায় দিয়া যাইব।

চনা পাবন।

দুআরিরে ভাই ধর গিআ তুহ্মার দণ্ডর নন্দন।
পচ্চিম দুআরে দানপতি যাঅ।
সোণার জাঙ্গালে (১) পথ বাঅ॥
সহিতের দানপতি লেগেছে দুআরে।
বসুআ (২) আপুনি আইল সেইত বরণর (৩) চনা।
শেতাই পণ্ডিত (৪) চারিশঅ গতি।
চন্দ্র কোটাল (৫) নাহি ভাঙ্গ এ চনার বিবেচনা।

---

(১) জাঙ্গালে=গড়ে। (২) বসুয়া=বাসুকী।
(৩) সেইত বরণর=শ্বেত বর্ণের। (৪) শ্বেত পণ্ডিত।
(৫) চন্দ্রকোটাল বা চন্দ্রসেনা বৌদ্ধ-মঠের দ্বাররক্ষকস্বরূপ কল্পিত। এই চন্দ্রকোটাল সম্বন্ধে আমরা অনেক প্রাচীন ছড়া শুনিয়াছি। উড়িষ্যায় অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তর-চৈত্য চন্দ্রসেনার নামে পরিচিত। (ময়ূরভঞ্জ সার্‌ভে রিপোর্ট্, প্রথম ভাগ, ৪১, ৪২, ৪৩ পৃঃ।) বৌদ্ধ পণ্ডিত প্রসিদ্ধ চন্দ্রগোবিই শেষে জনসাধারণের মধ্যে চন্দ্রসেনা দেবতা হইয়া দাঁড়াইয়াছিলেন কিনা বিবেচ্য (ইণ্ডিয়ান্ লজিক্, মিডিয়াভাল্ স্কুল, পৃঃ ১২১—১২৩)।

Dr. Burgess সম্প্রতি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে চন্দ্রসেনার চৈত্য সম্বন্ধে যে পত্র লিখিয়াছেন, তাহার কতকাংশ নিম্নে উদ্ধৃত হইল। তাঁহার মতে চন্দ্রসেনা দিগম্বর জৈন তীর্থঙ্কর।—"Allow me to call your attention to No. 51 and 53 which you consider to be Buddhist Chaitaya. Now such sculptures are common in Jaina temples in Rajputana and elsewhere, and are known as 'Soma Sena' or 'Somavasarnas' and have figures seated or standing of *thirthankars* on four sides. These they name as Rashavananda, Chandrananda, Varikena and Vardhamana but sometimes varied and on the base of one of the Thirthankars is the moon—the symbol of the Jaina Chandra Prabha or Chandrananda. I conclude then that this is a Digambara Jaina Samavasarana and not a Chaitya." জৈন ও বৌদ্ধ দেব-দেবীগণ শেষ সময়ে এরূপ ভাবে মিশিয়া গিয়াছিলেন যে, এক সময়ে যে মূর্ত্তি জৈন-তীর্থঙ্কর-রূপে পূজিত ছিলেন, তাহা কালে বৌদ্ধ দেবতা কি বৌদ্ধ চৈত্যে পরিণত হওয়া বিচিত্র নহে।

দুআরিরে (১) ভাই ধর গিআ তুঙ্কার দণ্ডর নন্দন।
লঙ্কার দুআরে দানপতি যাঅ।
রূপার জাঙ্গালে পথ বাঅ॥
সহিতের দানপতি লেগেছে দুআরে।
চরিত্রা আপুনি নিল নীল বরণ চনা।
নীলাই পণ্ডিত আটশএ গতি।
হনুমন্ত কোটাল নাহি ভাঙ্গএ চনার ...

দুআরিরে ভাই ধর [illegible] নন্দন।
উদঅ (২) দুআরে দান[illegible]অ।
[illegible]র জাঙ্গালে পথ বাঅ॥
সহিতের দানপতি লেগেছে দুআরে।
গঙ্গা আপুনি লইল কাল বরণ চনা।
কংসাই পণ্ডিতর বারশএ গতি।
সুরয কোটাল নাহি ভাঙ্গএ চনার বিবেচনা।

---

(১) পশ্চিম দ্বারে শ্বেতাই পণ্ডিত, লঙ্কার দ্বারে (দক্ষিণ দ্বারে) নীল পণ্ডিত, প্রভৃতি ভাবে আমরা প্রতি দ্বারে সশিষ্য এক একটি প্রসিদ্ধ পণ্ডিত পাইতেছি।

বৌদ্ধ সঙ্ঘারামের প্রতি দ্বারে এক একটী মহাপণ্ডিত শিষ্যপরিবৃত হইয়া বিরাজ করিতেন। "দ্বার-পণ্ডিত" কথাটী সম্ভবতঃ এই উপলক্ষে সৃষ্ট হইয়াছে। বিক্রমশিলার সঙ্ঘারামে ছয়টী দ্বার ছয়টী পণ্ডিত কর্ত্তৃক রক্ষিত হইত।—"The most erudite sages were appointed to guard the gates of the University. These were six in number, each of which had to be guarded by scholars designated 'gate-keepers'. During the reign of Chanaka (955-983 A. D.) the under-mentioned eminent logicians acted as gate-keepers :—

I. At the Eastern gate—Acharya Ratnakara Santi.
II. At the Western gate—Vagicwara Kirti.
III. At the Northern gate—Naropa.
IV. At the Southern gate—Prajna Karama.
V. At the First Central gate—Ratna Vagan.
VI. At the Second Central gate—Sarana Sri Metra."

—M. Indian Log.,—P. 151.

(২) পূর্ব্ব।

ডুআরিরে ভাই ধর গিআ তুহ্মার দণ্ডর নন্দন।
গাজন (১) ডুআরে দানপতি যাঅ।
তাম্বর জাঙ্গালে পথ বাঅ॥
সহিতের দানপতি লেগেছে ডুআরে।
দুর্গা আপুনি নিল তাম্বর বরণ চর্না।
রামাই পণ্ডিত যোলশএ গতি।
গরুড় কোটাল নাহি ভাঙ্গে এ চনার বিবেচনা।

ধর্ম্ম-স্থান।

আইদ ভূপতি নিমার দেহারা ধর্ম্ম যথা আইদ আদি স্থান।
নবখণ্ড(২) পৃথিবী ঠেকেছে মেদিনী ধর্ম্মদেবতা(৩) সিংহলে বহুত সম্বান॥
চানক দিল মাণিক ভাণ্ডার পুকুর আড়র উপর।
চিত্রগড়র কামিনা বিশান্তর॥
চিরিআ বাঅতি পার্থ (৪) পাষাণ চিরিআ।
কন বলিএ ধরিলা সুতর ধার (৫)।
উত্তর দখিণ পচ্চিম ভাণ্ডার ঘর।
পুরবে রাখিল দুয়র তিন খানি।
ঘর হইল চাল হইল কামিনা রাখিল পাছভর।
আড়ার মাইজ খানে (৬) দপ্পন (৭) শোভা করে।
বিচিত্র ভাণ্ডার ঘর ভাণ্ডার পানের স্তম্ব লাগে চন্দনর (৮) নাদন।
সাড়কে লাগিল জান।
এহিনা ভাণ্ডার ঘরে দপ্পন শোভা করে
বেরাল পাটর বাছান॥

---

(১) চৈত্র মাসে আচণ্ডাল সকল জাতিই (প্রধানতঃ নিম্নশ্রেণীর লোক) শিবের প্রীতি-কামনায় সাময়িক সন্ন্যাস গ্রহণ করিয়া যে একটী উৎসব করে তাহাকে 'গাজন' বলে।

(২) জম্বু-দ্বীপ—ভারতবর্ষ, ইলাবৃৎবর্ষ প্রভৃতি রূপে নব বর্ষে বিভক্ত থাকার কথা পৌরাণিক ইতিবৃত্তে পাওয়া যায়, বোধ করি সেই জম্বু-দ্বীপকেই পৃথিবী ধরিয়া 'নবখণ্ড' বলা হইয়াছে।

(৩) ধর্ম্মঠাকুর (বুদ্ধদেব) সিংহলে বিশেষ সম্মানিত।

(৪) বাইতি জাতীয় পার্থ নামক শিল্পী।

(৫) সুত্রের ধার অর্থাৎ কোণ ধারণ করিল। সুত্রধর=ছুতোর।

(৬) মাইজ খানে=মধ্যস্থানে। (৭) দর্পণ।

(৮) চন্দন-কাষ্ঠের স্তম্ভ।

তালর কাঁড়ি লাগে গুয়ার বাঁখারি
ছিটনি তথির (১) উপর
বেরাল পাটার গোটী শোভা করে লাগিব সে থরে থর ॥
মউরর ছাইল ভাণ্ডর ঘর।
বেরাল পাটর লাগে পাটে।
পিড়াঅ (২) শোভা করে সোণার কলস।
তথি উড়ে নেতর স্তুতি।
সোণার কলস দিল নেতর পতাকা দিল যে তুলিয়া। (৩)
টুই মুড়িআ নামএ এল বিশাম্ভর।
ধর্ম্ম চরণগুণে শ্রীযুক্ত রামাই ভণে
হয় কবি অনাত্থর দাস।
অর্চ্চনা করএ ভাব পূজ নিরঞ্জনে
যদি হব ভব নদী পার ॥

বার-মাসী।

অর্ঘ্য-প্রদান।

কোন্ মাসে কোন্ রাশি।
চৈত্র মাসে মীন রাশি ॥
হে কালিন্দি জল বার ভাই বার আদিত্য ॥
হাতপাতি লহ সেবকর অর্ঘ পুপ্প (৪) পানি।
সেবক হব সুখী আমনি ধামাৎ কল্লি ॥ (৫)
গুরু পণ্ডিত দেউল্যা দানপতি (৬) সাংসুর ভোক্তা আমনি।

---

(১) তাহার।

(২) পিড়াঅ—পৃষ্ঠে অর্থাৎ গৃহের উপরিভাগে।

(৩) নেতর—নেকরার। অর্থাৎ রেসমী নেকরার পতাকা সোণার কলসের উপর তুলিয়া দিল। কলিকাতার জৈন মন্দিরে ঐরূপ দেখা যায়।

(৪) পুষ্প। (৫) 'সুখী' পর্য্যন্ত বলিয়াই গাজন-সন্ন্যাসিগণ "আমনি ধামাৎ কল্লি" উচ্চারণ-পূর্ব্বক ধপ্ করিয়া পড়িয়া দণ্ডবৎ প্রণাম করে। (৬) দেউল্যা = দেবালয়ের অধিপতি। দানপতি—দাতা।

সন্ন্যাসী গতি যাইতি গাএন বাএন দুআরী দুয়ারপাল।
ভাণ্ডারী ভাণ্ডারপাল রাজদূত কোমি কোটাল পাবে সুখ মুকতি (১)।
এহি দেউলে পড়িব জয় জয় কার।
দাতা দানপতির বিঘ্ন যাব নাশ।

কোন্ মাসে কোন্ রাশি।
বৈশাখ মাসে মেষ রাশি॥
হে বসুদেব! বার ভাই বার আদিত্য।
হাত পাতি লহ সেবকর অর্ঘ পুষ্প পানী।
সেবক হব সুখী আমনি ধামাৎ কন্নি॥
গুরু পণ্ডিত দেউল্যা দানপতি সাংসুর ভোক্তা আমনি।
সন্ন্যাসী গতি যাইতি গাএন বাএন দুআরী দুআর পাল।
ভাণ্ডারী ভাণ্ডারপাল রাজদূত কমি কোটাল পাবেক সুখ মুকতি।
এহি দেউলে পড়িব জয় জয় কার।
দাতা দানপতির বিঘ্ন যাব নাশ।

কোন্ মাসে কোন্ রাশি।
বৈশাখ গেলে জ্যৈঠ মাস বৃষ রাশি॥
হে হরিহর বার ভাই বার আদিত্য।
হাত পাতি লহ সেবকর অর্ঘ পুষ্প পানী।
সেবক হব সুখী আমনি ধামাৎ কন্নি॥
গুরু পণ্ডিত দেউল্যা দানপতি সাংসুর ভোক্তা আমনি।
সন্ন্যাসী গতি যাইতি গাএন বাএন দুয়ারী দুয়ার পাল।
ভাণ্ডারী ভাণ্ডারপাল রাজদূত কোমি কোটাল পাব সুখ মুকতি।
এহি দেউলে পড়িব জয় জয় কার।
দাতা দানপতির বিঘ্ন হব নাশ। ইত্যাদি॥

---

(১) মুক্তি।

পরবর্ত্তী যোজনা।

দেবতাগণের মুসলমান-বেশ-পরিগ্রহ।

শূন্য-পুরাণের সমস্ত অংশই রামাই পণ্ডিতের রচনা নহে। মুদ্রিত পুস্তকে পরবর্ত্তী যোজনা অনেক স্থলেই দৃষ্ট হয়। নিম্নোদ্ধৃত অংশ সহদেব চক্রবর্ত্তী নামক কবি প্রায় সাড়ে তিন শত বৎসর পূর্ব্বে লিখিয়াছিলেন। ইহাতে মুসলমানগণের আক্রমণের কথা আছে। আমরা ইহা মুদ্রিত শূন্য-পুরাণের অন্তর্গত পাইয়াছি, সুতরাং তৎসঙ্গেই উদ্ধৃত করিলাম।

ব্রাহ্মণগণ-কৃত অত্যাচার।

জাজপুর পুরবাদি ষোলশঅ ঘর বেদি (১)
বেদি নয় কন্নর জুন। (২)
দখিণ্যা (৩) মাগিতে যাঅ যার ঘরে নাহি পাঅ
শাপ দিআ পুড়াঅ ভুবন॥
মালদহে মাগে কর দিলঅ কন্ন জুন।
দখিণ্যা মাগিতে যায় যার ঘরে নাঞি পায়
শাপ দিয়া পুড়াএ ভুবন॥
মালদহে লাগে কর না চিনে আপন পর
জালের নাইক দিশ পাশ।
বলিষ্ঠ হইল বড় দশ বিষ হএ জড়
সদ্ধর্ম্মীরে (৪) করএ বিনাশ॥
বেদ করে উচ্চারণ বের্যায় অগ্নি ঘনে ঘন
দেখিয়া সভাই কম্পবান।
মনেত পাইআ মম্ম (৫) সভে বোলে রাখ ধর্ম্ম (৬)
তোমা বিনা কে করে পরিত্তান॥
এই রূপে দ্বিজগণ করে সৃষ্টি সংহারণ
ই বড় হইল অবিচার।
বৈকুণ্ঠে থাকিআ ধর্ম্ম মনেত পাইআ মম্ম
মায়াতে হোইল অন্ধকার॥

---

(১) বৈদিক। (২) সকল বৈদিক নহে, কোন কোন জন। (৩) দক্ষিণা।

(৪) বৌদ্ধগণ আপনাদিগকে বৌদ্ধ বলিতেন না, তাঁহারা আপনাদিগকে 'সদ্ধর্ম্মী' বলিয়া পরিচয় দিতেন। বিনয়-পিটকে দেখা যায় বুদ্ধদেব স্বয়ং নিজের ধর্ম্মকে 'সদ্ধর্ম্ম' বলিয়া অভিহিত করিতেছেন।

(৫) মম্ম=মর্ম্ম, এই শব্দ "মর্ম্ম-কষ্ট" অর্থে ব্যবহৃত। (৬) বুদ্ধ।

ধর্ম্ম হৈল যবনরূপী মাথাএত (১) কাল টুপী
হাতে শোভে ত্রিরুচ কামান।
চাপিয়া উত্তম হয় ত্রিভুবনে লাগে ভয়
খোদায় বলিআ এক নাম॥
নিরঞ্জন নিরাকার (২) হৈলা ভেস্ত অবতার
মুখেত বলেত দম্বদার।
যতেক দেবতাগণ সভে হয়্যে একমন
আনন্দেত পরিল ইজার॥
ব্রহ্মা হৈল মহামদ বিষ্ণু হৈলা পেকম্বর
আদম্ফ (৩) হৈল শূলপাণি।
গণেশ হইলা গাজী কার্ত্তিক হইল কাজী
ফকীর হইল যত মুনি॥
তেজিআ আপন ভেক(৪) নারদ হইলা শেখ
পুরন্দর হইলা মল্লনা।
চন্দ্র সূর্য্য আদি দেবে পদাতিক হয়্যা সেবে
সভে মিলি বাজায় বাজনা॥
আপুনি চণ্ডিকা দেবী তেহু হৈলা হায়া বিবি (৫)
পদ্মাবতী হল্য বিবি নূর।
যতেক দেবতাগণ হয়্যে সভে একমন
প্রবেশ করিল জাজপুর॥
দেউল দেহারা ভাঙ্গে কাড়্যা (৬) ফিড়্যা খায় রঙ্গে
পাখড় পাখড় বোলে বোল।
ধরিয়া ধর্ম্মের পায় রামাই (৭) পণ্ডিত গায়
ই বড় বিষম গণ্ডগোল॥

---

(১) মাথাএত=মাথাতে। (২) নিরাকার প্রভু অর্থাৎ ইহাদের উপাস্য শূন্য-মূর্ত্তি "ভেস্ত" অর্থাৎ স্বর্গে অবতীর্ণ হইলেন।

(৩) আদম। (৪) ভেক=বেশ। (৫) হায়া বিবি=ইভ্।

(৬) কাড়িয়া অর্থাৎ বলপূর্ব্বক গ্রহণ করিয়া।

(৭) রামাই পণ্ডিতের পদ্ধতির একখানি প্রাচীন পুঁথিতে এইরূপ আর একটি বিবরণ পাওয়া যাইতেছে। তাহাও উত্তর কালের যোজনা। উহাতে দৃষ্ট হয় রহমান, মামুদসাহী, ও খোণকার প্রভৃতি নামধেয় মুসলমানগণ জাজপুরের হিন্দু-মন্দিরের সন্নিহিত স্বর্ণ ও রৌপ্যের গড় ভাঙ্গিতেছেন। যে স্থানের মন্দিরাদি ইহারা ভগ্ন করেন, তাহা অতঃপর 'ইহাবকবাদ' নামে পরিচিত হয় বলিয়া বর্ণিত হইয়াছে।

রামাই পণ্ডিতের ধর্ম্মপূজা-পদ্ধতি।

বর্দ্ধমান জেলার অন্তর্গত বিজয়পুর (বিজিপুর) গ্রাম নিবাসী শ্রীহরিদাস ধর্ম্মপণ্ডিতের নিকট প্রাপ্ত তেরিজ পাতের প্রাচীন পুথি হইতে শ্রীযুক্ত হরিদাস পালিত মহাশয় নিম্নোদ্ধৃত অংশগুলি উদ্ধার করিয়া দিয়াছেন। ইহাতে ধর্ম্ম-রাজের পূজার মন্ত্রাদি ও ব্যবস্থা লিখিত আছে। পুথির মোট পত্র-সংখ্যা ৬০।

নিদ্রাভঙ্গ যাত্রাসিদ্ধি।

প্রাতঃকালে ধর্ম্মরাজের মন্দিরের দ্বার মোচন করিয়া এই মন্ত্র বলিতে বলিতে ধর্ম্মরাজকে শয়ন হইতে তুলিতে হয়।

যোগ নিদ্রায় কর ভঙ্গ,
সবকর (১) দেখ রঙ্গ,
পরিহার তব চরণে।
উল্লুক সহিত যাচ্ছ,
নিদ্রা ভঙ্গ
পরণাম করিব কেমনে॥
কিন্তু রামাই পণ্ডিত,
তব কর তার। (২)
নিদ্রাভঙ্গ যাত্রাসিদ্ধি, ধর্ম্ম রাজার জয় জয়কার॥

টিকা পাবন।

চন্দন-ঘর্ষণের মন্ত্র। এই চন্দন দ্বারা ধর্ম্মরাজের কপালে ফোটা দেওয়া হয়; পুরোহিত বা ভক্তগণ হাতে চন্দন-কাষ্ঠ লইয়া চন্দন-পীড়িতে চন্দন ঘষিতে ঘষিতে এই গীত গাহিয়া থাকেন, তাহা না করিলে চন্দন পূজায় লাগে না।

বসুদান পবিত্র পবিত্র কর টিকা।
যাহা হইতে হৈল প্রিয়ে শিবের অম্বিকা॥
পাষাণের পীঠখানি, বিশ্বকর্ম্মার নির্ম্মাণ।
তাহাতে চন্দন ঘষে পণ্ডিত চারিজন॥

---

(১) সবকর=সেবকের।
(২) ধর্ম্মরাজার স্তব করে।

স্তব।

সবিনয় স্তুতি, সবিনয় স্তুতি, করিয়ে প্রণতি
অবনী লুটায় তনু।
এ তিন ভুবনে কে চায় তোমার পানে,
তুমি দীননাথ ঘন (১)॥
আদি অন্ত নাই, ভ্রমিয়ে গোঁসাঞ,
কর পদ নাস্তি কায়া।
নাহিক আকার, রূপ গুণ আর
কে জানে তোমারি মায়া॥
জন্ম জরা মৃত্যু কেহ নেহি সত্য
যোগিগণ পরমাধ্যান।
শূন্য মূর্ত্তি দেব শূন্য অমুক (২) ধর্ম্মায় নমঃ।

আদ্যার বিবাহ।

এই আদ্যাই চণ্ডী,—আর্য্যতারা, ব্রজতারা প্রভৃতি বিবিধরূপে উপস্থিত হইয়াছেন বলিয়া বোধ হয়। গাজন সমাপ্তির পূর্ব্বদিবসে এই বিবাহ ব্যাপার। ইহাতে পুরোহিতগণ ও সাধারণ রমণীগণ যৌতুকস্বরূপ কিছু অর্থাদি প্রাপ্ত হন।

শঙ্খ বসন লয্যা নারীগণ পরান আদ্যের তরে।
স্ত্রীআচার করিয়া বরণ করিয়া ব্রাহ্মণে বেদ উচ্চারে॥
কনক বারি থানি আদ্যে নারায়ণি নিরঞ্জন সনে বিভা।
পরেশ পাথর পাদুকায় ধর সমর্পণ যে করিয়া॥
চৈদিগে যত মুনি বেদধ্বনি শুনে মঙ্গল উচ্চারে সুখে।
মৃদঙ্গ জয়ঢাক জগঝম্প পিনাক শঙ্খধ্বনি করে পূর্ব্বমুখে॥
দামামা দগড় মুষাবাদ্য বাজে কাঁসা সানিদায়ে গায় হরি।
নারদ মুনিবরে গায়েন রে বীণা-স্বরে বেড়িয়া যত কুল-নারী॥
মধ্যে নিরঞ্জন পতিত-পাবন চৈদিগে যত দেব-বধূ।
জুহার বাজনা করিয়া মঙ্গলা শুনিতে অতিশয় মধু॥

---

(১) ঘন—বুদ্ধ।

(২) এই স্থলে 'অমুক' অর্থে যে যে স্থানে যে যে ধর্ম্মরাজ আছেন তাঁহার নাম করিতে হইবে।

মানস মনোহর ধরিয়া দ্বিজবর গ্রন্থি বন্দা (১) করে।
শঙ্খ শিঙ্গায় ধ্বনি করয়ে যত মুনি বেদ গান উচ্চস্বরে॥
রজত কাঞ্চন নৃপতি করে দান দ্বিজবরে যায় লুয়া।
কাঞ্চন পাটে ধরিয়া বসায়া মহেশ্বরে ফিরায় যতেক মেয়া (২)॥
শতেক যুবতি পাটেতে শকতি বসায়া ফিরায় সপ্তবার।
মঙ্গল উচ্চারিয়া সপ্তবার ফিরায়া তুথনি করিল সুনার॥
মোহন ফুল-মালা তুলিয়া নিল বালা দিলেন আত্মার গলে।
এথায় দ্বিজবর মাল্য মনোহর আত্মার গলায় ফেলে॥
হুলুই বাজন করে পুরাগণ ধরিয়া তুথানি কলা (৩)।
আত্মা নিরঞ্জন একোহি জীবন (৪) দুহে বদালিল মালা॥
সেতাই নিলাই বংশাই রামাই এ চারি পণ্ডিত তথি।
বিবাহ সমার্পণ করিয়া চারিজন বিচারে আগম পুথি॥
আত্মা নিরঞ্জন একোহি জীবন বসিলা একোই প্রাণী।
রামাই পণ্ডিত শিরেতে বন্দিল বিবাহ হইল এথনি॥

মাণিকচন্দ্রের গান।

বৌদ্ধযুগ—মাণিকচন্দ্র রাজার গান—

খৃঃ ১১শ-১২শ শতাব্দী।

১৮৭৮ সনের এসিয়াটিক্ সোসাইটির জার্ন্যালে (প্রথম ভাগ, ৩নং, ১ পৃঃ) উদ্ধৃত ডাক্তার গ্রীয়ার্সন্ কর্ত্তৃক সঙ্কলিত গানের অংশ। বিন্দচন্দ্র পাল (গোবি বা গোপীচন্দ্র) ১১শ-১২শ খৃষ্টাব্দে বঙ্গে রাজত্ব রতেছিলেন। তাঁহার সন্ন্যাস-গ্রহণে সমস্ত ভারতবর্ষে করুণার উদ্রেক য়য়াছিল। গোবিন্দচন্দ্রের গান তাঁহার রাজত্বের সামসময়িক, া অনেকটা রূপান্তরিত হইয়াছে। এজন্য ফার্সি শব্দ ইহাতে

---

(১) বন্ধন।
(২) মেয়া=স্ত্রীলোক, এখানে এয়োগণ।
(৩) কলা=অংশ,—প্রকৃতি ও পুরুষ।
(৪) বাস্তবিক পক্ষে প্রকৃতি ও পুরুষ একই বটে।

শিবকে দেখিয়া রায়তজন করে পরণাম।
গলে বস্ত্র বান্ধিয়া করে পরণাম॥

শিবের আশীর্ব্বাদ।

জীও জীও রায়ত ধর্ম্ম দেউক বর। (১)
যত গুটি সাগরের বালা এত আরিব্বল॥ (২)
কেনে কেনে রায়ত সকল আইলেন কি কারণ।
কেমন বুদ্ধি করি কেমন চরিচর।
অসতি রাজা হইল রাজ্যের ভিতর॥
ধেয়ানে বুড়াশিব ধেয়ান কৈরা চায়।
ছয় মাসের পরমাই রাজার কপালে নাগাল পায়॥

রাজার মাত্র ছয় মাস কাল আয়ু।

মোর কথা কন যদি ময়নার বরাবর।
কৈলাস ভুবন মোর কৈর্ব্বে লণ্ড ভণ্ড॥(৩)
এক সত্য দুই সত্য তিন সত্য হরি।
তোমার কথা যদি কণ্ড (৪) মহাপাপে মরি॥
যেত রায়ত জন পরামশ করিয়া।
শ্রীফলের হাঠত লাগিয়া যান চলিয়া॥

প্রজাদের ধর্ম্ম-পূজা।

ধূপ সিন্দুর লেন পাতিল (৫) ভরিয়া।
হাঁস কৈতর লেন থাঞ্চা (৬) ভরিয়া॥
ধওলা (৭) পাঁঠা লেন রশী সাইঙ্গ (৮) করিয়া।
রবিবার দিন নিরা (৯) থাকিয়া পারণী গঙ্গা যান চলিয়া॥
ধর্ম্মরে থান (১০) গঙ্গা কিনারে বান্ধিয়া।
ধওলা পাঁঠা দেন বালুছেদ (১১) করিয়া॥

---

(১) শিব বলিতেছেন, হে প্রজাগণ, তোমাদিগকে ধর্ম্ম (বুদ্ধ) বর প্রদান করুন।

(২) সমুদ্রের বেলা-ভূমিতে যত বালুকা আছে, তত বৎসর তোমাদের আয়ুর বল হউক।

(৩) আমি যে কথা বলিলাম, ইহা যেন ময়নামতীর (রাজার স্ত্রীর) নিকট না বলা হয়, তাহা হইলে সে কৈলাস লণ্ড ভণ্ড করিবে।

(৪) কণ্ড=কহি। (৫) হাঁড়ী। (৬) খাঁচা।

(৭) ধবল। (৮) বংশ-দণ্ডে ঝুলাইয়া।

(৯) নিরা=উপবাসী। সম্ভবতঃ নিরম্বু শব্দ হইতে উদ্ভূত।

(১০) স্থান। (১১) বালুছেদ=বলি=ছেদন।

বৌদ্ধযুগ—মাণিকচন্দ্র রাজার গান—খৃঃ ১১শ-১২শ শতাব্দী।

হাঁস কত গুলা দেন ঘাটে উছরগিয়া (১)।
ধূপ সিন্দুর দেন ঘাটে জ্বালাইয়া॥
অফিন্না বীন্নার খোপ (২) আনে উপাড়িয়া।
লাঁটি চিপিয়া দেন ছাড়িয়া॥
ঐ সাপ নিলে অঞ্চল পাতিয়া॥

রবিবার দিন লোকে সাও (৩) দিল।
সোমবার দিন রাজার এ জরি (৪) করিল॥
মঙ্গলবার দিন রাজা কাহিলা পড়িল।
বুধবারে রাজা অন্ন পানী ছাড়িল॥

পূজার ফলে রাজার আয়ু-নাশ।

ফির মঙ্গলবারে চিত্র-গোবিন্দ (৫) দফতর খুলিল।
মাণিকচন্দ্র রাজার ছয় মাস পরমাই দপ্তর নাগাইল পাইল॥
বেন্না (৬) মুখ হৈয়ে শমন রাজাক বলিবর লাগিল॥
অসতি রাজা হইল রাজ্যের ভিতর।
সেই রাজাক লৈয়া আইস যমালয়ের ভিতর॥
আবার যমকে ডাকিবার লাগিল।.
গোদা-যমের নামে চিঠি হাওলাত কৈরে দিল॥
তোক বলো (৭) গোদা-যম বাক্য মোর ধর।
হাতে গলে মাণিকচন্দ্র রাজাক বান্ধিয়া হাজির কর॥

চিত্রগুপ্তের দপ্তর দেখা।

চামের দড়ি লোহার ডাঙ্গ (৮) নৈলে গিরো দিয়া।
তখনে গোদা-যম চলিল হাটিয়া॥
কতদুরে যেয়ে গোদা কত পাছা পায়।
কতক যাইতে মাণিকচন্দ্র রাজার বাড়ী পায়॥

ছয় মাসের কাহিলা রাজা মহলের ভিতর।
তওত (৯) খবর নাহি করে ময়না সুন্দর॥
তোক বলো যে নেঙ্গা (১০) পাত্র বাক্য মোর ধর।
এই কথা জানাও গিয়ে ময়নার বরাবর॥ (১১)

নেঙ্গার ময়নামতী সংবাদ দান।

---

(১) উৎসর্গিয়া=উৎসর্গ করিয়া।
(২) অস্ফুটন্ত বীরণ-পত্রের (বেণার) স্তূপ-রাশি।
(৩) সাও=সাঙ্গ=পূজা শেষ করিল। (৪) একজ্বর=অবিরাম জ্বর।
(৫) চিত্রগোবিন্দ অর্থাৎ চিত্রগুপ্ত। (৬) বেন্না=বিষণ্ণ।
(৭) বলো=বলি। (৮) দণ্ড। (৯) তওত=তথাপি।
(১০) নেঙ্গা—মাণিকচন্দ্রের ভ্রাতা ও মন্ত্রী (পাত্র)।
(১১) এই সংবাদ আমার স্ত্রী ময়নামতীকে জানাইয়া আইস।

ছয় মাসের কাহিলা রাজা মহলের ভিতর।
দেখা কৈরবার চায় রাজ-রাজেশ্বর॥
এ কথা শুনিঞা নেঙ্গা না থাকিল বৈয়া (১)।
ময়নার মহলে চলিল হাঁটিয়া॥

পনার রাজার নিকট াগমন এবং রাজাকে হাজ্ঞান লইতে অনু- াধ।

আগ দুয়ারে ময়নামতী পসার খেলায়।
খিরকির দুয়ারে দিয়া পরণাম জানায়॥
কেনে কেনে নেঙ্গা আইলেন কি কারণ।
নেঙ্গা বলে শুন মা শুন সমাচার।
ছয় মাসের কাহিলা রাজা মহলের ভিতর॥
দেখা কৈরবার চায় রাজ-রাজেশ্বর॥
ধেয়ানে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে যমের নাগাল পায়॥
আনিল বাঙ্গলা গুয়া মিঠা ভরি পাণ।
ঐ বাঙ্গলা গুয়া কাটাইল (২) দিয়া করে দুইখান॥
পাণের বুকে চুণের নেওয়া (৩) দিয়া।
হেট খিলি উপর খিলি মাইল্লে তুলিয়া॥
ষোল পুঠি জ্ঞান দিলে খিলিত ভরিঞা।
পাণের বাটা বান্দীর মাথায় দিয়া॥
নিকলিল (৪) ময়নামতী যাত্রা করিয়া।
ঐ রাজার মহলে উত্তরিল গিয়া॥
কেনে কেনে মহারাজা ডাকিলে কি কারণ।
ছয় মাসের কাহিলা রাজা মহলের ভিতর।
তত্ত্ব খবর না করেন ময়না সুন্দর॥

ামতীর নিবেদন।

ময়না বোলে শুন রাজা রাজ-রাজেশ্বর।
আমার শরীরের জ্ঞান নেও বোল শিকিয়া (৫)।
আমার রসের নদী কন্দে যাবে শুকাইয়া॥

---

(১) বসিয়া = চুপ করিয়া। (২) কাটাইল = কাটারী।
(৩) নেওয়া বা লেওয়া = কোমল স্তর। পূর্ব্ববঙ্গে ডাব্বের* শাষকে 'লেওয়া' বলে।
(৪) নিকলিল = বহির্গত হইল।
(৫) বোল শিখিয়া = মন্ত্র শিক্ষা করিয়া।

আমার বয়সের বড় বৃক্ষ যাবে মরিয়া। (১)
তুই জনে রাজা কি করিম ভর-যুয়ান (২) হইয়া॥

রাজার অসম্মতি।

রাজা বলে শুন ময়না বাক্য মোর ধর।
এখনি মোর মাণিকচন্দ্র (৩) যমে লইয়া যাউক।
তাহাতেও স্ত্রীর জ্ঞান গরবে না শুনাউক॥
নারীর জ্ঞান দেখিয়া জ্ঞানে করিল হেলা।
ঠিক দুপুর ভাদুয়া যম করিয়া গেল মেলা॥ (৪)
মরণ তৃষা মারিল তুলিয়া। (৫)
জল জল বলিয়া রাজা উঠিল কান্দিয়া॥

ময়নামতীর নিকট জল-যাচ্ঞা।

জল যোয়াও যোয়াও ময়না সুন্দর।
এক ঝারি জল দিয়া প্রাণ রক্ষা কর॥
এক শত রাণী আছে মহলের ভিতর।
তার হাতে জল খাও রাজ-রাজেশ্বর॥
এক শত রাণীর হস্তের জল আষ্ঠানি গোন্দায়। (৬)
তোমার হাতে জল খাইলে বহু ভাগ্য হয়॥
এলায় যদি আমি যাই জলক লাগিয়া।
ঐত যম ভাদুয়া তোক লইয়া যাবে বান্ধিয়া॥ (৭)
রাজা বলে শুন ময়না বাক্য মোর ধর।
তৈল পাঠের খাড়া থোও বিছানাত ফেলায়া।
যখন আসিবে যম ভাদুয়া দৈত্য দানব হঞা॥
তৈল পাঠের খাড়া দিয়া ফেলামু কাটিয়া॥

---

(১) আমার জ্ঞান-বলে তোমার পরিবর্তে আমা হইতে অধিক বয়সের বৃক্ষ মরিয়া যাইবে, সুতরাং তোমার মৃত্যু হইবে না। (২) পূর্ণ যৌবনা।

(৩) আমি যে মাণিকচন্দ্র এখনই আমাকে ইত্যাদি।

(৪) ময়নামতীর প্রদত্ত মহাজ্ঞান রাজা গ্রহণ করিলেন না, এজন্য "ভাদুয়া যম" (যমের দূতগণের মধ্যে একজন,—অপর এক দূত গোদা-যমের উল্লেখ পূর্ব্বে আছে) সেই স্থানে দ্বিপ্রহরে উপস্থিত হইল।

(৫) মরণ-কালীয় বিষম তৃষ্ণা ভাদুয়া-যম রাজার প্রতি নিক্ষেপ করিল।

(৬) অপর রাণীদের হাতের জলে আষ্টে গন্ধ পাই।

(৭) এলায়=এখন; এখন যদি আমি তোমাকে জল খাওয়াইবার জন্য নিকট হইতে দূরে যাই, অমনি ভাদুয়া যম তোমাকে বাঁধিয়া লইয়া যাইবে।

ময়নামতীর শয্যা-ত্যাগ।

যেন মতে ময়নামতী হস্তে ঝারি নৈল।
হাঁচি জিঠি (১) বাধা বিস্তর পড়িল॥

যমদূতগণের আগমন ও রাজাকে বন্ধন।

যেন ঘড়ি ময়নামতী চতুরার (২) বাহির হইল।
সাত (৩) দিয়া সাত জনা গর্জ্জিয়া সোন্দাইল (৪)॥
চামের দড়া দিয়া বান্ধিল।
লোহার মুদ্গর দিয়া ডাঙ্গাইবার লাগিল॥
কে মারেন আমাক বিস্তর করিয়া।
ময়নামতী গেছেন জলক লাগিয়া।
এক ঝারি জল খাঁও (৫) উদর ভরিয়া॥

রাজার মৃত্যু।

তোর মাইয়া (৬) পাইয়াছে গোরকনাথের (৭) বর।
নাগাইল পাইলে ময়না না করে কুশাল (৮)॥
হাটুয়া পাড়ি কিলাইবে আমাকে বেলার ডুপর।
যমের মাইর সবার না পারিয়া।
ময়না বলিয়া রাজা দিল জীউ ছাড়িয়া॥
ঐ জীউ নিলে গোদা-যম লাঠিত বান্ধিয়া। (৯)
সাত দিয়া সাত জন গেল চলিয়া॥

গঙ্গার নিকট ময়নার জল-প্রার্থনা।

ঐত ময়না গঙ্গার তীরে গেল চলিয়া।
ময়না বলে শুন গঙ্গা বলি নিবেদন॥
যে রাজার পূজা খাইলা এ বার বৎসর।
এক ঝারি জল দিয়া প্রাণ রক্ষা কর॥
এক ঝারি বদলী বিয়াল্লিশ ঝারি লও।
তাহাতে ধর্ম্মী রাজা জীউ বদলাও॥

গঙ্গামুখে রাজার মৃত্যু সংবাদ।

কার বাদে (১০) জল নিয়া যাও ঝারি ভরিয়া।
সে ত ধর্ম্মী রাজাকে গেল মরিয়া॥

ময়নার শোক এবং যোগবল।

এই কথা শুনিয়া ময়না রোদন করিবার নাগিল।
লক্ষ টাকার ঝারি পাকাইয়া (১১) ফেলিল॥

---

(১) টিক্‌টিকী। (২) চতুর্দ্বারের। (৩) সপ্ত দ্বার দিয়া।
(৪) প্রবেশ করিল। (৫) খাঁও=খাম=খাব।
(৬) স্ত্রী। (৭) গোরক্ষনাথের। (৮) মঙ্গল করিবে না।
(৯) দণ্ডে বাঁধিয়া রাজার প্রাণ গোদা-যম লইয়া চলিল।
(১০) বাদে=জন্য। (১১) ঘুরাইয়া নিক্ষেপ করিল।

চৌদ্দ তাল (১) জলের মধ্যে ময়না আসন করিল।
কপালের সিন্দুর মইলান (২) দেখিল ॥
হাতের শাঁখা কাল দেখিল।
লক্ষ টাকার মুঠ শাঁখা মস্তকে ভাঙ্গিল ॥
স্বামী হারা হয়া রে।
আর কত দিন রব চায়া রে ॥
মহলত লাগিয়া (৩) ময়না চলিল হাটিয়া।
যেন ময়নামতী মন্দিরে সান্দাইল।
আগ প্রদীপ পাছ প্রদীপ লাগাইয়া দিল ॥

যমালয়ে লাগিয়া ময়না চলিল হাটিয়া।
নদীর পারে ময়নামতী গেল চলিয়া ॥
নদী দেখিয়া ময়না ভয়ঙ্কর লইল।
ছয়মাস ওসার বছরত পড়ে খেওয়া। (৪)
একে একে ঢেউ উঠে পর্ব্বতের চূড়া ॥

ময়নার যম-পুরীতে গমন।

বিধি আমার দুঃখের কপাল।
যেমন বিন্দার (৫) গোপাল ॥

ভাঙ্গা নৌকা ছেঁড়া কাছি গুরু কেমনে হব পার।
যদি আমার গুরু সহায় থাকে।
ধরম হাইল ধরে ভাঙ্গা নৌকা ছিঁড়া কাছি।
গুরু লাইগাব কিনারে ॥ (৬)

পরিধানের সাড়ী অর্দ্ধ থান ময়নামতী দিল জলত বিছায়া।
যোগ আসন ধরিল ময়না ধরম (৭) স্মরণ করিয়া ॥
তুড়ু তুড়ু করিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
ছয় মাসের দরিয়া ছয় দণ্ডে পার হৈল ॥ (৮)

---

(১) চৌদ্দ তাল = ৭ হাত (এক এক তাল অর্দ্ধ হস্ত)।

(২) মলিন। (৩) মহলের দিকে = রাজপুরীর দিকে।

(৪) ওসার = বিস্তার। ছয় মাসে যতটা পথ যাওয়া যায়, ততদুর বিস্তৃত, এবং উহাতে বৎসরে একবার খেওয়া দেওয়া যায়।

(৫) বৃন্দার।

(৬) 'বিধি আমার দুঃখের কপাল' হইতে 'কিনারে' পর্য্যন্ত একটি ধূয়া ও পরবর্তী যোজনা। (৭) ধর্ম্মকে।

(৮) যে দরিয়া (নদী) পার হইতে ছয় মাস লাগে, তাহা ছয় দণ্ড-কালে উত্তীর্ণ হইল।

যম-দূতগণের ভীতি।

যমপুরী লাগিয়া চলিল হাটিয়া।
ছত্রিশ কোটি যম দরবারো বসিছে॥
যেন মতে ময়না যমালয়ে খাড়া হইল।
ভিতা ভিতি (১) যম পালাবার লাগিল॥
যমপুরী যায়া ময়না পাতিল ধূম।
কারো উঠিল পেটের বিষ কারো মাথার ঘুম॥
ওঝা গুলিক হয়া বিষ ঝাড়িয়া নামায়।
ঔষধ করিবার আলে (২) জন জন পালায়॥

গোদা-যমের পলায়ন।

যেন মতে গোদা-যম (৩) ময়নাকে দেখিল।
আপনকার মহলক লাগিয়া (৪) এ দৌড় করিল॥
আপনকার মহলে যায়া ঘরে লুকাইল।
ঐটে হইতে ময়নামতী দিশা হারা হইল॥
ধেয়ানে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে ঘরত লাগাল পায়॥
ওরূপ থুইল ময়না একতর (৫) করিয়া।
মাইলানী (৬) রূপ হইল মূরত বদলাইয়া (৭)॥
গোদার মহলে চলিল হাটিয়া॥
গোদা গোদা বৈলে ময়না তুলিয়া ছাড়ে রাও।
যেন মতে গোদা-যম ময়নাক দেখিল।
টাটি (৮) ভাঙ্গিয়া গোদা-যম এ দৌড় করিল॥
মার মার বলিয়া ময়না নি যায় পিটিয়া।
একশত হালুয়া হাল বয় নিধুয়া পাথারে। (৯)

গোদা-যমের ভিন্ন ভিন্ন মূর্ত্তি ধারণ।

হরিণ বলিয়া যমক নি যায় পিটিয়া॥
ঐটে হইতে গোদা-যম দিশা হারা হইল।
ইচলা মাছ হইয়ে দরিয়ায় ঝাঁপ দিল॥ (১০)

---

(১) ভিন্ন ভিন্ন দিকে। (২) আলে=ছলে।
(৩) যে রাজার প্রাণ বাঁধিয়া আনিয়াছিল। (৪) আপন পুরীর দিকে।
(৫) স্বতন্ত্র; ভিন্ন করিয়া। (৬) মালিনীর রূপ ধারণ করিল।
(৭) নিজ মূর্ত্তি পরিবর্ত্তন করিয়া। (৮) টাটি=বাঁশের প্রাচীর।
(৯) নিধুয়া প্রান্তরে একশত কৃষক হাল বহিতেছিল।
(১০) ইচলা=চিংড়ী। গোদা-যম ময়নার হাত হইতে নিষ্কৃতি পাইবার জন্য চিংড়ীমাছ হইয়া নদীতে প্রবেশ করিল।

ধেয়ানে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে ইচলার লাগাল পায়॥

তুড়ু তুড়ু করিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
বেয়াল্লিশ ভইষ (১) হইল মুরত বদলাইয়া।
ঐ দরিয়া ভইষ পড়িল ঝম্প দিয়া॥
মার খাইতে খাইতে যমক নি যায় পিট্টিয়া।
মধ্য দরিয়াত যমক ধরিল ঠাসিয়া॥
ঐত গোদা-যম আটিয়া বজ্জর। (২)
ডাইন পিড়ের দণ্ড ভাঙ্গিয়া উঠিয়া দিল লড়॥
ঐটে হইতে গোদা যম দিশা হারা হইল।
ছেফলা (৩) মৎস্য হইয়া জলত ভাঙ্গিবার লাগিল॥
ওরূপ থুইল ময়না একতর করিয়া।
পানকাউড়ি (৪) জানোয়ার হইল মুরত বদলাইয়া॥
পাখার সাটনে নি যায় (৫) পিট্টিয়া।
মধ্য দরিয়া গোদা-যমক ধরিল ঠোকাইয়া॥
ঐত গোদা-যম আটিয়া বজ্জর।
ঢেকেয়া (৬) ফেলাইয়া ময়নাক দিল লহড় (৭)॥
ঐটে হইতে গোদা-যম কোন কাম করিল।
গচি মচ্ছ(৮) হয়া কাদাত মিশাইল॥
ঐটে হইতে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে কাদাত লাগাল পায়॥
তুড়ু তুড়ু করিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
রাজহাঁস হইয়া কাদা ঝারিতে ঝারিতে গোদা-যমক নি যায় পিট্টিয়া।
মধ্য দরিয়াত গোদা-যমক ধরিল ঠাসিয়া।
ঢেকেয়া ফেলায়া ময়নামতীক পালাইল ছাড়িয়া॥

ময়নামতীর মূর্ত্তি-পরিবর্ত্তনপূর্ব্বক তাহাকে অনুসরণ।

---

(১) মহিষ। (২) বজ্রের মত দৃঢ়।

(৩) সফরী শব্দের অপভ্রংশ। ছাফ্ল্যা, ছাফাল্যা, বা ছাফালিয়া মাছ। এই মাছ শ্রীহট্ট ও ত্রিপুরায় বিস্তর আছে।

(৪) পানিকাউড়ি, পানিকাউ, মৎসজীবী জলপক্ষী-বিশেষ। এই পক্ষী আহারের অনুসন্ধানে অনেক সময়েই জলে ডুবিয়া থাকে, এজন্য লোকে তাহাদিগকে 'পানিকাউড়ি' বলে।

(৫) পক্ষের আঘাতে লইয়া যায়। (৬) ধাক্কা মারিয়া।

(৭) দৌড়। (৮) ছোট আড় মাছ।

ওরূপ থুইল গোদা-যম একতর করিয়া।
ধুগড়ির রূপ হইল মূরত বদলাইয়া॥
পাতালক লাগিয়া গেল চলিয়া।
পাতালক যাইয়া মোচড়ায় যম দাড়ি।
এখন কি চিনিবে মোক ময়নামতী শালী॥
ধেয়ানে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে ময়না ধুগড়ির লাগাল পায়॥

ওরূপ থুইল ময়না একতর করিয়া।
তৈলঙ্গারূপ (১) হইল ময়না মূরত বদলাইয়া॥
পাতাল ভুবনত লাগিয়া গেল চলিয়া।
ঐটে যায়া গোদা-যমক ধরিল ঠাঁসিয়া॥
ক্ষেণেক ক্ষেণেক করিয়া যমক উঠাইল টানিয়া॥
ওরূপ থুইল ময়না একতর করিয়া।
আপনার রূপ হইল মূরত বদলাইয়া॥
উপর কৈরে ফেলেয়া যমকে কিলিবার লাগিল।
কিলাইতে কিলাইতে হাত হাপসাইল।
চিতর (২) করিয়া ফেলাইয়া যমক নেদাবার (৩) লাগিল॥

ঐত গোদা-যম আটিয়া বজ্জর।
ঘড়ানী কৈতর (৪) হইয়ে স্বর্গে উড়ে গেল॥
শিকিরা(৫) বাজ হৈল ময়না মূরত বদলাইয়া।
আকাশ হইতে গোদা-যমক ফেলাইল টানিয়া॥
ঐটা হইতে গোদা-যম দিশা হারা হইয়া।
সলেয়ার রূপ হইল মূরত বদলাইয়া॥
কঠিয়া (৬) তেলির বাড়ীক লাগিয়া গেল চলিয়া।
কঠিয়া তেলির মাচাত থাকিল বসিয়া॥
ধেয়ানে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে সলেয়ার লাগাল পায়॥
ওরূপ থুইল ময়না একতর করিয়া।
বিলাই রূপ হইল ময়না মূরত বদলাইয়া॥

---

(১) আরসুলা। (২) চিৎ। (৩) পদাঘাত করিতে।
(৪) কবুতর=পায়রা। (৫) শিকারী।
(৬) কঠিয়া=কণ্ঠিয়া=কণ্ঠে যে মালা ধারণ করে।

এক বিলাইর বদলী বিয়াল্লিশ বিলাই হইয়া।
কঠিয়া তেলির ঘর লইল ঘেরিয়া॥
এক দণ্ড দুই দণ্ড তিন দণ্ড হইল।
সুবোধিয়া গোদা-যমক কুবোধিয়া লাগাল পাইল॥
মাঁচা হইতে গোদা-যমক মৃত্তিকায় নামাইল।
টরকিয়া (১) যায়া ময়নামতী গরদানাত (২) ধরিল॥
ঐত গোদা-যম আটিয়া বজ্জর।
আঙ্গুলের সান্ধি দিয়া উঠিয়া দিল লহড়॥

ওরূপ থুইল যম একতর করিয়া।
বৈষ্ণব রূপ হইল যম মূরত বদলাইয়া॥
কাঁকড়ার মাটিয়া লইল চন্দন করিয়া।
সাইলের (৩) ফল লইয়া মালা করিয়া॥
এণ্ডার (৪) ঠাল (৫) লইয়া আসা (৬) করিয়া॥
সেবার বাড়ীক (৭) লাগিয়ে গেল চলিয়া।
যত বৈষ্ণবের মধ্যত রইল বসিয়া॥
ধেয়ানে ময়নামতী ধেয়ান কৈরে চায়।
ধেয়ানের মধ্যে বৈষ্ণবের লাগাল পায়॥

ওরূপ থুইল ময়না একতর করিয়া।
মৌমাছি হইল ময়না মূরত বদলাইয়া॥
এক মাছির বদলী বিয়াল্লিশ মাছি হয়া।
সেবার বাড়ীক লাগিয়ে গেল চলিয়া॥
যত বৈষ্ণবের মাথার উপর বেড়ায় ঘুরিয়া।
বৈষ্ণব সকল বোলে ভাই শুন সমাচার।
কোন বৈষ্ণব অপরাধী আছেন সভার মাঝ॥
যেন মতে গোদা-যম মাছি দেখিল।
উড়াও দিয়া যমের ঘাড়ত পড়িল॥
মাছির কামড় সইবার না পারিয়া।
গোদা-যম পালাইল ছাড়িয়া॥

---

(১) লম্ফ দিয়া। (২) গ্রীবাতে।
(৩) অপরাজিতার। (৪) এড়ণ্ড বৃক্ষের। (৫) ডাল।
(৬) আসা = যষ্টি। (৭) আশ্রম।

মাছিরূপ থুইল ময়না একতর করিয়া।
আপনার রূপ কৈল মূরত বদলাইয়া॥
ঐত গোদা-যমক ধরিল পিট্টিয়া।
এক পাঁজা এলুয়ে (১) খেড় (২) আনিল ওকড়িয়া (৩)।
বান পুটি কুচলি (৪) পাকায় তেপথীত (৫) বসিয়া।
ময়নার কমরে যমের কমরে বান্ধনে বান্ধিয়া॥
হাতের হেমতালের লাঠি দিয়া নি যায় ডাঙ্গাইয়া।

গোদা-যমের নিকট স্বামীর প্রাণ যাচ্ঞা।

ময়না বলে শুন যম বলি নিবেদন।
আর ছাড়িয়া দেও আমার স্বামী ধন॥
তোমার স্বামী ধন আমি না দিব ছাড়িয়া।
ঐটে হইতে ময়নামতী রোদন কৈরতে লাগিল।
আমার পতি নাই ঘরে রে দীননাথ।
আমি কার লক্ষে রবরে নবীন বাসত (৬)॥

সিদ্ধগণ ও দেবগণের আগমন।

তুড়ু তুড়ু করিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
যত মুনিগণক (৭) হুঙ্কারে নামাইল॥
পুষ্পরথে গোরক (৮) বিদ্যাধর।
ঢেকি বাহনে নামিল নারদ মুনিবর॥
বাসায়ার (৯) পিঠিত নামিল ভোলা মহেশ্বর।
ধনুক বাণে নামি গেল শ্রীরামলক্ষ্মণ॥
পাঁচ ভাই পাণ্ডব নামিল ঠাঞি ঠাঞি।
যত শত মুনি নামিল তার লেখা যোখা নাই॥
মাথার চুল ময়না দুই আধ করিয়া।
গোরকনাথের চরণত পড়িল ভজিয়া॥
রক্ষা কর রক্ষা কর গোরক বিদ্যাধর।
আমার স্বামী ধন আনিছে ধরিয়া।
আমার স্বামী ধনক না দেয় ছাড়িয়া॥

ময়নাকে তাঁহাদের বরদান।

গোরকনাথ বলে শুন সমাচার।
যত মুনিগণ পরামর্শ করিয়া।
ময়নাক আশীর্ব্বাদ দেয়।

---

(১) এলোমেলো। (২) খড়। (৩) উন্মূলন করিয়া।
(৪) এক প্রকার খড়ের দড়ি বা বেণী। (৫) তিন পথের সন্ধি-স্থলে।
(৬) আমি কার দিকে চাহিয়া নূতন বাস-ঘরে রহিব?
(৭) মুনিগণকে। (৮) গোরক্ষনাথ। (৯) বৃষভের।

যা যা ময়না তোমাক দিলাম বর।
সাত মাসী ছেলে হৌক উদরের ভিতর॥

যেন মতে মুনিগণ আশীর্ব্বাদ দিল।
শোলার মত আছিল শরীর ক্রমে ভারী হইয়া গেল॥
আঠার মাসে জন্ম উনিশ বৎসরে মরণ।
সিতাব (১) করি ভজে হাড়ির চরণ॥
ঐ গুরু ভজিলে না হবে মরণ॥

ময়নার গর্ভ ও দেবগণের ভবিষ্যদ্বাণী।

ঐ কথা শুনিয়া ময়না না থাকিল রৈয়া।
আপনকার মহলত নাইগে উতরিল গিয়া॥

নও (২) কড়া কড়ি নিল হস্তত করিয়া।
গঙ্গার কূলে গেল চলিয়া॥
নও কড়া কড়ি দিয়া মৃত্তিকা কিনি নিল।
আপন মহলক লাগিয়া গমন করিল॥
বূড়া (৩) ঘর ভাঙ্গিয়া বেগারি (৪) সাজাইল;
সাইঙ্গে সাইঙ্গে (৫) খড়ী (৬) যাইতে লাগিল॥
তৈল ঘৃত সরিষা তিল যাবার লাগিল।
যত জ্ঞাস্তা সগ (৭) আনিল রাও (৮) দিয়া।
কাঁচা বাঁশ কাটিয়া মছলি (৯) সাজাইল॥
ধর্ম্মরাজকে নিল মছলি সাজাইয়া।
ময়নামতী চড়ে কওয়াইরক (১০) লাগাইয়া॥
হরিগুণ-গান ময়না গাহিবার লাগিল।
সঙ্কীর্ত্তন করিবার লাগিল নদীর পাহার (১১) লাগি গমন করিল॥

উত্তর দক্ষিণে চিতা আরোপিল।
খুটী গাড়িয়া মাচান পাতিল॥
খুটীর বগলে (১২) বসাইয়া গেল ঘৃতের হাঁড়ী।

ময়নামতীর স্বামীর চিতায় প্রবেশ এবং গোরক্ষনাথের বরে শরীর রক্ষা।

(১) অনুতাপ। (২) নও = ৯।
(৩) জীর্ণ। (৪) মজুর।
(৫) যে বংশদণ্ডে কোন দ্রব্যাদি বাঁধিয়া লওয়া হয়, তাহাকে সাইঙ্গ ল।
(৬) কাঠ। (৭) জ্ঞাস্তা = জ্ঞাতি; সগ = সকল।
(৮) রাও = রব = সংবাদ। (৯) মাঁচা।
(১০) কপাট। (১১) পাড়। (১২) নিকটে।

তার নীচে বসাইয়া গেল তৈলের হাঁড়ী ॥
সরিষা তিল গুল্যা দিল ছিটাইয়া।
গুরু গুরু বলিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
সাক্ষাৎ গোরকনাথ আসিয়া খাড়া হইল ॥
রক্ষা কর রক্ষা কর গোরক বিদ্যাধর।
যাও যাও ময়না তোমাক দিনু বর ॥
মাঘ মাসিয়া জাড় লাগিবে অনলের ভিতর। (১)

কপাল ভর্ত্তি সিন্দূর ময়না পরিতে লাগিল।
পাটের সাড়ী ময়না পরিধান করিয়া।
সুবর্ণ কাটারী আমের ঠাল নিল হস্তেতে করিয়া ॥
উত্তর দক্ষিণে রাজাক নিল শোতাইয়া (২)।
ময়নার ডাইন হস্তেতে রাজা শিতান (৩) দিল।
একখান করিয়া খড়ী দিল নগরী ঘরে ঘরে। (৪)
আকাশ জমিনে খড়ী ঠেক লাগিল।
চোয়া চন্দন ছিটাইল চন্দ্র সদাগর।
অনল লাগাইয়া দিতে নাই এক রতি ॥
দুয়ারের আগত ছিল গুরু পারণের ঘর।
তাঁর উকা (৫) তুলে দিল হস্তের উপর ॥
যত জ্ঞাস্তা সকল এক হাঁড়ী জল দিয়া।
সাইঙ্গত করিয়া এক পাক দুই পাক পাঁচ পাক দিল।
হরিবোল বলিয়া অনল লাগাইয়া দিল ॥
যত ঘড়ী ব্রহ্মা ঘৃতের বাস পাইল।
ধা ধাঁ করিয়া অনল জ্বলিবার লাগিল ॥
সাত দিন নও রাইত (৬) ময়না অনলের ভিতর।
পুড়িতে পোড়া না যায় পরিধানের কাপড় ॥
ধর্ম্মী রাজাকে পোড়াইয়া ময়না কোলাতে কৈল ছাই।
ঐত ময়না বৈসে আছে যেন ঘরের গোসাঞি ॥
ধর্ম্মী রাজাকে পোড়াইয়া স্বর্গে উঠিল ধুঁয়া।
বৈসে আছে ময়নামতী যেন কাঁচা সোণা ॥

---

(১) জাড় = শীত। মাঘ মাসের ন্যায় শীত তুমি অগ্নির ভিতরে অনুভব করিবে। (২) শোয়াইয়া। (৩) শিয়র।
(৪) প্রত্যেক গৃহস্থ একখানি করিয়া কাঠ দিল।
(৫) চলিত ভাষায় অর্থ উল্কা = অগ্নিস্ফুলিঙ্গ। (৬) নয় রাত্রি।

জ্ঞাতিগণের কার্য্য।

ছোট জ্ঞাস্তা উঠে বলে বড় জ্ঞাস্তা ভাই।
ফিক্ (১) দেও ফিক্ দেও জ্ঞাস্তা সকল।
ময়নামতী বৈসে আছে অনলের ভিতর।
ময়না বলে শুন জ্ঞাস্তা সাত মাসী ছেলে আছে উদরের ভিতর॥
ফিক্ না দেন জ্ঞাস্তা সকল।
ছোঁট জ্ঞাস্তা উঠে বলে বড় জ্ঞাস্তা ভাই।
চান্দের বরাবর চল চলিয়া যাই॥
ছোট হৈতে জান তোরা চাঁদ সদাগর।
কি জোয়াব (২) দেয় আমার বরাবর॥

প্রধান জ্ঞাতি চাঁদ সদাগরের নিকট গমন ও তাঁহার মতামত।

আগ দুয়ারে (৩) সদাগর পসার (৪) খেলায়।
থেরকির দুয়ার দিয়া প্রণাম যোগায়॥
কেনে কেনে জ্ঞাস্তা সকল আইলা কি কারণ।
সাত দিন নও রাইত ময়না অনলের ভিতর।
তবু পোড়া নাঞি যায় ময়না সুন্দর।
ঐ ময়না পাইয়াছে গোরকনাথের বর॥
অনলত পোড়া না যায় জলত না হয় তল।
তিন ভুবন টলিয়া গেলে না যায় যমের ঘর॥
তাক মারিবার চাও জ্ঞাস্তা সকল।
বাওয়ান্ন কুটি কোচড়া (৫) পাকাও তেপথিত বসিয়া।
বাইশ মোন পাষাণ নেও সাইঙ্গ করিয়া॥
হুলিয়া (৬) গুতিয়া (৭) নেও বাহের করিয়া।
বাইশ মোন পাষাণ দেও বুকত বান্ধিয়া॥
আঙ্গরার (৮) সমতে ময়নাক দেও জলে ডুবাইয়া।
সিনান করিয়া যাও মহলত লাগিয়া (৯)॥

ময়নামতীকে জলে নিক্ষেপ।

ঐ কথা শুনিয়া জ্ঞাস্তা না থাকিল রৈয়া।
বাইশ মোন পাষাণ লৈল সাইঙ্গ করিয়া॥
ময়নামতীকে বাহির করিল হুলিয়া গুতিয়া॥

---

(১) ধিক্কার। (২) জবাব=উত্তর।
(৩) বাহির মহলে। (৪) পাশা।
(৫) বেণীর মতন দড়ি। (৬) পশ্চাৎ ধাবিত হইয়া।
(৭) প্রহার করিয়া। (৮) স্বামীর চিতার অঙ্গার।
(৯) মহলের উদ্দেশে অর্থাৎ বাড়ীতে।

বাইশ মোন পাষাণ দিল বুকত বান্ধিয়া।
আঙ্গবার সামিল ময়নাক দিল ভাসাইয়া॥
সিনান করিয়া জ্ঞাস্তা গেল চলিয়া।
আঠার মাস আঠার দিন ময়নার গেল পুরিয়া॥

নূতন রাজার জন্ম।

ঐত ধর্ম্মী রাজা (১) করট (২) ফিরিল।
মৈল্লাম মৈল্লাম বলিয়া ময়না কান্দিবার লাগিল॥
স্বরূপা জ্ঞান ময়না মারিল তুলিয়া। (৩)
বাওয়ায় কুটি কোচড়া ফেলাইল কাটিয়া॥
মৈল্লাম মৈল্লাম বলিয়া ময়না নিম-তরুতলে উঠিল।
হাড়িয়া কোণে (৪) যেন দেওয়া (৫) গর্জ্জিল॥
ফুলে জলে মহারাজ (৬) মৃত্তিকায় পড়িল।
ওঁয়া চোঁয়া করিয়া তিনি রাও কাড়িল (৭)॥

জ্ঞাতিগণের বালক-দর্শন ও বালক-রাজার পুরীতে প্রবেশ।

ছোট জ্ঞাস্তা উঠে বলে বড় জ্ঞাস্তা ভাই।
কিসে ছেলে কান্দে চল দেখিবার যাই॥
এক পায় দুই পায় আইল চলিয়া।
ময়না বলে শুন জ্ঞাস্তা মোর বুদ্ধি ধর।
বড় রাজার পাল্‌কী আন সাজাইয়া।
ছাওয়াল রাজকে নেও মহলক লাগিয়া॥
বড় যে পাল্‌কী আনাইল সাজাইয়া।
ধর্ম্মী রাজাকে লইল পাল্‌কীত চড়াইয়া॥
ঢাক ঢোল তমবুরা (৮) কাঁশী বাজে ঠাঞ্জি ঠাঞ্জি।
করতাল ভেঁউড় (৯) মৃচ্ছ্‌র্ল বাজে ঠাঞ্জি ঠাঞ্জি॥
বন্দুকের ধুবা ধুরি ধূমায় অন্ধকার।
বাপে পুতক না চিনে ডাকাডাকি সার॥
কাঙ্গালের ছেলে হৈল রাজ্যের ভিতর।
অন্নজল দিবার না পারে মহলের ভিতর॥
ফুলে জলে ফেলিয়া আইল তেপথির উপর।
উ ও (১০) ছেলেক (১১) নৈল ময়না কোলত করিয়া।

---

(১) গর্ভস্থ শিশুরাজা। (২) পার্শ্ব।
(৩) স্বরূপ-জ্ঞান (মহাজ্ঞান) নিক্ষেপ করিল। (৪) ঈশান কোণে।
(৫) মেঘ। (৬) নূতন কুমার। (৭) রব করিলেন।
(৮) তানপূরা। (৯) বৃহৎ বংশী-বিশেষ।
(১০) উ ও=সেই। (১১) ছেলেক=ছেলেকে।

ময়নামতীর একটি পরিত্যক্ত বালককে গ্রহণ।

মহলক লাগিয়া গেল চলিয়া ॥
তোক বলো বান্দী বাক্য মোর ধর ॥
দাইয়ানীর মহলক লাগিয়া গেল চলিয়া।
দাইয়ানীক আনিল ডাক দিয়া ॥
দোনো (১) ছেলার নাড়ী ছেদ করিল বসিয়া।
যত কিছু দান দিল দাইয়ানীক লাগিয়া ॥
দাইয়ানী গেল মহলক লাগিয়া ॥

আজি আজি কালি কালি করিয়া সাত দিন হইল।
সাত দিন পর্য্যন্ত রাজা সাদিনা (২) কোরাইল ॥
আজি আজি কালি কালি করিয়া দশ দিন হইল।
দশ দিন পরে রাজা এ দশা (৩) করিল ॥
ত্রিশ দিনে রাজা ত্রিশা করিল সঙ্কীর্ত্তন করিবার লাগিল ॥
জ্ঞাস্তা সকল আসিয়া যজ্ঞ করিল।
যত জ্ঞাস্তা সকলক ভোজন করাইল ॥
তদ ঘড়ী ময়নামতী মৎস্য পরশ করিল।
আজি আজি কালি করিয়া এক বৎসর হইল ॥

গোপীচন্দ্রের শৈশব, শিক্ষা, বিবাহ।

এক বৎসর বাদে এক দিন আসিল।
আজি কালি করিয়া পাঁচ বৎসর হইল ॥
গুরুর নিকটে পড়িবার দিল ॥
চারি কলমে রাজাক লিখা শিখাইল।
আজি কালি করিয়া সাত বৎসর হইল ॥
নাম রাজার তখনই রাখিল।
মাণিকচন্দ্র রাজার বেটা গোপীচন্দ্র (৪) থুইল ॥
তাহার ছোট ভাইয়ের নাম খেতুয়া লঙ্কেশ্বর।

---

(১) দোনো = দুই ; নিজের পুত্র এবং পথিমধ্যে প্রাপ্ত কাঙ্গালের পুত্র, যাহাকে ময়নামতী গ্রহণ করেন এবং লঙ্কেশ্বর, খেতুয়া ও নেঙ্গা এই তিন ভিন্ন ভিন্ন নামে যিনি এই গানে অভিহিত।

(২) সপ্তদিনের উৎসব। (৩) দশদিনের উৎসব।

(৪) গোবিন্দচন্দ্রকে সাধারণ ভাষায় গোবিচন্দ্র এবং তৎপরে শুদ্ধ করিয়া গোপীচন্দ্র করা হইয়াছিল। গোবিন্দচন্দ্র (১১শ শতাব্দীর শেষ ভাগে) দাক্ষিণাত্যের বিজয়ী রাজা রাজেন্দ্র চোলের হস্তে পরাস্ত হন। এই গোপীচন্দ্র ও গোবিন্দচন্দ্র যে অভিন্ন-ব্যক্তি তাহা দুর্লভ মল্লিক-কৃত গোবিন্দচন্দ্রের গান পাঠ করিলেই জানা যাইবে।

আজি কালি করিয়া-নও বৎসর হইল।
তখনি ময়নামতী কোন্ কাম করিল॥
গুরু ব্রাহ্মণের সহিক্ষাত কথা বলিবার লাগিল॥
যা যা গুরু ব্রাহ্মণ বাক্য আমার লও।
হরিচন্দ্র (১) রাজার কাছে শীঘ্র করিয়া যাও॥
তার ঘরে আছে অচুনা পচুনা কন্যা দুই জন।
তার আছে কন্যা দুইজন মহলের ভিতর।
ঐ কন্যা যোড়িয়া আইস কহিলাম তোমায়।
ঐ কথা শুনিয়া ব্রাহ্মণ ঠাকুর না থাকিল রৈয়া।
হরিচন্দ্র রাজার বাড়ী গেল চলিয়া॥

হরিচন্দ্র রাজা বলিয়া তুলিয়া ছাড়ে রাও।
ঘরে ছিল হরিচন্দ্র রাজা বাহিরে দিলে পাও॥
পণ্ডিত ঠাকুর বলিয়া করে প্রণাম।
দিব্য সিংহাসন বসিবার দিল।
কর্পূর তাম্বুল দিয়া জিজ্ঞাসা করিল॥
কেনে কেনে গুরু ব্রাহ্মণ এত দূর গমন।
ময়না পাঠাইয়া দিল তোমার বরাবর।
তোমার ঘরে কন্যা আছে অচুনা পচুনা।
তাক যোড়িবার চায় ময়না সুন্দর।
ময়নার পুত্র আছে মহলের ভিতর॥
তাকে বিয়ে দিবার চায় ময়না সুন্দর॥

যা যা বলিয়া তাকে হুকুম দিল।
এ কথা শুনিয়া ব্রাহ্মণ ময়নার মহলে গেল॥
ভারে লইল গুয়া সায়িঙ্গে লইল পাণ।
গুয়া পাণ কাটিবার গেল ব্রাহ্মণ পঞ্চজন॥

---

(১) হরিশ্চন্দ্র পাল। ঢাকা জেলার অন্তর্গত সাভারে ইঁহার রাজধানী ছিল। ইঁহার দুই কন্যা অদুনা ও পদুনা—সে সময়ের মধ্যে সুন্দরীকুল-শ্রেষ্ঠা ছিলেন। গোপীচন্দ্র বা গোবিন্দচন্দ্র রাজার সঙ্গে অদুনার বিবাহ হয় এবং পদুনা দানে প্রদত্ত হন। গোবিন্দচন্দ্রের পুত্র হবচন্দ্র (যাঁহার মন্ত্রী গবচন্দ্র ছিলেন) শত্রুর হস্তে রাজ্যচ্যুত হন। রঙ্গপুরের নিকট হবচন্দ্রের বাড়ীর ভগ্নাবশেষ অদ্যাপি দৃষ্ট হয়; এবং সেই স্থানেই তদীয় মাতামহ হরিশ্চন্দ্র পালের সমাধি এখনও বিদ্যমান আছে।

গুয়া পাণ কাটিয়া শুভাশুভ বুঝিল।
বিবাহের দিন তখনই করিল॥

শনিবার দিনা ময়না অধিবাস দিল।
রবিবার দিনা বিবাহ করিবার সাজিল॥
পঞ্চ গাছি কলার গাছ হরিচন্দ্র রাজার মহলত গাড়িল।
সোণালী চালুন বাতী তখনই ধরাইল॥
পঞ্চ বৈরাতী (১) তখনই আনিল ডাক দিয়া।
উলু উলু শব্দ করিবার লাগিল।
অদুনাক দিয়া বিবাহ দিল পাদুনাক দিল দানে।
এক শত বান্দী দিলে বাবহার কারণে॥
এক শত তালুক দিল দানে ধরিয়া।
এক শত হস্তী দিল দানে ধরিয়া॥
এক শত ঘোড়া দিল দানে ধরিয়া।
এক শত গাভী দিল দানে ধরিয়া॥
বিবাহ দিয়া রাজাকে বিদায় দিল।
তখনই ময়নামতী যত রাজ্যের রাজাকে নিমন্ত্রণ করিল॥
সেইত ধর্ম্মী রাজা গোপীচন্দ্র পাট দিল (২)॥

বিবাহের যৌতুক।

আঠার বরিষে গোপীচন্দ্র রাজা।
বৃদ্ধ মাতার আজ্ঞায় সন্ন্যাস হইয়ে যায়।
একশত সুন্দরী কান্দে চরণ ধরিয়া।
ঐত ধর্ম্মী রাজা না যাও ছাড়িয়া॥ (৩)

রাজা গোপীচন্দ্রের সন্ন্যাস-গ্রহণ।

না যাইও না যাইও রাজা দূর দেশান্তর।
কারে লাগিয়া বান্ধিলাম শীতল মন্দির ঘর॥
বান্ধিলাম বাঙ্গালা ঘর নাহি পড়ে কালী।
এমন বয়সে ছাড়ি যাও আমার বৃথা গাবুরাণী॥

অদুনা প্রভৃতির খেদ

(১) বরযাত্রী।
(২) পাট দিল=সিংহাসন দিল, অর্থাৎ রাজ্যাভিষেক করিল।
(৩) মিত্রাক্ষর ছন্দে লিখিত বাঙ্গালা পদ্যের পূর্ব্বার্দ্ধে এক দাঁড়ি (।) এবং শেষার্দ্ধে দুই দাঁড়ি (॥) দেওয়ার রীতি আছে। কিন্তু যেখানে পদ্যের শুধু প্রথমার্দ্ধ আছে সেখানে এক দাঁড়িতে শেষ করা হইয়াছে; আর যেখানে শুধু দ্বিতীয়ার্দ্ধ আছে, সেখানে দুই দাঁড়ি পড়িয়াছে।

নিদেঁর স্বপনে রাজা হব দরশন।
পালঙ্কে ফেলাইব হস্ত নাই প্রাণের ধন॥
দশ গিরির (১) মাও বইন (২) রবে স্বামী লইবে কোলে।
আমি নারী রোদন করিব খালি ঘর মন্দিরে॥
খালি ঘর যোড়া টাটি মারে লাঠির ঘা।
বয়স কালে যুবতী রাড়ী নিত কলঙ্কে (৩) রাও।
আমাক সঙ্গে করি লইয়া যাও॥
জীয়ব জীবন ধন (৪) আমি কন্যা সঙ্গে গেলে।
রান্ধিয়া দিমু অন্ন ক্ষুধার কালে॥
পিপাসার কালে দিমু পানী।
হাঁসিয়া খেলিয়া পোহামু রজনী॥
আইল পাতার দেখিলে কথা কহিয়া যামু। (৫)
গিরি লোকের বাড়ী গেলে গুরু স্বামী বলিমু॥ (৬)
শীতল পাটী বিছাইয়া দিমু বালিসে হেলান পাও।
হাউস রঙ্গে যাতিমু হস্ত পাও॥
হাতখানি দুঃখ হইলে পাওখানি যাতিমু।
এ রঙ্গর কৌতুকর বেলা শুতি ভুঞ্জিম এ শুতি ভুঞ্জাইমু॥
গ্রীষ কালে বদনত দিমু দণ্ড পাথার বাও।
মাঘ মাসি শীতে ঘেষিয়া রমু গাও॥
মাঘ মাসি শীতে মরিচর ঝোল।
ইন্দ্র মিঠা ভুঞ্জাইমু এক শত নারীর কোল॥

রাজার উত্তর।

সার্দ্ধ যামে (২) সারি উঠে শত শত কুড়া ॥
ঘাস কেটে বোঝা বেঁধে বাসে যায় চলে।
পাটা পেড়ে প্রাণপণে পোষে দুটী ছেলে ॥
এইরূপে প্রতিদিন পাইটগুলি করে।
প্রভাতে নিড়াতে যায় আসে দেড় পরে ॥

জোঁকের উৎপাত।

জানিলা যোগিনী জটিলের মনোরথ।
জলে স্থলে জলৌকা পাঠাল্য দুই মত (৩) ॥
ছোট ছোট ছিনে জোঁক ছুটে বুলে ঘাসে (৪)।
জলে বুলে হেতে জোঁক রুধিরের আশে ॥
প্রভাতে নিড়াতে ক্ষেতে নাবে বৃকোদর।
আইড়ের (৫) উপরে ঘাসে বসে মহেশ্বর ॥
জোঁক ধরে দোঁহারে জানিতে নারে কেহ।
দূর দূর পাট্টে দৃষ্টি দেখে নাহি দেহ ॥
নিড়ান সমাপ্ত করি বৎসরের মত।
হরিধ্বনি করি উঠে হয়ে হরষিত ॥
তখন দেখিল জোঁক পাইল মহাভয়।
হাতে পায় ধরেছে হাজার পাঁচ ছয় ॥
বিকল হইয়া উঠে বাড় বাড় করে।
প্রাণপণে যত টানে তত যায় সরে ॥
পিছলিয়া যায় পা ছিঁড়ে ছাড়ে নাই।
মরি মরি করি আইল মহেশের ঠাঁঞি ॥
মুকুন্দে মগন ছিল মহেশের মন।
জানে নাই ছিনা জোঁক ধরেছে কখন ॥
ভীমে দেখি বলে ভোলা ভয় নাই তোর।
আপনার দেহ দেখ প্রাণ রাখ মোর ॥

---

(১) বুড়া=বৃদ্ধ শিবঠাকুর।

(২) দেড় প্রহরে।

(৩) দুর্গা শিবের অভিপ্রায় (অর্থাৎ কৃষিকার্য্য লইয়া থাকিবেন, গৃহে আসিবেন না) বুঝিয়া দুই প্রকারের জোঁক পাঠাইলেন।

(৪) ছিনা জোঁক; ইহারা ডাঙ্গার ঘাসবনে থাকে।

(৫) আইলের।

জোঁক নিবারণ।

চেয়ে চন্দ্রচূড় চুণে লুণে দিল ঘসে।
রক্ত বান্তি করি মৈল সব গেল খসে॥
যুক্তি করি জল কাটে জল বয়ে যান।
অর্দ্ধ ভাদ্রপদ মাসে রৌদ্র পাইল ধান॥
পিছু পরিপূর্ণ করি বান্ধিলেন জল।
ডুবে রয় থাড় যেন দেখা যায় জল॥
আশ্বিন কার্ত্তিক মাসে নাহি করে হেলা।
পদাঘাতে যোগ মারে ঘারে দেই চেলা॥
ডাক সংক্রমণ দিনে ক্ষেতে পুতে নল।
কার্ত্তিকের কত দিনে কেটে দিল জল॥

ধান্য-বিকাশ।

ধরণী সুধন্যা হৈল ধান্য আইল ফুলে।
ভোলানাথ রহিলেন ভবানীকে ভুলে॥
চন্দ্রচূড় চরণ চিন্তিয়া নিরন্তর।
ভবভাব্য ভদ্র কাব্য (১) ভণে রামেশ্বর॥

শাঁখারীরূপে ছদ্ম-বেশী শিবের আত্ম-নিন্দা-চ্ছলে দুর্গার পরীক্ষা।

পরিহার মানি তোরে লো সুন্দরি পরিহার মানি তোরে।
যুবা বয়সে ছাড়িয়া মহেশে সতীত্ব জানাহ মোরে॥

শিব-নিন্দা।

নারীর কৌমারে পিতা রক্ষা করে
যৌবনে রক্ষক প্রভু।
বৃদ্ধে পুত্র পালে নারী তিন কালে
স্বতন্তরা নহে কভু॥ (২)
বৃদ্ধ বলি স্বামী শিবে ত্যজ তুমি
কেমন আঁড়রা মেয়ে।
এ হেন রূপসী বাপ ঘরে বসি
বঞ্চ কার মুখ চেয়ে॥
সে বৃদ্ধ নির্ধন তোমাগত প্রাণ
উভয়ে একাঙ্গ বট।

---

(১) 'ভদ্র কাব্য' কথায় ভদ্রেতর সাধারণ্যে যে শিবের গান প্রচলিত ছিল, তৎপ্রতি সম্ভবতঃ ইঙ্গিত আছে।

(২) "পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তা রক্ষতি যৌবনে।
পুত্রস্তু স্থবিরে রক্ষেৎ স্ত্রিয়ো নাস্তি স্বতন্ত্রতা॥"

তারে করি ক্রোধ কিবা সাধ শোধ
যৌবন করিলে নষ্ঠ॥

এত যদি ছিল মনে।
তবে তপ করি পতি ত্রিপুরারি
অঙ্গীকার কৈলে কেনে॥
কঠিন হৃদয় * নাহি ধর্ম্ম-ভয়
রাজকন্যা হৈলে বৃথা।
সতীর লক্ষণ বলি শুন শুন
শাঁখারী মূর্খের কথা॥
বৃদ্ধ মূর্খ জড় রোগী দুঃখী বড়
দুর্জ্জন দুর্ভাগা পতি। (১)
দেব বুদ্ধে যেবা করে তার সেবা
সে ধনী বলান সতী॥
কার্য্যে দাসীসমা পৃথ্বীসম ক্ষমা
যুক্তে মন্ত্রী কথা মাধ্বী।
* * ভোজনে জননী (২)
সে ধনী বলায় সাধ্বী॥ (৩)
তোর সতীপণা সব গেল জানা
শঙ্খ পরিবে ত পর।
রক্ষ রামেশ্বরে চল নিজ ঘরে
স্বামীরে সন্তোষ কর॥

সতীর উত্তর।

শিবা বলে সয়া আমি শঙ্করের নারী।
তোর মত কত জনে শিখাইতে পারি॥
তবে আর কি তোমার বৃথা ডাকাডাকি।
ঘর করিতে হাণ্ডীয়ে হাণ্ডীয়ে হয় ঠেকাঠেকি॥ (৪)

---

(১) "বৃদ্ধো মূর্খশ্চ দরিদ্রো জড়ো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী॥"

(২) "ক্রোধে দাস্তা * * * ভোজনে জননী-সমা।
বিপত্তৌ বুদ্ধি-দাত্রী চ সা নারী প্রাণ-দুর্লভা॥"

(৩) "আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা॥"

(৪) ঘর করিতে হইলে হাঁড়ীতে হাঁড়ীতে ঠেকাঠেকি হয়, অর্থাৎ মধ্যে মধ্যে কলহ হওয়া অপরিহার্য্য।

আছিল শঙ্খের সাধ চেয়েছিলাম শিবে।
তোমার কল্যাণে আশা পূর্ণ হৈল এবে॥
দশ দিন এসেছি দুদিন বৈ যাব।
তোমার মনে কি এথা চিরকাল রব॥
সূর্য্যের কিরণ যেন দেখ জগন্ময়।
সূর্য্যের আশ্রিত কিন্তু সূর্য্য ছাড়া নয়॥
তেমতি জানিবে সয়া গৌরী আর হর।
এক তিল দোঁহে ছাড়া নহে পরস্পর॥
শুনি ত্রিপুরার বাণী বলে ত্রিপুরারি।
সই তোর কথার বালাই লয়ে মরি॥

শিবের পুত্রগণ সহ আহার ও দুর্গার অন্নদান।

যোত্র করি পুত্র দুটী লয়ে দুই পাশে।
পাতিত পুরট পীঠে পুর হর বসে॥
তিন ব্যক্তি ভোক্তা এক অন্ন দেন সতী।
দুটী সুতে সপ্ত মুখ পঞ্চ মুখ পতি॥
তিন জনে একুনে বদন হৈল বার।
গুটি গুটি দুটী হাতে যত দিতে পার॥
তিন জনে বার মুখ পাঁচ হাতে খায়।
এই দিতে এই নাই হাঁড়ী পানে চায়॥
দেখি দেখি পদ্মাবতী (১) বসি এক পাশে।
বদনে বসন দিয়া মন্দ মন্দ হাসে॥
শুক্তা খেয়ে ভোক্তা চায় হস্ত দিয়া শাকে।
অন্ন আন অন্ন আন রুদ্রমূর্ত্তি ডাকে॥
কার্ত্তিক গণেশ ডাকে অন্ন আন মা।
হৈমবতী বলে বাছা ধৈর্য্য হয়ে খা॥
মূষগ মাএর বোলে মৌন হয়ে রয়।
শঙ্কর শিখায়ে দেন শিখিধ্বজ কয়॥
রাক্ষস ঔরসে জন্ম রাক্ষসীর পেটে।
যত পাব তত খাব ধৈর্য্য হব বটে॥
হাসিয়া অভয়া অন্ন বিতরণ করে।
ঈষদুষ্ণ সূপ দিল বেসারির পরে॥

---

(১) দুর্গার সহচরী।

লম্বোদর বলে শুন নগেন্দ্রের ঝি।
সুপ হৈল সাঙ্গ আন আর আছে কি ॥
দড়বড় দেবী এনে দিল ভাজা দশ।
খেতে খেতে গিরিশ পাকের গান যশ ॥
সিদ্ধি দল কোমল ধুতুরা ফল ভাজা।
মুখে ফেলে মাথা নাড়ে দেবতার রাজা ॥
উল্বণ চর্ব্বণে ফের ফুরাল ব্যঞ্জন।
এককালে শূন্য থালে ডাকে তিন জন ॥
চটপট পিশিত মিশ্রিত করি যূষে।
বায়ুবেগে বিধুমুখী ব্যস্ত হয়ে আইসে ॥
চঞ্চল চরণেতে নূপুর বাজে আর।
রণ রণ কিঙ্কিণী কঙ্কণ ঝণৎকার ॥
দিতে নিতে গতায়াতে নাহি অবসর।
শ্রমে হৈল সজল কোমল কলেবর ॥
ইন্দু-মুখে মন্দ মন্দ ঘর্ম্মবিন্দু সাজে।
মৌক্তিকের পংক্তি যেন বিদ্যুতের মাঝে ॥
খরবাম্বে সুপম্বে নর্ত্তকী যেন ফিরে।
সুরস পায়স দিল পিষ্টকের পরে ॥
হর-বধূ অম্লমধু দিতে আর বার।
খসিল কাঁচলি হৈল পয়োধর ভার ॥
নাটা পাটা হাতে বাটা আলাইল কেশ।
গব্য বিতরণ কৈল দ্রব্য হৈল শেষ ॥
ভোক্তার শরীরে মূর্ত্তি ফিরে ভগবতী।
ক্ষুধারূপ অন্তে কৈল শান্তিরূপে স্থিতি ॥
উদর হইল পূর্ণ উঠিল উদ্গার।
অবশেষ গণ্ডূষ করিতে নারে আর ॥
হট করে হৈমবতী দিতে আনে ভাত।
শার্দ্দূল-ঝম্পনে (১) সভে আগুলিল পাত ॥
যশস্বিনী যোত্র জানি যাঁচে বারম্বার।
ক্ষমা কর ক্ষেমঙ্করী ক্ষোভ নাহি আর ॥

---

(১) "হাঁহাঁ দেয়ং হুঁহুঁ দেয়ং দেয়ঞ্চ কর-কম্পনে।
শিরঃ-সঞ্চালনে দেয়ং ন দেয়ং ব্যাঘ্র-ঝম্পনে ॥"

আচমন মুখশুদ্ধি সারি সুতসনে।
সন্তোষে বসিলা শিব শার্দ্দূল-অজিনে॥
পশ্চাতে পার্ব্বতী গিয়া পাখালিল হাত।
রাণী আইল আপনি সভারে দিতে ভাত॥
গঙ্গাজল দিয়া স্থল করিয়া কামিনী।
রত্নপীঠ রূপসী রাখিল তিন খানি॥
কন্যা পুত্র দুদিকে পর্ব্বত মধ্যভাগে।
গৌরীকে গৌরব করি দিয়াইল আগে॥
যত্ন করি জনক জননী দুই জন।
পূর্ণ করি পার্ব্বতীরে করাইল ভোজন॥
পশ্চাৎ পর্ব্বত লয়ে মৈনাক-নন্দন।
গৃহস্থ গৌরীর বাপ করিলা ভোজন॥(১)
দাস দাসী সকলে সকল দিয়া পিছু।
চেঁছে পুঁছে খাইল রাণী রেখেছিল কিছু॥(২)
চন্দ্রচূড়-চরণ চিন্তিয়া নিরন্তর।
ভবভাব্য ভদ্র কাব্য ভণে রামেশ্বর॥

বিবিধ ধান্যের নাম।

হরিশঙ্কর হইল ধান্য হাতিপাঞ্জর হুড়া।
হরকুলি হাতিনাদ হিঞ্চি হলুদগুঁড়া॥
কেলেকানু কেলেজীরা কালিয়াকার্ত্তিকা।
কয়াকচ্চা কাশীফুল কপোতকণ্ঠিকা॥
কালিন্দী কটকী কুসুমশালি কনকচূড়।
দুধরাজ দুর্গাভোগ পর্দ্দেশী ধুস্তূর॥
কৃষ্ণশালি কোঙরভোগ কোঙরপূর্ণিমা।
কল্মীলতা কনকলতা কামোদগরিমা॥
খেজূরথুপী খয়েরশালি ক্ষেমগঙ্গাজল।
গয়াবালি গোপালভোগ গৌরীকাজল॥
গন্ধমালতী গুয়াথুপী গুণাকর।
চামরঢালি চন্দনশালি কৈল তার পর॥

---

(১) "গৃহস্থঃ শেষভুগ্‌ভবেৎ।"

(২) সকলের ভোজন সমাধা হইলে হাঁড়ীতে যাহা কিঞ্চিৎ অবশিষ্ট ছিল, তাহাই খাইলেন।

ছত্রশালি জটাশালি জগন্নাথভোগ।
জামাইলাড়ু জলারাঙ্গী জীবনসংযোগ॥
ঝিঙ্গাশালি বলাইভোগ ধুন্ধা বিলক্ষণ।
নিমুই নন্দনশালি রূপনারায়ণ॥
পাতসাভোগ পায়রারস পরম সুন্দর।
পিপীড়াবাঁক্ তিলসাগরী কৈল তারপর॥
বাঁকশালি বাকইবুয়ালি দাড়বঙ্গী।
বাঁকচুর বুড়ামাত্রা রামশালি রাঙ্গী॥
রাঙ্গামেটে রামগড় রঞ্জয় করি।
পুণ্যবতী ধান্য রাখে নাম ধরি ধরি॥
লক্ষ্মীপ্রিয় লাউশালি লক্ষ্মীকাজল।
ভোজনা ভবানীভোগ ভুবন উজ্জ্বল॥
সীতাশালি শঙ্করশালি শঙ্করজটা।
এই মত আর কত হৈল ধান্য ঘটা॥ (১)
লক্ষ নাম লক্ষ্মী হয়ে কৈল লোকহিত।
কত নাম কব তার কহিল কিঞ্চিৎ॥
পাংশুধারী পশ্চাৎ পার্ব্বতী কন কি।
প্রকাশিলা পূর্ণ কলা পর্ব্বতের ঝি॥

শিবের গান।

দ্বিজ কালিদাস—কালিকা-মঙ্গল—১৮শ শতাব্দী।

শিবের সন্ন্যাসি-বেশে গৌরীকে ছলনা।

[বৃহৎ গ্রন্থ। রচনা সরস ও প্রাঞ্জল; রচনা দৃষ্টে মনে হয় ভারতচন্দ্রের কালিকা-মঙ্গল রচিত হওয়ার অব্যবহিত পরে এই পুস্তক রচিত হইয়াছিল। কবি গার্হস্থ্য চিত্র অঙ্কন করিতে পটু।]

আজানু-লম্বিত জটা কপালে রুধির-ফোটা
রুধিরের অর্দ্ধচন্দ্র ভালে।
খুলে ফেলে বাঘাম্বর পরিলেন রক্তাম্বর
রুদ্রাক্ষের মালা পরে গলে॥

---

(১) এই নামগুলির সঙ্গে ১১৬ পৃষ্ঠায় প্রদত্ত শূন্য-পুরাণের ধান্যের নামের তুলনা করুন।

করে ছিল ডম্বুর আর শিঙ্গা সুমধুর
সে সকল পরিত্যাগ করে।
ছলিতে প্রিয়ার মন ছদ্মবেশে পঞ্চানন
সব্য হস্তে সুখে শূল ধরে ॥
কক্ষদেশে ভিক্ষা-ঝুলি হাতে বিভূতির গুলি
স্ফটিকের শোভে জপমালা।
এইরূপ করে বেশ বিশ্বনাথ অবশেষ
উত্তরিলা যথা গিরিবালা ॥
দেখেন প্রস্তর-কন্যা শিব বিনা হএ দৈন্যা
কষ্ট করে করেন সাধন।
ভবানীর ভাব দেখে ভব কহিছেন ডেকে
পরিহাস করি এতক্ষণ ॥
শুন অহে সুন্দরি কেন সম শির করি
চক্ষু মুদে ভাব কোন্ জনে।
কি দুঃখে বা নিশাকালে চতুর্দ্দিকে অগ্নি জ্বালে
তপ জপ কর কি কারণে ॥
কমল হইতে অমল তব বদন কোমল
রূপ দেখে মোহয় মুনি।
কোন্ দুঃখে হয়ে দুঃখী কষ্ট কর শশিমুখি
বিশেষে বলহ্ তাহা শুনি ॥
কিবা জাতি কোথা ধাম কিবা তব হয় নাম
কাহার নন্দিনী তুমি ধনী।
না করিহ প্রতারণা সত্য বল সুলোচনা
তুমি হও কাহার রমণী ॥
শুনিয়া কহেন গৌরী আমি নাম ধরি গৌরী
পিতা মোর নাম হিমালয়।
শুন শুন হে গোসাঞি সত্য বলি তব ঠাঞি
অদ্যাবধি বিভা নাঞি হয় ॥
শুনে কহেন ত্রিপুরারি আহা আহা মরি মরি
কি কথা কহিলে বিনোদিনি।
বুঝিয়াছি হে রূপসী বিভা বিনা বনবাসী
হইয়াছ হএ অভিমানী ॥
ছি ছি তব বাপ মায় কেমনে নিশ্চিন্ত রয়
বিভা নাহি দেয় কি কারণে।

বলে কএ বাপ মাএ বিভা কর ত্বরাএ
এভাব ঘুচাহ এক্ষণে ॥
সন্ন্যাসীর কথা শুনে ঈষৎ হাস্য বদনে
কাত্যায়নী করেন উত্তর।
শুন হে জটিল বর পাব বলে ভাল বর
পূজা করি দেব মহেশ্বর ॥
আমার মনের আশ অন্যতে নাঞি পিয়াস
ত্রিভুবনে আছে যত জন।
অনুগ্রহ করি মোরে শিব যদি বিভা করে
তবে বিভা করিব এখন ॥
সে পদ মনে ভাবিএ শিবলিঙ্গ নির্ম্মাইএ
সদা করি শিবের সাধন।
শিব বিনে অন্য জনে না দেখি না জানি মনে
কালী নাম করি এ রচণ ॥

গৌরীর শিবকে বর-রূপে মনন।

ব্রহ্মচারী বলে ছি ছি কি কথা কহিলে।
শিব পূজিবাবে তোরে কে শিখাইএ দিলে ॥
কি ফল পাইবে তুমি শিব পূজা করে।
কেন দুঃখ পায় চলে যায় নিজ ঘরে ॥
ভিক্ষা মাগে মরে সদা শিব দ্বারে দ্বারে।
কখন সে এ যে বর দেয়াবে তোমারে ॥
কি বর মাগবে বল ভিখারীর ঠাঞি।
ক্ষমতা থাকিলে তার ঘরে অন্ন নাই ॥
মহেশ্বর হবেন বর তোর অভিমত।
দিয়ে মন বিবরণ শুন দোষ যত ॥
হাড়মালা জপেন সদা বাঘছাল পরে।
কেহ নাহি কাছে যান ভুজঙ্গের ডরে ॥
ভাঙ্গ খেএ চড়ে ষাঁড়ে শ্মশানে বেড়ায়।
চন্দন বলিএ চিতাভস্ম মাখে গায় ॥
শ্মশানে মশানে রয় নাহি বাসস্থান।
দেবতাবর্গেতে তারে না করে সম্মান ॥
পাগল বলিএ তারে লোকে নিন্দা করে।
বিবেকে (১) খাইল বিষ মরিবার তরে ॥

কপট সন্ন্যাসীর শিব-নিন্দা।

(১) মনোদুঃখে। এই শব্দ কথিত ভাষায় অনেক স্থলে "বিরাগে"র অর্থে ব্যবহৃত হয়।

ভাঙ্গড়ের মৃত্যু শীঘ্র নাহি কদাচন।
নাহি মৈল হলাহলে করিএ ভক্ষণ ॥
তোমা হেন পদ্মিনী কি পাগলেরে সাজে।
বুড়া বরে মনে ধরে ছি ছি কোন্ লাজে ॥
শম্ভুর স্বধন নাই নাহিক ভরসা।
তার ঘরে গেলে পরে ঘটিবে দুর্দ্দশা ॥
তাই বলি বিধুমুখি না করিহ পণ।
তোর যোগ্য বর নহে ক্ষেপা পঞ্চানন ॥
ইন্দ্র দেবরাজ যদি দেখা পায় তোরে।
তোমার মাথার দিব্য শচী ত্যাগ করে ॥
বিষ্ণু যদি তোমারে তিলেক তরে পান।
লক্ষ্মী-সরস্বতী পানে ফিরিয়া না চান ॥
না হয় তোমাকে আর বলি এক কথা।
আমিএ একাকী মোর নাহিক বনিতা ॥
কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস ॥

গিরিরাজ হিমালয়ের সঙ্গে সন্ন্যাসি-বেশী শিবের বাদানুবাদ ও গিরিরাজ-কৃত শিবের বন্ধন।

গৃহে আসি গিরি রায় গঙ্গাধরে দেখা পায়
ছদ্মবেশে বসে ত্রিলোচন।
ক্রোধেতে শিখরবর হরে করে কটূত্তর
বলে তোর একি আচরণ ॥
শুন রে ভণ্ড অজ্ঞান নাহি তোর কাণ্ডজ্ঞান
প্রকাণ্ড শরীর মাত্র সার।
নাই কিছু বোধাবোধ কোন্ সাহসে রে অবোধ
অন্তঃপুরে আইলি আমার ॥
হিমে কহে ত্রিপুরারি শুন নিবেদন করি
শ্বশুর গো করহ স্মরণ।
দেখে তব গৌরী কন্তে জামাই হবার জন্তে
তব পুরে হইল আগমন ॥
কথা শুনে হিমালয় আর রাগে অঙ্গ দয় (১)
অতিশয় কোপেতে কম্পয়।

(১) দগ্ধ হয়।

বলে সবে দেখ যেয়ে মৈল বেটা মারি খেয়ে
নষ্ট বেটা দুষ্ট কথা কয়॥
এত কয় গিরিবর হএ ক্রোধিত অন্তর
তিরস্কার করে হরে কত।
কোপে কহে কিঙ্করে মুষ্টি ভিক্ষা দিএ এরে
ধাক্কা মেরে করহ নির্গত॥
হিমে বলেন ত্রিপুরারি কিবা ভিক্ষা দিবে গিরি
অন্য-ভিক্ষা-উপজীবী নই।
যদি হয় পুণ্যবান্ কন্যা-রত্ন কর দান
মর্ম্ম-দুঃখে সাম্য তবে হই॥
হরের উত্তর শুনে গিরি মহাকোপ-মনে
হরে কটু কহে কত কব।
বলে বেটা এত জোর একটা চড় মেরে তোর
কাঁথা বাঘছাল কেড়ে লব॥
হাসি বলেন ত্রিপুরারি শুন শুন শুন গিরি
কাঁথা ঝুলি সব তুমি লয়।
ইহা আমি নাই চাই কেবল হব জামাই
মম বামে গৌরীরে বসায়॥
এইরূপ বাক্যব্যয় গিরি শঙ্করেতে হয়
পুথি বাড়ে সকল লিখিতে।
গিরি ভাবে একি হল সন্ধ্যা পূজা বএ গেল
সন্ন্যাসীর সঙ্গেতে দ্বন্দ্বেতে॥
গিরি করিল বিচার ইহার যে প্রতিকার
করে যাব সন্ধ্যাপূজা করে।
এক্ষণেতে এ বেটারে বান্ধিয়া যুগল করে
কুঞ্জি (১) দিএ বন্দী করি ঘরে॥
এতেক ভাবিএ পরে বন্ধন করিএ হরে
গঙ্গা-স্নানে গেলা গিরিবর।
ত্রিপদীর ছন্দ ধরে পাঁচালীর মত করে
বর্ণন করিল দ্বিজবর॥

---

(১) কুন্দ=এক রকম যন্ত্রণাদায়ক যন্ত্র। প্রাচীন কালে অপরাধী-দিগকে কুঁদে আবদ্ধ করার কথা শুনা যায়।

বরবেশে বৃদ্ধ শিব।

কহে রামাগণ এই কি বর।
এটা যে ভাঙ্গড় ভূতুড়ে হর ॥
আহা মরি উমা রূপের চূড়া।
সে কপালে হলো ত্রিকাল-বুড়া ॥
পূর্ণচন্দ্র জিনি উমার মুখ।
... ...
উমার কুন্তল মেঘের মালা।
এ বুড়ার জটা তামার শলা ॥ (১)
সিন্দূরের বিন্দু উমার ভালে।
বুড়ার কপালে অনল জ্বলে ॥
চন্দনে চর্চ্চিত উমার কায়।
আই আই ছাই বুড়ার গায় ॥
উমার বসনে বিচিত্র কায।
দিগম্বর বর একি গো লাজ ॥
রতনে শোভিত গিরীন্দ্রবালা।
বরের গলে যে হাড়ের মালা ॥
তাড় তোড় বালা উমার গায়।
বুড়ার বপুতে ফণী ফোঁফায় ॥
নীল উৎপল উমার আঁখি।
ওড্র ফুল (২) সম ইহার দেখি ॥
আহা মরি উমা সোণার লতা।
বাউলের করে দিল বিধাতা ॥
চকোর মুখেতে যাহা না পায়।
সেই সুধা বিধি কাকেতে খায়ায় ॥
এইরূপে কহে রমণীগণ।
শুনিএ হাসেন শিব তখন ॥
পাগলের বেশ শঙ্করে হেরে।
রাণীর নয়নে সলিল ঝরে ॥
কালীর চরণ করে স্মরণ।
দ্বিজ কালিদাস করিল রচন ॥

---

(১) "বুড়ার জটা তামার শলা"—ভারতচন্দ্রের অন্নদামঙ্গল।

(২) জবাফুল।

দেখিএ বরের ঠাম যত রামাগণ।
অবাক হইল সবে না সরে বচন॥
বরের ভঙ্গিমা দেখি রাণী দুঃখ-মনা।
রাগস্বরে নারদেরে করএ ভৎ র্সনা॥
আরে রে নির্ব্বংশে মিন্‌সে কোথায় লুকালি।
চক্ষু খেএ কি বুঝিএ এ বরে আনিলি॥
কি কহিব কোথা যাব গেল গিরি কোথা।
নারদার মন্ত্রণাতে খেল মোর মাথা॥
উমা কন্যা জগৎ-ধন্যা বিদ্যুৎ-সমান।
হেন বরে প্রাণ ধরে কেবা করে দান॥
অভাগীর ভাগ্যে যে দুঃখের সীমা নাই।
অন্তদন্তহীন (১) বিধি মিলাল জামাই॥
নিজে রাজরাণী গৌরী রাজার নন্দিনী।
রাজপুত্র জামাই হইবে এই জানি॥
সে সকল সাধে সাধ ভাঙ্গিলেন বিধি।
ভিখারীকে দিতে হইল উমা-রত্ননিধি॥
ওগো উমা এতদিন কি তপ করিলি।
ভূতুড়ে সাপুড়ের কপালে পড়িলি॥
এই মত শিখরিণী হএ ক্ষুণ্ণ মনে।
হাতের কঙ্কণ রামা কপালেতে হানে॥
হেন কালে চক্রপাণি রঙ্গ দেখিবারে।
ইঙ্গিতে নন্দীরে পাঠাইল অন্তঃপুরে॥
বিষ্ণুর ইঙ্গিত পেএ নন্দী মহাজন।
মেনকারে ছলিবারে আইল তখন॥
বিকৃতি আকার ভূত দেখি ভয় হয়।

বিবাহ-সভায় নন্দী ও প্রেতগণ।

* * * *

কাছে আসি হি হি হি হি হাসিয়া চলিল।
উলঙ্গ ভৈরব দূত নাচিতে লাগিল॥
আই আই বলে ভূত মুখেতে লাফায়।
হেরে রাণী অমনি ভয়েতে মৃতপ্রায়॥
মেয়েগুলো ভূত দেখে অদ্ভুত ভাবিএ।
পলায় পলায় বলে যাএ পলাইএ॥

(১) অনন্ত এবং দাঁত-পড়া।

ও মা একি বলিএ সকল মেয়ে চলে।
কেহ বলে মেনকারে ভূতে বুঝি পেলে॥
এই মতে রামাগণ বোল আরম্ভিল।
রঙ্গ দেখে ভৃঙ্গী বেটা হাসিতে লাগিল॥
এইরূপ রঙ্গ ভঙ্গ দেখি গঙ্গাধর।
উমার ইঙ্গিতে হৈলা রাজ-রাজেশ্বর॥

শিবের যুবক-বেশ।

রজত-শিখর জিনি রূপের বরণ।
ভবানীর ভাবে ভব হইলা মোহন॥
মণিময় অলঙ্কার শোভিত শিরেতে।
মনোহর মুকুট শোভয়ে মস্তকেতে॥
অগুরু চন্দন চুয়া অঙ্গময় মাখা।
জিনি পদ্ম মুখপদ্ম তাহে গোপরেখা॥
ছাদনাতলাতে ছিল যত রামাগণ।
অপরূপ রূপ দেখি মোহ সর্ব্বজন॥
মেনকা দেখিল আর পূর্ব্ব বেশ নাই।
মনোহর বর এবে হইলা জামাই॥
সুখী হএ সর্ব্বজন বরণ করয়।
কেহ করে শঙ্খধ্বনি কেহ হুলু দেয়॥
কোন ধনী ধুস্তুরার প্রদীপ জ্বালিল।
কেহ বা লইয়া পাণ নিছাএ ফেলিল॥
কোন ধনী গুড় চালি দেয় বর অঙ্গে।
ঝালি ঝড়া দিয়ে কেহ রঙ্গ করে রঙ্গে॥
করেতে জলের ঝারি থমকে থমকে।
বরে প্রদক্ষিণ করে ঠমকে ঠমকে॥
নাকেতে ছেচায় নল হাতে দেয় মাকু।
মেনকা শিবেরে কন ত্যাগ কর বাপু॥
এই মতে স্ত্রী আচার সমাপ্ত হইল।
অপরেতে বর কন্যা সভায় লইল॥
বেদমন্ত্র পড়িতে লাগিলা পুরোহিত।
হরে গৌরী সপেন (১) গিরি পুলকে পূর্ণিত॥
আনন্দেতে বর কন্যা বাসরেতে যায়।
কালিদাস কালীগুণ রচয়ে ভাষায়॥

---

(১) সমর্পণ করেন।

শিবদুর্গার কৈলাস গমন।

এইরূপে শুভ নিশি সুপ্রভাত হইল।
বাসর হইতে বর বাহিরে আইল॥
শঙ্কর কহেন তবে শৈল-নৃপবরে।
কৈলাসেতে যাব সঙ্গে পাঠায় (১) উমারে॥
সজল নয়ন গিরি স্বীকার পাইল।
মেলানীর (২) ভার কত প্রস্তুত করিল॥
উমার গমন কথা শুনে শিখরিণী।
ধরাতলে পড়ে কান্দে যেন উন্মাদিনী॥
অভিষিক্ত হৈল রাণী নয়নের জলে।
কুররী (৩) পক্ষিণী প্রায় কান্দে উমা বলে॥
ধরিএ মায়ের কণ্ঠ মহামায়া করে।
উ মা উ মা বলে উমা কান্দে উচ্চস্বরে॥
রাণী বলে ওগো উমা কি করি উপায়।
কোন্ প্রাণে তোমা ধনে দিব গো বিদায়॥
অশেষ করুণা করে রাণী কেন্দে সারা।
সামান্যের প্রায় তায় সাম (৪) দেন তারা॥
পড়িএ মায়ার ফান্দে কান্দে সর্ব্বলোকে।
শিবারে লইয়া শিব যাএ কৈলাস-মুখে॥
হাসিতে হাসিতে হর গৌরী সঙ্গে লয়ে।
উত্তরিলা কৈলাসেতে আনন্দিত হয়ে॥

কৈলাসে।

এইরূপে সদানন্দ সানন্দ মনেতে।
আনন্দা সহিত ক্রীড়া করেন রঙ্গেতে॥
একদিন উমাপতি কহেন উমারে।
এক সন্দেহ আছে প্রিয়া আমার অন্তরে॥
শিবানী কহেন দেব সে আর কেমন।
হর বলে হৈমবতি শুন দিএ মন॥
একবার আমারেত বিড়ম্বনা করে।
কৃতার্থ করিলে গিয়া গিরি-মেনকারে॥

---

(১) "ও" স্থলে "য়" এই পুঁথির সর্ব্বত্র ব্যবহৃত হইয়াছে। এখানে পাঠায়=পাঠাও। (২) মেলানী=বিদায়; এখানে 'মেলানীর ভার' অর্থ বিদায়-কালের তত্ত্ব। (৩) কুররী=কাঠ-ঠোক্‌রা। (৪) সাম=যোগ।

যে দুঃখ পেএ আমি তোমা বিহনেতে।
বলিতে না পারি তাহা পঞ্চম মুখেতে॥
হে দুর্গে আমার তুমি দেহ প্রাণ ধন।
সধন বৈভব সব তোমার চরণ॥
অসাধ্য সাধন করি প্রসাদে তোমার।
তব নাম জপি করি গরল আহার॥
সুখমোক্ষদাত্রী তুমি মম মূলাধার।
তোমা বিনে গতি সতি নাহিক আমার॥
পুনর্ব্বার যদি মোরে ত্যাগ কর প্রিয়ে।
আর না রহিব প্রাণ তোমা ছাড়া হয়ে॥
তাই বলি তোমা ছাড়া কেমনে রহিব।
ইচ্ছা করি দু অঙ্গ ঘুচাএ এক হব॥
যদি তুমি অনুমতি কর বিশ্বময়ী।
যুগল ঘুচিএ এস এক অঙ্গ হই॥
শুনিএ শঙ্করী হরে করিল উত্তর।
তব আজ্ঞা না লঙ্ঘিতে পারি মহেশ্বর॥
এত বলি একত্র হইলা উভয়েতে।
এক অঙ্গ দ্বিরূপ হইলা আচম্বিতে॥ অর্দ্ধ-নারীশ্বর।
অর্দ্ধ অঙ্গ রজত পর্ব্বত জিনি আভা।
অর্দ্ধ অঙ্গ সুবর্ণ জিনিএ করে শোভা॥
অর্দ্ধ শিরে জটাজূট ভুজঙ্গ বেষ্টিত।
অর্দ্ধ শিরে মণিময় মুকুট মণ্ডিত॥
এক নেত্র ঢুলু ঢুলু করে ধুস্তূরায়।
এক নেত্রে কজ্জল পূরিত শোভা পায়॥
এক কর্ণে শঙ্খের কুণ্ডল ঘন দোলে।
অন্য কর্ণে মাণিকের কনক ফুল ঝোলে॥
অর্দ্ধ গলে অস্থিমালা মহা শোভা পায়।
গজ-মুকুতার হার অর্দ্ধেক গলায়॥
কটিতটে অর্দ্ধেক রহিল বাঘাম্বরে।
আর অর্দ্ধ কটিতে রহিল রক্তাম্বর॥
এক পদে কাষ্ঠের পাদুকা শোভা পায়।
রতন নূপুর শোভা করে অন্য পায়॥
এক হস্তে ডম্বুর ধরিলা পঞ্চানন।
অন্য হস্তে পদ্মপুষ্প করিলা ধারণ॥

এইরূপে লীলা প্রকাশিলা গঙ্গাধর।
হর গৌরী ঘুচে হৈলা অর্দ্ধ-নারীশ্বর॥
কালিদাস বলে মাগো এই আকিঞ্চন।
মৃত্যুকালে দিতে হবে যুগল চরণ॥

কুচনী নগরে।

শঙ্কর শঙ্করী লয়ে সরস অন্তরে।
বিরাজ করেন সুখে কৈলাস-শিখরে॥
একদিন ভূতনাথ বৃষভে চাপিএ।
ভিক্ষা হেতু চলিলেন গৌরীরে কহিএ॥
ভ্রমিতে ভ্রমিতে ভব ভাবিয়া চিন্তিয়া।
রসের কুচনী-পাড়ায় উত্তরিলা গিয়া॥
কৃত্তিবাসে হেরি যত কোচের রমণী।
বুড়া আইল বলে হেসে তোষে সব ধনী॥
কোন ধনী কহে ওহে রসিকের চূড়া।
আমা সভা ভুলে কোথা ছিলে ওহে বুড়া॥
তোমারে না হেরে বুড়া মনোদুঃখে মরি।
এত বলে হেসে ঢলে পড়ে সব নারী॥

*　　*　　*　　*

এইরূপে শিব সং হয় আলাপন।
কোন ধনী করে হরে চামর ব্যজন॥
অগুরু চন্দন কেহ শ্রীঅঙ্গে ছিটায়।
কেহ বা কুসুম লয়ে ফেলে শিব গায়॥
কেহ বা কুসুম লয়ে পরায় কৌতুকে।
মিঠা পাণ সেজে কেহ যোগায় সম্মুখে॥
গাঞ্জা ভাঙ্গ কেহ হরে করে সমর্পণ।
কেহ বা শিবের করে চরণ-সেবন॥
এই মত কোচের দুহিতা সকলেতে।
হরে লয়ে রঙ্গরসে ভাসে অনাসেতে (১)॥

*　　*　　*　　*

কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস॥

---

(১) অনায়াসে।

উমা-বিরহে মেনকা।

শরৎকালে পল্লী-বাসিনীদের খেদ।

উমা বিনে গিরিরাণী পাগলের প্রায়।
অন্নদা অভাবে অন্ন জল নাহি খায়॥
উমা ভেবে অবিরত মৌনী হএ রয়।
কালেতে শরৎ ঋতু হইল উদয়॥
গগনেতে বিন্দু বিন্দু বারি ধারা ঝরে।
ময়ূর ময়ূরী নাচে সরস অন্তরে॥
ঘোর নাদে জলধর গগনে গর্জ্জয়।
সরোবরে সরোজ সুখেতে প্রকাশয়॥
কেতকিনী অমনি প্রফুল্ল হএ উঠে।
পায় গন্ধ মকরন্দলোভে ভৃঙ্গ ছুটে॥
বাঢ়এ শশীর আভা অপরূপ শোভা।
চকোর চকোরী উড়ে সুধা সাধে শোভা॥
শরৎ দেখিয়া সুখী হইলা ত্রিসংসারে।
শারদা সেবার চেষ্টা সাধ সব করে॥
হেন কালে মেনকার যত প্রতিবাসী।
রাণীকে ভৎর্সনা করি সবে কহে আসি॥
কেমনেতে হে গো রাণি আছ প্রাণ ধরে।
সুবর্ণপ্রতিমা উমা সঁপে পাগলেরে॥
তত্ত্বটা না কর তারা আছে গো কেমন।
ধন্য তুমি ওগো রাণি কঠিন তব মন॥
মেয়েরে আনিতে নাম নাই মা মুখেতে।
উদরেতে অন্ন রাণি দেও কি সুখেতে॥
সাত নাই পাঁচ নাই সেই মাত্র মেয়ে।
সে বিহনে তোমার সংসার কারে লয়ে॥
লোকের মুখেতে মোরা যেটা শুনতে পাই।
উমার অঙ্গেতে নাকি বস্ত্র মাত্রে নাই॥
বস্ত্রাভাবে বাঘছাল বা কভু পরয়।
তৈলাভাবে চাঁচর চিকুর জটাময়॥
বিনা অন্ন সু-বর্ণ গেছে শুকাইয়ে।
রুদ্রাক্ষ পরেন উমা ভূষণ বলিএ॥
সিদ্ধি বেটে বেটে করে কড়া পড়ে গেছে।
দুঃখের নাহিক সীমা প্রাণ মাত্র আছে॥

জামাতার কথা তব শুনি বিপরীত।
উমার সঙ্গেতে নাকি নাহি তার পীরিত॥
সিদ্ধি খেয়ে ষাঁড়ে সাপিনী লইয়ে।
শ্মশানে মশানে ফেরে উমারে তেজিএ॥
যে জামাএ সম্প্রদান করেছ উমায়।
দুরে না করিতে তত্ত্ব উচিত তোমায়॥
বৎসরাবধি উমানিধি করিএ বিদায়।
কেমনে মা ভুলে আছ মা গো একি দায়॥
সহজে পাষাণী তুমি দয়ামায়া-হীনে।
অন্য কেহ হইলে মাগো না বাঁচিত প্রাণে॥
ধন কড়ি লএ রাণি খাওয়াইবে কারে।
মা বলে ডাকিতে আর কে আছে তোমারে॥
ধিক্ তব রাজ্যধন ধিক্ গো তোমায়।
ততোধিক্ তধোধিক্ ধিক্ গো রাজায়॥
এত বলি ভৎ'সিএ চলিলা রামাগণ।
কালিকা-বিলাস দ্বিজ করিলা রচন॥

গিরিরাজের নিকট মেনকার বিলাপ।

একেত মেনকা দুঃখী উমার জন্যেতে।
বাক্য অনুসারে আরো জ্বলে অন্তরেতে॥
কান্দিতে কান্দিতে রাণী অভিমান ভরে।
পাষাণেরে পাষাণী সুধান মৃদুস্বরে॥
শুন শুন শুন হে নিদয় হিমালয়।
প্রাণ-উমা বিনা মম প্রাণ বাহিরয়॥
তুমিত পাষাণরাজ কঠিনের শেষ।
তোমার শরীরেত কভু নাহি দয়ার লেশ॥
স্বচ্ছন্দেতে আছ গিরি নিশ্চিন্ত হইয়া।
পাগলে সঁপিয়া মোর প্রাণের তনয়া॥
কন্যা প্রতি বৎসলতায় তাচ্ছিল্য তোমার।
সহজে পাষাণ ধরে মায়ার কি ধার॥
স্বর্ণলতা উমা কি হে সাজে ভিখারীরে।
শুনতে পাই অন্ন নাই শঙ্করের ঘরে॥

সম্পদবিহীন শিবের বাসস্থান নাই।
উমা নাকি শ্মশানবাসিনী শুন্তে পাই ॥
মৈনাকেরে ভুলে ছিলে পেএ প্রাণ-গৌরী।
সে ধন বিহনে প্রাণ কিসে সহ্থ করি ॥
সহজে পাষাণ দেহ কঠিন জীবন।
নহিলে সে ধন বিনে বাঁচি কি কখন ॥
নয়নের তারা তারা রাখিএ অন্তরে।
কার মুখ চেয়ে গিরি থাকি প্রাণ ধরে ॥
এ সব বৈভব আমি দেখি তুচ্ছ প্রায়।
উমাচন্দ্র বিনে পুরী শোভা কি হে পায় ॥
সতত অন্তরে জাগে উমার মাধুরী।
দুঃখানলে অঙ্গ জ্বলে সাম্য হতে নারি ॥
যে দিকে নিরখি দেখি যেন তমোময়।
না দেখি উমার মুখ হৃদি বিদরয় ॥
কোথায় আমার মেয়ে শীঘ্র দেহ এনে।
মা বলে ডাকিলে উমা তুষ্ট হই প্রাণে ॥
চক্ষের বাহির করে অঞ্চলের ধন।
পাপ-দেহ কত সবে রাখিব জীবন ॥
বিধি বুঝি চিরজীবী আমারে করেছে।
সেই জন্যে বিনে কন্যে পাপ-প্রাণ আছে ॥
সে সব কথার আর নাহি পরিচয়।
শূন্যময় পুরী দেখি আমার আলয় ॥
ভবনে ভবানী আনি বাঁচায় আমারে।
সদা মনে পড়ে তারা দু নয়ন ঝোরে ॥
স্বপনে দেখেছি গিরি গৌরীকে আমার।
বিনে অন্ন কৃষ্ণবর্ণ অস্থিচর্ম্মসার ॥
রাজার কুমারী হয়ে ভিখারিণী প্রায়।
ইহা কি মায়ের প্রাণে সহে গিরিরায় ॥
তুমিত তনয়া বলে ভাব না অন্তরে।
আমারে যে মা বলিতে আর নাই ঘরে ॥
তাড়াতাড়ি কৈলাসেতে যাহ হিমালয়।
এনে দেহ হারা তারা বিলম্ব না সয় ॥
এই রূপে গিরিরাণী করএ রোদন।
কালিদাস কহে রাণি স্থির কর মন ॥

রাণীকে হিমালয়ের প্রবোধ দান।

গিরি বলে ওহে রাণি স্থির কর মন।
উমার জন্তেতে কেন এত উচাটন॥
কন্যাভাবে ভাব যারে অবোধ পাষাণি।
সেই কন্যা জগৎধন্যা ব্রহ্মাণ্ডকারিণী॥
যার নামে ভবের ভাবনা দূরে যায়।
তার জন্যে ভাব রাণি এত বড় দায়॥
কহিলে যে অন্ন নাই জামাতার ঘরে।
সে কথা কেবল কথা জানিহ অন্তরে॥
উমারূপে অন্নপূর্ণা গৃহেতে যাহার।
অন্নের অভাব রাণি হয় কি তাহার॥
না জানে যে ভিখারিণী কহিলে উমারে।
কুবের ভাণ্ডারী তার জানে চরাচরে॥
রাজরাজেশ্বরী উমা আমি ভাল জানি।
মহেশ্বর কাশীশ্বর শুন ওহে রাণি॥
জন্মে জন্মে আমাদের বহু পুণ্য ছিল।
সেই জন্যে উমা কন্যে বিধি মিলাইল॥
আমাদের জন্ম কর্ম্ম সফল করিতে।
জন্মেছেন মহামায়া তোমার গর্ভেতে॥
জেনে শুনে সকলি কি ভুলিলি হে রাণি।
শিব সে পুরুষোত্তম প্রকৃতি শিবানী॥
দুঃখ সম্বরহ রাণি স্থির হয় মনে।
অবিলম্বে জগদম্বে আনিব ভবনে॥
এই আমি চলিলাম কৈলাস-শিখরে।
এনে দিব উমারে আর জামাই শঙ্করে॥
দুঃখ নাশ কর রাণি গৃহেতে বসিয়া।
অচিরে পাইবে তবে প্রাণের তনয়া॥
বিপদে শ্রীদুর্গা নাম জেনো রাণি সার।
বেদাগমে বলিতে না পারে মুখ্য যার॥
কাশীনাথ কালকূটবিষ করেন পান।
দুর্গা নাম করি শেষে রাখিলেন প্রাণ॥
অতএব তাই রাণি বলি হে তোমারে।
দুর্গানাম ভুলিলে পাবে না শ্রীদুর্গারে॥

এ কথা শুনিয়া রাণী আনন্দিত মন।
বলে গিরি শীঘ্র যাহ কৈলাস-ভুবন॥

মঙ্গলাচরণ।

এত বলি শিখরিণী সরস অন্তরে।
মনোমত আচরণ মঙ্গল করে পরে॥
স্থানে স্থানে পূণ্য ঘট স্থাপন করিল।
আম্রের পল্লব সব ঘটমুখে দিল॥
বসাইল রম্ভাতরু দুয়ারে দুয়ারে।
দধি আর মৎস্য আদি আনে ভারে ভারে॥
দ্বিজ-কন্যাগণ সব তুষ্ট হয়ে মন।
পঞ্চদীপ লয়ে করে রহে সর্ব্বজন॥
দ্বিজগণ চণ্ডীপাঠ করিতে লাগিল।
দুর্গানাম জপ কেহ আরম্ভ করিল॥
অপরেতে গিরিবর দুর্গা দুর্গা বলে।
দুর্গারে আনিতে চলে মহাকুতূহলে॥
চাতকিনী সম রাণী পথ চেয়ে রয়।
কালিকা-বিলাস দ্বিজ কালিদাস গায়॥

কৈলাসে গিরিরাজ ;—উমার পিত্রালয়ে যাত্রা।

এইরূপে গিরিবর হরিষ অন্তরে।
উত্তরিলা তদন্তরে কৈলাস-শিখরে॥
কৈলাসের দ্বারে নন্দী দুয়ারী আছিল।
গিরিবরে হেরে দূত উঠে দাঁড়াইল॥
চরণের ধূলি লয়ে নিল মস্তকেতে।
আস আস বলে গিরি তোষে বচনেতে॥
নন্দী বলে ঠাকুরদাদা আছ হে কেমন।
কেমন আছেন আই বুড়ী শুনি বিবরণ॥
বৃদ্ধকালে নারী ফেলে এলে কেন বুড়া।
সেথা পাছে আই বুড়ী করে ঘরযোড়া॥
আইরে সঁপিয়া বল এলে কার স্থানে।
হয় সন্দ বুঝি দ্বন্দ্ব হয়েছে দুই জনে॥
বুড় ভেবে বুড়ী বুঝি ঔদাস্য ভাবিয়া।
ঠাকুরদাদা তোমারে বা দিছে তাড়াইয়া॥

নন্দীর সঙ্গে রসিকতা।

গিরি বলে ওহে নাতি মন দিএ শুন।
বুড়াতে বুড়াতে ভাব ভাঙ্গে কি কখন॥
রেশে রেশে মিলিলে কি কভু প্রেম ভাঙ্গে।
তুই ভেড়ো কি বুঝিবি মত্ত আছ ভাঙ্গে॥
প্রবীণে প্রবীণে প্রেম ঘটেরে এমনি।
প্রস্তর গাথনী যেন হয়রে আটনি॥
নন্দী বলে ঠাকুর দাদা বুঝেছি কারণ।
আই আজ্ঞায় তব বাঁচন মরণ॥
অতঃপর কহ বড় শুনি পরিচয়।
আচম্বিতে কৈলাসেতে কি ভাবে উদয়॥
গিরি বলে ওরে নাতি কি কব তোমায়।
তোমার আইএর দায়ে এসেছি হেথায়॥
মিলি যত ছুড়ী সে বুড়ীরে নাচায়েছে।
উমার জন্যেতে রাণী উন্মত্তা হয়েছে॥
মম বাক্য না শুনেন কত বুঝাইনু।
তাই ভাই তনয়ারে লইতে আইনু॥
এতেক শুনিয়া নন্দী আনন্দিত মন।
গিরিকে লইয়া পরে করিলা গমন॥
কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস॥

নন্দী সঙ্গে আনন্দেতে যায় হিমালয়।
হর গৌরী নিরখিয়া কৃতার্থ মানয়॥
মানসেতে শিব শিবা করিয়া বন্দন।
ভক্তিভাব রসে গিরি ডুবিল তখন॥
জনকে দেখিয়া দুর্গা গৌরব করিএ।
গিরিপদে প্রণমিল শির লোটাইএ॥
করুণাকারিণী কন করুণাবচনে।
দুঃখিনী বলিএ পিতা ছিল কিগো মনে॥
কেন পিতা আমা প্রতি এতেক বঞ্চনা।
দুঃখিনী ভাবিএ বুঝি করেছিলে ঘৃণা॥
সেই সে আমারে হরসঙ্গে পাঠাইলে।
তদবধি দুঃখিনীর তত্ত্ব না করিলে॥

পিতাকে উমার স্নেহ-গঞ্জনা।

গিরি বলে মাগো তোমায় বিদায় করিএ।
আখির সলিলমাঝে ছিলাম ডুবিএ॥
তুমি যে মা আমাদের নয়নের তারা।
তোমা বিনে ঘর দ্বার অন্ধকার তারা॥
মেনকা হয়েছে অন্ধ তোমার বিহনে।
আছ কি না আছ বেঁচে সন্দেহ হয় মনে॥
মানসেতে মা তোমারে করে দরশন।
রেখেছি পাষাণ-দেহ পাষাণ-জীবন॥
গৌরী বলেন আর কেন ভুলায় বচনে।
আমা প্রতি যত স্নেহ জেনেছি তা মনে॥
পিতা মাতা বর্ত্তমান থাকে যে কন্যার।
বৎসরান্তে তত্ত্ব বুঝি করএ তাহার॥
আমার পতির যদি থাকিত বৈভব।
তবে মা বাপের ঠাই থাকিত গৌরব॥
গিরি বলে ওগো উমা ক্ষমা কর মোরে।
সকলিত জানি আমি ভুলায় কাহারে॥
গতিশক্তিহীন তব জনক জননী।
তা ভেবে কি বাপ মায় হবে অভিমানী॥
কেন্দনা কেন্দনা উমা স্থির কর মন।
লইতে তোমারে মোর হইল আগমন॥
বলে কএ জামাতারে সম্মত করিএ।
ত্বরা করি মাগো তোরে যাইব লইএ॥
এত শুনে আনন্দার আনন্দিত মন।
শঙ্করের স্থানে গিরি কহেন বিবরণ॥
গৌরীর গমন কথা শুনে গঙ্গাধর।
অন্তরে ঔদাস্য ভেবে করেন উত্তর॥

শিবের বিরহ-ত্রাস।

হর বলেন ওহে গিরি ইহা হৈতে নারে।
দেহ হৈতে প্রাণ বল কেবা দেয় কারে॥
তোমার দুহিতা আত্মা আমিত সাকার।
শিবা লয়ে গেলে শিব হবে শবাকার॥
একবার দক্ষ হৈতে হারাইয়া সতী।
যে দুঃখ পেয়েছি তাহা জানেন পার্ব্বতী॥
ভাগ্য হৈতে পাইনু যদি হারা তারাধন।
চক্ষের অন্তর তারে করি কি কখন॥

নিজ প্রাণ চাহ যদি দিতে পারি দান।
ঐ কথা শ্রবণে আমি হয়েছি অজ্ঞান ॥
এ কথা শ্রবণে গিরি বিষণ্ণ হইল।
বিধিমত করিএ শঙ্করে বুঝাইল ॥
গিরি বলে আশুতোষ কর অবধান। মাত্র তিন দিন।
তিন দিন জন্যে মোরে উমা দেহ দান ॥
সপ্তমী অষ্টমী আর নবমী রাখিব।
দশমীর দিনে পুনঃ উমা পাঠাইব ॥
এত বলি আকিঞ্চন কৈল গিরিবর।
উপরোধে অঙ্গীকার কৈলা মহেশ্বর ॥
কথা শুনে পুলকিত হইলা হিমালয়.
মহিষমর্দ্দিনী লয়ে চলে নিজালয় ॥
পরিবার সহ সিংহে করি আরোহণ।
শঙ্করী চলিলা সুখে সঙ্গে পঞ্চানন ॥
অষ্টম নায়িকা আর যতেক যোগিনী।
আনন্দে হরের সঙ্গে চলিলা ভবানী ॥
কালিকার পাদপদ্ম হৃদে করি আশ।
রচিলা শ্রীকালিদাস কালিকা-বিলাস ॥ (১)

---

(১) কবিকঙ্কন, ভারতচন্দ্র ও জয়নারায়ণের শিব-সম্বন্ধীয় কবিতা এখানে প্রদত্ত হইল না। তাঁহাদের রচনার শ্রেষ্ঠ অংশগুলি স্বতন্ত্রভাবে থাস্থানে উদ্ধৃত হইবে।

শিবের গানের পরিশিষ্ট।

শিবের গাজন।

এই সকল গাজনের ভাষা স্থানে স্থানে অতি প্রাচীন। ইহাদের মধ্যে পরবর্ত্তী সময়ের যোজনাও আছে। প্রাচীন ছড়া গুলির সময়-সূচক কোন কথা আমরা পাই নাই। শিবের গাজন মুসলমান-বিজয়ের পূর্ব্ববর্ত্তী বলিয়া আমাদের বিশ্বাস।

মালদহে শিবের গাজন।

গাজুনে সন্ন্যাসিগণের মধ্যে এক ব্যক্তি এক পদে নৃত্য করিতে করিতে মস্তকোপরি মুষ্টি বদ্ধ করিয়া শিবের-সম্মুখে গাজন-তলায় আগমন করে। মণ্ডলকে নিম্নলিখিত বন্দনা পাঠ করিয়া মস্তকের কেশ দ্বারা শিবালয় মার্জ্জনা করিতে হয়।

গোসাঞি তুমি যেন অটাসিনী, যেন বটাসিনী বটাসিনী যেন পঞ্চবটাসিনী, পঞ্চবটাসিনী যেন ধর্ম্ম অধিকারী, ধর্ম্ম অধিকারী যেন ঈশ্বরের চরণ। একাদশ রুদ্র, সপ্ত সমুদ্র পার তার দিকে বমুকা সমুদ্র তার কিঙ্করের কিঙ্কর ধূল সাপট ভক্তা।

(চুল দিয়া ধূল মার্জ্জনা করিবার পরে) ঠাকুরদের আজ্ঞা হইল, স্বর্গের ধূল স্বর্গে যায়। মর্ত্ত্যের ধূল মর্ত্ত্যে যায়। বাদ্-বাকি ধূল বাবার ভাণ্ডারে যাক্। (সকল সন্ন্যাসী মিলিত স্বরে) জয় ধূল সাপট ভক্তের জয়।

(আবাল অতীত ভক্তা, ছত্রিশ সাই বাও (র) ভক্তা ঠাকুরদের আঁচলে পঞ্চ প্রণাম করিবার পরে)

ঠাকুরদের কি আজ্ঞে হয়?

ঠাকুরদের আজ্ঞা হইল, পঞ্চ প্রণামে বড় সন্তোষ হইলেন। তোমরা নেচে কুদে ঘরে যাও।

জল বন্দ স্থল বন্দ বুড়াশিবের গম্ভীরা (১) বন্দ
আর বন্দ সরস্বতীর গান।
বাসুয়া (২) বাহনে শিব তাঁর চরণে প্রণাম।
দাতানাথ কি শিবনাথ মহেশ।

ধবল খাটে ধবল পাটে ধবল সিংহাসন।
ধবল খাটে বসে আছেন ধর্ম্মনিরঞ্জন॥
ধবল আকার গোসাই ধবল নৈরাকার (৩)।
ধবল চরণে তাঁরে করি লহে পার॥
শিবনাথ কি মহেশ।

---

(১) গম্ভীরা = দেবালয়; এস্থলে শিবালয়। (২) বৃষ।
(৩) আকারহীন শূন্যমূর্ত্তি।

উঠ উঠ সদাশিব নিদ্রা কর ভঙ্গ।
তোমাকে দেখিতে আইল আউলের (১) ভক্তগণ ॥
খোল চন্দন-কাঠের কপাট, দেয় দুধ গঙ্গাজল।
তোমার চরণে দ্বাদশ প্রণাম ॥
শিবনাথ কি মহেশ।

জল বন্দ স্থল বন্দ বন্দ শিবের কুড়্যা (২)।
আট হাত মৃত্তিকা বন্দ চন্দ্র সূর্য্য যুজ্যা ॥
"কাউসেন দত্তের" ব্যাটা "নয়সেন (৩) দত্ত"।
যে জন পৃথিবীতে আনিল মহেশ্বর ব্রত ॥
তাঁহার চরণে আমার দণ্ডবৎ।
শিবনাথ কি মহেশ

বৈশাখ মাসে কৃষাণ ভূমিতে দিল চাষ।
আষাঢ় মাসে শিবঠাকুর বুনিল কার্পাস॥
কার্পাস বুনিয়া শিব গেল কুচনীপাড়া।
কুচনীপাড়া হইতে দিয়ে এলো সাড়া ॥

কার্পাস তুলিয়া দিলে গঙ্গার ঠাঁই।
গঙ্গা কাটিল সূতা মহাদেব বুনিল তাঁত।
হর সমুদ্র হরের জল ক্ষীর সমুদ্রের পানী।
উত্তম ধুইয়া দিল নিতাই (৪) ধুবিনী ॥
শিবনাথ কি মহেশ।

জল বন্দ স্থল বন্দ আস্তের গম্ভীরা বন্দ।
ডাহিনে ডঙ্কর বন্দ বামে বীর হনুমান।
সিংহবাহনে ভগবতী আছেন তাঁর চরণে দ্বাদশ প্রণাম।
শিবনাথ কি মহেশ।

বর্দ্ধমানে শিবের গাজন।

[এই গানের ভাষা অপেক্ষাকৃত আধুনিক।]

শিবের বন্দনা।

হাতে ত্রিশূল রাঙ্গা লাটি, পরিধানে বাঘের ছাল,
বৃষভ বাহনে শিব, ত্রিদশের নাথ।
জাগরে জাগরে ভাই, সত্যের কোটাল ॥
মুক্ত হইল ঠাকুরের পূর্ব্বদ্বার ॥

---

(১) আউলচাঁদের দলভুক্ত ভক্তগণ। (২) কুটির = মন্দির।

(৩) স্থানে স্থানে ঢাকীদের গানে "নয়সেন"র পরিবর্ত্তে, "লাউসেন" শোনা যায়। লাউসেনের পিতার নাম ছিল কর্ণসেন। "কাউসেন" সেই কর্ণসেনের বিকৃতি কিনা বিবেচ্য। (৪) নেতা।

প্রভু যোগ নিদ্রা কর ভঙ্গ, সেবকের দেখ রঙ্গ,
পরিহর তোমার চরণে।

কার্ত্তিক গণেশ কোলে, শয়ন আছ নিদ্রা ভোলে,
আমরা তোমার প্রণাম করিব কেমনে॥

নিদ্রা ত্যেজ দেবরাজ, বহ মা থট্টার মাঝ,
নিরন্তর গৌরী রাখহ বাম ভাগে।

প্রভু তুমি দেব-অধিপতি, হরি ব্রহ্ম কর স্তুতি,
অন্ত দেব কোন খানে লাগে॥

প্রভু তোজহ নিদ্রার মায়া, সেবকের কর দয়া,
পুরা মর্ত্ত দেব ত্রিপুরারি॥

শিঙ্গা ডম্বুর হাতে, বৃষভ রাখহ বাম ভাগে,
বাসুকি রহুক ফণা।

শিরে ধরি স্নিগ্ধ গঙ্গা, কপালে চাঁদ বেরি।
তথি মধ্যে শোভে ফোঁটা, হাড় মালা যোগ পাটা,
গায়ে শোভে বিভূতি ভূষণ॥

প্রভু দেব ত্রিলোচন, বিঘ্ন কর বিমোচন,
নরের শকতি।

আমরা তোমার আস্তাকরি, শাল খুলে ভর করি (১)
আগম নিগমে কয়।

প্রভু দেব গঙ্গাধর, দেবতার ঈশ্বর,
অপরাধ ক্ষমহ মৃত্যুঞ্জয়॥

বৃষভ বাহনে শিব, ত্যেজহে কৈলাশ গিরি,
পুরা অর্থ দেব ত্রিপুরারি।
গম্ভীরে করহ অধিষ্ঠান। তোমার চরণে করি পঞ্চ প্রণাম॥

দেউল বন্দন, দেহারা বন্দন, পাঠ পাঠ লায়ী বন্দন,
আম্ভের তুলসী বন্দন, আর বন্দ সরস্বতীর গান।
ডাইনে বন্দ রাম লক্ষ্মণ, সীতা বামে বীর হনুমান।
পূর্ব্বে আছেন ভানু ভাস্কর, তার চরণে করি পঞ্চ প্রণাম॥

প্রত্যেক বন্দনার দেউল বন্দন হইতে বীর হনুমান পর্য্যন্ত পঠিত হইবার পর

উত্তরে আছেন ভীম কেদার।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥

গ্রামে আছেন বাস্তু দেবতা।
তাঁহার চরণে পঞ্চ প্রণাম॥

(১) এই সমগ্র পদ্যটির অর্থ আমরা 'শালে ভর' দিই।

গম্ভীরে আছেন ভোলা মহেশ্বর।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥
গাজনে আছেন ধর্ম্ম অধিকারী।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥
গাজনে আছেন ছত্তির (শ) সাই।
বাহাত্তর ভক্তা
তাঁদের চরণে করি পঞ্চ প্রণাম॥

বরিশালে শিবের গাজন।

চৈত্রমাসের শেষভাগে নীলপূজা উপলক্ষে ইহার অনুষ্ঠান হয়। ঐ সময়ে উৎসবকারী গায়কগণ বেতের ছড়ি হাতে লইয়া নূপুর পায়ে দিয়া ঢাকের বাদ্যের তালে তালে নাচিতে নাচিতে নানা প্রকার শিবের গান গাহিয়া থাকে। প্রধানতঃ নমঃশূদ্রগণ এই কার্য্যের জন্য মনোনীত হয়। তাহাদিগকে সাধারণ ভাষায় "বালা" বলা হইয়া থাকে। এই বালা পদবী হইতে স্থানীয় নমঃশূদ্রগণের কোন কোন পরিবারের কৌলিক উপাধিও হইয়াছে— বালা।

নীলপূজা শিবপূজারই নামান্তর। "বাজার-সন্ন্যাস," "গিরি-সন্ন্যাস," "খেজুর-ভাঙ্গা," 'ভোগ-সরাণো," "জল-বিহার," 'পাটির খাওয়া,' 'খাড়ার উপর হাটা' প্রভৃতি বহুবিধ অনুষ্ঠান এই পূজার অঙ্গস্বরূপ। এতদুপলক্ষে নানাবিধ উৎসব-আমোদের মধ্যে "শিবের দোলা নামাইয়া" প্রত্যেক গৃহস্থের বাড়ী হইতে শিবপূজার চাউল ভিক্ষা করিয়া আনারও রীতি আছে। নীলপূজা সাধারণতঃ চৈত্র-সংক্রান্তির পাঁচ দিন পূর্ব্বে আরম্ভ হয় এবং সংক্রান্তির সঙ্গে সঙ্গে ইহার অবসান হইয়া থাকে।

বরণ।

চৈত্রমাস মধুমাস শিবের জন্মমাস।
সন্ সন্ন্যাসী (১) লইয়া বালা চলেন শিবের বাস॥
শিব শিব বলিয়া বালা ডাকে ঘনে ঘন।
চৈতন্য হইয়া প্রভু দিলেন দরশন॥

দিক্-বর্ণনা।

পূর্ব্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ চারি পৃথিবীর নাম।
পশ্চিমে আছেন শ্রীঠাকুর জগন্নাথ।
তাঁর চরণে করি পঞ্চ প্রণাম॥
আরে ক্ষিতি রীতি বামন দয়া,
আরে শঙ্খ চক্র গদা পদ্ম মহাদেব মায়া,
স্তুত হুতাসন ভগবান উদিত দিক পশ্চিম।
ছায়া আর কন্যা মা হৈতে জন্মিল।
পিছে (২) আছিল কন্যা মুখে (৩) দাঁড়াইল॥

---

১) সাধু-সন্ন্যাসী। (২) পশ্চাতে। (৩) সম্মুখে

তা দেখ্যা দেবীরে ধাওয়াইয়া লইয়া যায়।
পশ্চিম দিক বল্যা তারে ধর‍্যা লইয়া যায়॥
কিছু না কত তরিল দিক পশ্চিম।

এইরূপ পূর্ব্ব, দক্ষিণ ও উত্তর দিকের বর্ণনায়ও যথাক্রমে 'সূর্য্য-দিবাকর,' 'ক্ষীরনদী-সাগর' ও 'হিমালয়-পর্ব্বতের' নামোল্লেখ পূর্ব্বক পঞ্চ-প্রণামের রীতি আছে।

বিবাহ-আসরে শিব।

শিব চইলাছেন বিয়ার বেশে নারদ বাজায় বীণা।
পাড়াপড়্শী দেখ্তে এল বিয়ার কথা শুইনা॥
টিপ্ টিপ্ ডম্বুরা বাজে শিঙ্গায় গুণ্ গুণ্ করে।
খৈস্যা পড়্লো ম্রগোচর্ম্ম (১) শিব ল্যাঙ্গ্টা হইয়া নাচে॥
মেনকা সুন্দরী এল জামাই দেখিবারে।
পাগ্লা জামাই দেখ্যা সবে আউয়া ছিয়া (২) করে॥
কিবা আকৃতি জামাইর কিবা জামাইর রূপ।
দুইটা চক্ষু ফুইড়্যা (৩) রইছে পঞ্চখানি মুখ॥
না দিব গৌরারে বিয়া কার বা বাপের ডর।
ডঙ্কা মাইর‍্যা (৪) পাগল জামার বাড়ীই বাইর কর॥

মহাদেবের বিবাহে এয়োগণ।

প্রথমে আসিল আইয়ো (৫) তার নাম যশি।
সাত হাত কাপড় তার তের হাত দশি (৬)॥
তার পরে আসিল আইয়ো তার নাম উমা।
এক ঘরে রান্ধে বারে সাত ঘরে দে ধুমা॥
তার পরে আসিল আইয়ো তার নাম হীরা।
একবারে খাইতে পারে ষাইট্ মণ চিড়া॥
ষাইট্ মন চিড়া খাইয়া প্যাটে (৭) বুলায় হাত।
আরো সে খাইতে পারে ষাইট্ নিতার (৮) ভাত॥
তার পরে আসিল আইয়ো তার নাম অস্ত।
ঘরেথা (৯) বাইরাইতে তার চালে বাজে (১০) দস্ত॥

ইহার পর গ্রাম্য গম্য-ভাষার গরু-কেনার একটী গল্প আছে। মৃতপ্রায় গরু দুইটাকে "আইর‍্যা বইর‍্যা" লইলে (অর্থাৎ, অর্ঘ-মঙ্গল ও বরণ করিয়া লইলে) তাহারা সবল হইয়া উঠে। তৎপর তাহারা ব্যাঘ্রকর্ত্তৃক অক্রান্ত হইলে গ্রামবাসিগণ ব্যাঘ্রটাকে বধ করিয়া তাহাদের উদ্ধার সাধন করে; কিন্তু পরিশেষে উহাদের চর্ম্ম উঠাইয়া লইয়া শিবঠাকুরের নিকট রাখিয়া দেয়।

ইহার পর শিবপূজার জন্ত ফুল-তোলার ব্যাপার।

---

(১) খস্যা=খসিয়া। ম্রগোচর্ম্ম=মৃগচর্ম্ম। (২) ছি ছি রব। (৩) ফুটিয়া।
(৪) এই স্থলে 'ছাগল মার‍্যা' এইরূপও একটী পাঠান্তর আছে। বরিশালের রমণীগণ শেষোক্ত এই দুইটী ছত্র আবৃত্তি করিয়া অনেক সময়ে ছেলেমেয়েদিগকে ঘুম পাড়াইয়া থাকে। (৫) এয়ো রমণী। (৬) দশা=অঞ্চল-প্রান্তের সূত্র।
(৭) পেটে। (৮) নিমন্ত্রণের। (৯) ঘর হইতে। (১০) বাধে।

শিবের জন্য পুষ্প-বাগান হইতে পুষ্প তুলিবার গান।

হেমন্ত বসন্ত কালে, বিকশিত ডালে ডালে হে,
ওকি ভাইরে,—হরের মালঞ্চে নানা ফুল।
দুব্বা তুলি আড়ি আড়ি (১), ফুলেতে ভরিল সাজি হে,
ওকি ভাইরে,—হরের মালঞ্চে নানা ফুল॥
অশোক অপরাজিতা, সুবর্ণ মাধবীলতা হে,
ওকি ভাইরে,—হরের মালঞ্চে নানা ফুল॥
পৃথিবীতে পুষ্প যত, তাহা বা কহিব কত হে,
স্থলপদ্ম দেখিতে সুন্দর।
ফুলেতে ভরিল সাজি চল ঘরে যাই আজি হে,
কিয়ারে (২) মনে লয় আসিও আরবার।
প্রাণ কাশীনাথ, মনে— প্রাণ ভোলানাথ, মনে—
মনে লয় আসিও আরবার॥
হাসে গৌরী, নমস্কার, কত পুষ্প তোল আর হে,
কিয়ারে রৌদ্রে শরীর হইল কালো।
প্রাণ কাশীনাথ, রৌদ্রে— প্রাণ ভোলানাথ, রৌদ্রে—
রৌদ্রে শরীর হইল কালো॥

ভগবতীর শঙ্খপরার কথা।

শঙ্খ পড়িতে গৌরাইর (৩) মনে বড় সাধ।
করযোড়ে কন কথা শিবের সাক্ষাৎ॥
বৃদ্ধ হইয়াছি গৌরাই কখন যেন মরি।
কিসের লইগ্যা (৪) কর বেশ মরবার-সুন্দরী।
কুচনী নগরে আছে তোমার বাপ ভাই।
সেইখানে যাইয়া পর শঙ্খ আমার কিছু নাই।
বৃদ্ধ হইয়াছি গৌরাই আমি মড়ি করি ভয়।
ভিক্ষা মাগি খাই আমি দেশ-দূরান্তর।
নারদ বলে মামা আমার কথা রাখ।
যৌবনকালে স্ত্রীলোক নাইওর (৫) পাঠাও কেন।
শিব বলে শুন ভাইগ্না (৬) আমার কথা রাখ।
শঙ্খ-বণিক্ হইয়া গৌরাইর মন বুঝতে যাও॥

---

(১) দুব্বা=দূর্বা। আড়ি আড়ি=আঁটি আঁটি।
(২) কিয়া=কেন। সুরের মাত্রা ঠিক রাখিবার জন্য সম্ভবতঃ এই শব্দ এখানে ব্যবহৃত হইয়াছে। (৩) 'গৌরী'র স্থলে সর্ব্বদা 'গোরাই' ব্যবহৃত হইয়াছে।
(৪) নিমিত্ত। (৫) স্ত্রীলোকদের কুটুম্ব-গৃহে যাওয়ার নাম 'নাইওর'।
(৬) ভাগিনেয়।

প্রাচীন সূর্য্যের গান।

সূর্য্যপূজা বহু প্রাচীন। ব্যবিলনের প্রসিদ্ধ ইতিহাস-লেখক বেরোসাস অনুমান করেন, অগ্নি-উপাসকগণের নেতা জরথুস্ত্র খৃষ্ট জন্মিবার ২২০০ বৎসর পূর্ব্বে আবির্ভূত হন (১)। ভবিষ্যপুরাণে উল্লিখিত আছে, জরথস্ত বা জরশস্ত্র অগ্নির উপাসক ছিলেন এবং তিনি অগ্নিসম্ভূত। এই জরথুস্ত্র বা জরশস্ত্র সূর্য্যোপাসকগণের বিদ্বেষী ছিলেন। এই জন্য মগ-ব্রাহ্মণদের সঙ্গে ইঁহার কলহ হয়। শ্রীকৃষ্ণের পুত্র সাম্বের কুষ্ঠব্যাধি হওয়াতে তিনি সূর্য্যের সন্তোষ বিধানার্থ মগ-ব্রাহ্মণদিগকে মূলসাম্বপুরে (বর্ত্তমান মূলতানে) আনয়ন করেন। বরাহমিহির এবং রাজতরঙ্গিনী-লেখক কহ্লন কবির মতে এই সিদ্ধান্ত স্থিরীকৃত হইয়াছে যে, কলিযুগের ৬৫৩ বৎসর অতীত হইলে কুরু-পাণ্ডবগণ আবির্ভূত হন। তাহা হইলে অনুমান খৃষ্ট জন্মিবার ২৩০০ বৎসর পূর্ব্বে ভারতবর্ষে শাকদ্বীপি-মগ-ব্রাহ্মণগণ আগমন করেন; সুতরাং তাঁহারা জরথস্ত্রের সামসময়িক ছিলেন। এক সময়ে এই সূর্য্যোপাসক ব্রাহ্মণদের সমস্ত আর্য্যাবর্ত্তে প্রবল প্রভাব হইয়াছিল। সম্ভবতঃ ইঁহারাই ভারতবর্ষে মূর্ত্তি-পূজার প্রবর্ত্তক। হুয়াং-চিয়াং মূলসাম্বপুরে সূর্য্যদেবতার বিশাল সুবর্ণবিগ্রহ দেখিয়া গিয়াছিলেন (২)। এখনও পূর্ব্ববঙ্গের অনেক স্থলে আচার্য্য ব্রাহ্মণগণ মৃত্তিকা-নির্ম্মিত দেববিগ্রহের চক্ষুদান না করিলে মূর্ত্তি শুদ্ধ হয় না। এবং বহু স্থানে এই আচার্য্য ব্রাহ্মণগণই প্রতিমা নির্ম্মাণ করিয়া থাকেন। এক কালে ইহাদের হাতেই মূর্ত্তি সংক্রান্ত প্রায় সমস্ত ব্যাপারই ন্যস্ত ছিল।

সুতরাং দেখা যাইতেছে ভারতবর্ষে সূর্য্যপূজা বহু প্রাচীন। বেদে সূর্য্য অনেক স্থলে বিষ্ণু বলিয়া পরিচিত। এমন কি রামায়ণের সময়ও সূর্য্যের বিষ্ণু আখ্যা যায় নাই, এরূপ মনে হয়। রামের গুণ-বর্ণনোপলক্ষে বাল্মীকী আদিকাণ্ডে লিখিয়াছেন—"বিষ্ণুনা সদৃশো বীর্য্যে সোমবৎ প্রিয়-দর্শনঃ।" এই স্থলে বিষ্ণু অর্থ বেদানুযায়ী সূর্য্য হইলেই সঙ্গত হয়। বিষ্ণু বা সূর্য্যের আকাশ পর্য্যটন লইয়া এক সময় অনেক দেবপ্রসঙ্গ কল্পিত হইয়াছিল। সকলেই জানেন, হিন্দু-জ্যোতির্ব্বিদ্‌গন টোলেমির ন্যায় সূর্য্যের গতি কল্পনা করিয়া গ্রহাদির সংস্থান সিদ্ধান্ত করিতেন। আমরা নক্ষত্রগুলির মধ্যে অনুরাধা, বিশাখা, চিত্রা ও রোহিণী প্রভৃতির নাম পাই;

---

(১) Haug's Essays on Paris, p. 298.

(২) Journal Asiatique (Paris), 1881, Tome X, p. 70.

বিষ্ণু বা সূর্য্যের সঙ্গে ইঁহাদের সংশ্রব কল্পনা করিয়া পরবর্ত্তী কৃষ্ণলীলা বিরচিত হওয়া আশ্চর্য্য নহে। বহুসংখ্যক নক্ষত্রবিশিষ্ট সূর্য্য বা বিষ্ণু-দেবতাকে পরবর্ত্তী সময়ে ষোলশত-গোপিনীবিহারী শ্রীকৃষ্ণরূপে পরিণত করা হইয়াছিল কিনা, তাহা ভাবিবার বিষয়। এক সময়ে যখন সূর্য্যই প্রধান দেবতা ছিলেন, তখন তাঁহার নানা গ্রহমণ্ডলে গতিবিধির কল্পনা-প্রসঙ্গে বিচিত্র উপাখ্যান-মালা দেশময় প্রচলিত ছিল; ভাগবতের কৃষ্ণলীলাতে সেই সূর্য্যোপাখ্যানগুলি নব-কলেবরযুক্ত হইয়াছে কিনা, বলিতে পারি না; কিন্তু ইহা একটি অনুসন্ধানের বিষয় বটে। আমরা অনেকগুলি বাঙ্গালা সূর্য্যমঙ্গলের সন্ধান পাইয়াছি। তন্মধ্যে ১৬৮৯ খৃঃ রচিত রামজীবন বিদ্যাভূষণের সূর্য্যমঙ্গলখানি অতি বিরাট্ গ্রন্থ। ইহাতে সূর্য্যোপাসক আচার্য্যগণের হস্তে বৌদ্ধ হাড়িদের নির্য্যাতন বর্ণিত হইয়াছে। এই উপলক্ষে সূর্য্যোপাসকগণের সঙ্গে বৌদ্ধদের কোন প্রাচীন কলহের ঐতিহাসিক তত্ত্ব সূচিত হইয়াছে কিনা, তাহা জানি না। আমরা সূর্য্যমঙ্গলগুলি হইতে কোন অংশ উদ্ধৃত করিলাম না, যেহেতু তাহাদের বিশেষত্ব কিছুই নাই। কিন্তু প্রাচীন কালের একটী সূর্য্য সম্বন্ধীয় ছড়া আমাদের নিকট অত্যন্ত প্রয়োজনীয় বলিয়া মনে হইতেছে। এই ছড়ায় দেখা যায় যে, প্রাচীন সূর্য্য-বন্দনায় যে সকল উপাখ্যান প্রচলিত ছিল, কালে সেই সকল উপাখ্যান পরবর্ত্তী শিব ও কৃষ্ণের উপাসনায় আরোপ করা হইয়াছে। 'গৌরী' শিবের স্ত্রীরূপেই বঙ্গীয় কাব্য-সমূহে উল্লিখিত। কিন্তু এখানে দেখা যাইতেছে প্রথমতঃ 'গৌরী' নাম সূর্য্যের স্ত্রীর প্রতি প্রযুক্ত হইত। শ্রীকৃষ্ণের নৌকা-বিহার সম্বন্ধীয় ব্রজলীলার যে সকল পদ আছে, তাহার আদি-কথা সূর্য্যের নৌকা-যাত্রায় সূচিত। পরবর্ত্তী কালে যে সকল উপাখ্যান লইয়া শিব এবং শ্রীকৃষ্ণ-প্রসঙ্গ পুষ্ট হইয়াছে এই ছড়ায় তাহার উপাদান সূর্য্যে আরোপিত হইয়াছে। এখানে ষোলশত গোপিনী লইয়া শিব-ঠাকুরের সঙ্গে সূর্য্য পূজা গ্রহণ করিতে মথুরায় যাত্রা করিতেছেন, এবং নৌকার কর্ণধার বিশাই, বা বিশ্বকর্ম্মা, শ্রীকৃষ্ণের ন্যায় নৌকাকে অর্দ্ধমগ্ন করিয়া কৌতুক করিতেছেন। এ সময়ে ঘরে ঘরে "সূর্য্য-মঙ্গল" গীত হইত, তাহার কথাও এই ছড়ায় পাওয়া যায়।

এই সূর্য্যের গান অতি প্রাচীন। ইহার ভাষা অনেকটা পরিবর্ত্তিত হইয়াছে, সন্দেহ নাই; কিন্তু আমরা এই ছড়ার যে অংশটুকু পাইয়াছি, তাহা পৌরাণিক যুগের পূর্ব্বের কল্পনা বলিয়া মনে হয়। পূর্ব্বেই উক্ত হইয়াছে, সূর্য্যের উপাসনা শিব এবং বিষ্ণু পূজার হইতে প্রাচীনতর।

এই আদিম গ্রাম্য-রচনায় কবিত্বের অভাব নাই। ভগবান্‌কে অন্তরঙ্গ করিয়া তাঁহাকে নিজেদের মত না করিয়া লইতে পারিলে হিন্দু-গৃহস্থ কখনই সন্তুষ্ট হন না। এখানে বালক-সূর্য্যকে লইয়া যে সকল আদর করা হইয়াছে, তাহা যশোদার গোপালের পূর্ব্ব-কল্পনা। সূর্য্যের বিবাহেচ্ছার অভিব্যক্তি গ্রাম্য কবির রসিকতায় সুন্দর ও উজ্জ্বল হইয়াছে। গৌরীর শ্বশুর-বাড়ী যাইবার প্রাকালে পিতৃ-গৃহের যে করুণ ক্রন্দন, তাহার মর্ম্মস্পর্শী সুর গ্রাম্য কথায় আমাদের প্রাণের তন্ত্রী স্পর্শ করে। গৌরী বিলাপের সুরে মাঝিকে ধীরে ধীরে নৌকা বাহিতে বলিতেছেন; মাতা-পিতা এবং ভ্রাতা-ভগিনীর যে ক্রন্দনের স্বর তিনি শুনিতেছিলেন, তাহা আরও কিছুকাল শুনিয়া দুঃখমিশ্র সান্ত্বনা পাইবার আশায় মাঝিকে বলিতেছেন--

"ভাঙ্গা নাও মাদারের বৈঠা ঢলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি-ভাই মায়ের কাঁদন শুনি॥" ইত্যাদি।

স্বামীর সঙ্গে তাঁহার নৌকায় যে আলাপ হইয়াছিল, সহজ কথায় তাহাতে হিন্দু-গার্হস্থ্যধর্ম্মের সার কথা বলা হইয়াছে,—তাহা পল্লী-বালিকা ও তাহার পতির পবিত্র দাম্পত্য গার্হস্থ্যধর্ম্মের উপরে সুপ্রতিষ্ঠিত করিতেছে। হিন্দু-স্ত্রী শুধু স্বামীর জন্য নহেন, তিনি স্বামীর পরিবারবর্গের সঙ্গে একান্তরূপে মিশিয়া সুগৃহিণী-পদে বাচ্য হন, সহজ কথায় সূর্য্য গৌরীকে তাহাই বুঝাইয়াছেন।

বরিশালের ফুল্লশ্রী-গ্রামে প্রাপ্ত সূর্য্যের গান।

সূর্য্যের রূপ-বর্ণনা ও উদয়-দৃশ্য।

সূর্য্য ওঠে কোন্ কোন্ বর্ণ।
সূর্য্য ওঠে আগুন-বর্ণ॥
সূর্য্য ওঠে কোন্ কোন্ বর্ণ।
সূর্য্য ওঠে রক্ত-বর্ণ॥
সূর্য্য ওঠে কোন্ কোন্ বর্ণ।
সূর্য্য ওঠে তাম্বুল-বর্ণ॥

ওঠ সূর্য্য উদয় দিয়া (১)।
বাওনের (২) ঘরের কোণ ছু ইয়া॥
বাওনের মাইয়া (৩) বড় সেয়ান।
সূর্য্যাইর পৈতা জোগায় বেয়ান বেয়ান (৪)॥

(১) পূর্ব্বদিক্ হইতে। (২) ব্রাহ্মণের।
(৩) মেয়ে = কন্যা। (৪) প্রত্যহ প্রাতে।

ওঠ সূর্য্য উদয় দিয়া।
কাঁসারীর ঘরের কোণ ছুঁইয়া॥
কাঁসারীর মাইয়া বড় সেয়ান।
পূজার সাজ (১) জোগায় বেয়ান বেয়ান॥

ওঠ সূর্য্য উদয় দিয়া।
মালীর ঘরের কোণ ছুঁইয়া॥
মালীর মাইয়া বড় সেয়ান।
পুষ্প জোগায় বেয়ান বেয়ান॥

ওঠ সূর্য্য উদয় দিয়া।
মুনির ঘরের কোণ ছুঁইয়া॥
মুনির মাইয়া বড় সেয়ান।
সন্ধ্যা-পূজা (২) জোগায় বেয়ান বেয়ান॥

ওঠ সূর্য্য উদয় দিয়া।
তেলীর ঘরের কোণ ছুঁইয়া॥
তেলীর মাইয়া বড় রাগী।
খাড়া রাগে (৩) ঢালে পানী॥
ঢাল ঢাল মুখ-পাখ্‌লানী (৪)।
তা দিয়া সূর্য্যাইর মুখ-পাখ্‌লানো॥

সূর্য্যের নিদ্রা-ভঙ্গ।

উত্তর আলা (৫) কদম গাছটী দক্ষিণ আলা বাওরে।
গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে॥
শিয়রে চন্নের (৬) বাটী বুকে ছিটা পড়েরে।
গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে॥
কাঁস বাজে করতাল বাজে তবু সূর্য্যাইর ঘুম নাহি ভাঙ্গেরে।
গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে॥

---

(১) সজ্জা=উপকরণ। (২) সন্ধ্যা-পূজার উপকরণ।
(৩) উচ্চস্থান হইতে সোজাসুজি ভাবে।
(৪) পাখ্‌লানী=ধোওয়া; এস্থলে ধোওয়ার জল।
(৫) দিকের। (৬) চন্দনের।

সূর্য্যের স্নান।

সোণার বাটী আগর (১) চন্দন রূপার বাটী তৈলরে।
স্নান কর ছাওয়াল (২) সূর্য্যাইরে॥
দুগ্ধের পুষ্করণী সূর্য্যাই সুইঞা দাও ডুবরে।
স্নান কর ছাওয়াল সূর্য্যাইরে॥
কাগে (৩) নিল তৈলের বাটী গামছা নিল সোতেরে (৪)।
স্নান কর ছাওয়াল সূর্য্যাইরে॥
এক ডুবে উঠেরে সূর্য্যাই যেন ধুতুরার ফুলরে।
স্নান কর ছাওয়াল সূর্য্যাইরে॥

সূর্য্যের ধুতি-গামছা।

স্নান কল্লা ছাওয়াল সূর্য্যাই ধুতি-গামছা কোথা পাইলারে।
স্বর্গে আছে তাঁতীর ছাওয়াল সূর্য্যাইর ধুতি-গামছা জোগায় সেওরে॥
স্নান কল্লা ছাওয়াল সূর্য্যাই তুমি সন্ধ্যা (৫) পাইলা কোথায়রে।
স্বর্গে আছে মুনির ছেলে সূর্য্যাইর সন্ধ্যা জোগায় সেওরে॥
স্নান কল্লা ছাওয়াল সূর্য্যাইরে॥

সূর্য্যের পূজা।

পূজা লওরে সূর্য্যাই পূজা লও॥ ধ্রু॥

মণে মণে চাউল হৈলে পূজায় বইতে (৬) পারি।
ছড়াভরা কলা হৈলে পূজায় বইতে পারি॥
সেরভরা ধূপ হৈলে পূজায় বইতে পারি।
সাজিভরা পুষ্প হৈলে পূজায় বইতে পারি॥
ডান ধারে ফুলের সাজি বাঁও (৭) ধারে রচনা (৮)।
পুরৈত (৯) ঠাকুর করে পূজা করিয়া কামনা॥
কলা কাড়ি (১০) কুচি কুচি নবিদ্য বাড়ি সারি (১১)।
রচনা বসাইতে আইলা ব্রাহ্মণেরি নারী॥

---

(১) অগুরু। (২) ছেলে=বালক।
(৩) কাক। (৪) সোতে=স্রোতে।
(৫) সন্ধ্যা-পদ্ধতি। (৬) বসিতে।
(৭) বাম। (৮) নৈবেদ্যার্থে প্রস্তুত হাঁড়িপূর্ণ চিঁড়া খই প্রভৃতি দ্রব্য-সম্ভার। (৯) পুরোহিত।
(১০) কাটি। (১১) সারি সারি নৈবেদ্য রচনা করি।

ঘটের আড়ে (১) বইয়া সূর্য্যাই মুইঞা মুইঞা চায়
শ্বেত ধূপের গন্ধে সূর্য্যাই পূজা খাইতে বয় (২) ॥
পূজা খাইয়া ছাওয়াল সূর্য্যাই জলপান কল্লা কি।
হাল্যা (৩) বাড়ীর দুগ্ধ-দধি গোয়াল-বাড়ীর ঘি ॥
পূজা খাইয়া ছাওয়াল সূর্য্যাই চতুর্দ্দিকে চায়।
জলপান কল্লা ছাওয়াল সূর্য্যাই মুখশুদ্ধ কল্লা কি।
বারৈ বাড়ীর পাণ সুপারি গাছের হরতকী ॥

সূর্য্যের যাত্রা ও পার।

আরে ও পাটনী মোরে পার কররে ॥ ধ্রু ॥

সূর্য্যাই ঠাকুর যাত্রা করে সুংখে (৪) সোণার ঘটি।
চারিদিকে লোক-লস্কর মধ্যে নাচে হরি ॥
শিবাই ঠাকুর যাত্রা করে দুই কাণে ধুতুরা।
ষোল শত গোপিনী লয়ে চলিছে মথুরা ॥
গাঙ্গের কূলে গিয়া সূর্য্যাই ডাকে ঘন ঘন।
কৈ গেলা পাটনী বিশাই খেওয়ার কড়ি গণ ॥
শ্রীফল গাছের নৌকাখানি মধ্যে জোড়-গুড়া (৫)।
সূর্য্যাই ঠাকুর বৈছেন (৬) যেন পর্ব্বতেরি চূড়া ॥
চন্দন গাছের নৌকাখানি আগা পাছা টান।
সূর্য্যাই ঠাকুর বৈছেন যেন পূর্ণিমারি চাঁদ ॥
মধ্য গাঙ্গে নিয়ারে বিশাই নাও (৭) করিল কাইত্।
বুঝিলাম বুঝিলাম বিশাই দুপুরা ডাকাত (৮) ॥
নৌকা হইতে সূর্য্যাই ঠাকুর কূলে দিল পারা (৯)।
আচম্বিতে পাইল বিশাই সুবর্ণের ভরা ॥
পার হইয়া সূর্য্যাই ঠাকুর চারিদিকে চায়।
যে দিক শোনে সূর্য্যাই-মঙ্গল (১০) সেই দিক চল্যা যায় ॥

---

(১) আড়ালে। (২) বসে। (৩) যাহারা হাল চাষ করে=কৃষক। বরিশাল অঞ্চলে কৃষকশ্রেণীই প্রধানতঃ দুগ্ধ-দধি-বিক্রেতা।

(৪) সম্মুখে। (৫) যে কাষ্ঠ কড়িকাঠের ন্যায় আড়াআড়ি ভাবে নৌকার উপর সংলগ্ন থাকে তাহাকে 'গুড়া' বলে। নৌকা শক্ত করিবার জন্য কোন কোন স্থলে দুইটা গুড়া একত্র করিয়া দেওয়ার নিয়ম আছে বলিয়া এস্থলে 'জোড়-গুড়া'র কথা উল্লিখিত হইয়াছে। (৬) বসিয়াছেন। (৭) নৌকা। (৮) যে লোক দিনে-দুপুরেও ডাকাতি করিতে পারে। (৯) পদক্ষেপ করিল।

(১০) সূর্য্যের উদ্দেশে মঙ্গল-গীতি।

সূর্য্যাই আইল শিবাই আইল পড়্যা গেল সাড়া।
কেহ বাজায় ঢোল ডাগর কেহ বাজায় কারা॥
মুই যদি জানিতাম সূর্য্যাই আস্‌বেন আমার বাড়ী।
চন্দনের ছড়া-ঝাইর দিতাম সকল বাড়ী॥
সূর্য্যাই আইল শিবাই আইল পড়্যা গেল সাড়া।
সায়বানা (১) টানাইয়া তারা রৈল কদমতলা॥

সূর্য্যের বিবাহেচ্ছা।

ওপার দুইটী বাওনের কন্যা মেল্যা দিছে সাড়ি।
তাহা দেখ্যা সূর্য্যাই ঠাকুর ফেরেন বাড়ী বাড়ী॥
ওগো সূর্য্যাইর মা।
তোমার সূর্য্যাই ডাঙ্গর (২) হৈছে বিয়া করাও না॥

ওপার দুইটী বাওনের কন্যা মেল্যা দিছে কেশ।
তাহা দেখ্যা সূর্য্যাই ঠাকুর ফেরেন নানা দেশ॥
ওগো সূর্য্যাইর মা।
তোমার সূর্য্যাই ডাঙ্গর হৈছে বিয়া করাও না॥

ওপার দুইটী বাওনের কন্যা মল খাড়ুয়া (৩) পায়।
তাহা দেখ্যা সূর্য্যাই ঠাকুর বিয়া কর্‌তে চায়॥
ওগো সূর্য্যাইর মা।
তোমার সূর্য্যাই ডাঙ্গর হৈছে বিয়া করাও না॥

ঘটকের আগমন।

ঘটক চলিল ও চলিলরে ঘটক-চূড়ামণি॥ ধ্রু॥

কোথা থিকা (১) আইছরে ঘটক কি নাম তোমার।
স্বর্গে থিকা আইছিরে আমি মঞ্চে (২) দিয়া পাও॥
সূর্য্যাইরও যে বিয়া রে হইবে রাঙ্গা শুক্কুরবার (৩)॥
কি দেখিলা কি ওরে শোন্‌লা ঘটক রে মশায়।
হাত দেখ্‌লাম পাও দেখ্‌লাম দেখ্‌লাম দীঘল চুল।
প্রদীপের রোস্‌নাইতে দেখ্‌লাম বধুর চন্দ্রমুখ॥

---

(১) সামিয়ানা। (২) ডাগর = বয়স্ক।
(৩) পায়ের এক প্রকার বক্রাকৃতি অলঙ্কার।
(৪) হইতে। (৫) মর্ত্ত্যে। (৬) শুক্রবার।

সূর্য্য ও গৌরীর বিবাহ-সজ্জা ক্রয়।

সুন্দর বাণিয়ার ছাওয়াল নগর দিয়া যায়।
সূর্য্যাই-গৌরার বিয়ার চন্নন কেনে গৌরার মায় ॥
সুন্দর মালিয়ার ছাওয়াল নগর দিয়া যায়।
সূর্য্যাই-গৌরার বিয়ার মুকুট কেনে গৌরার মায় ॥
সুন্দর তাঁতিয়ার ছাওয়াল নগর দিয়া যায়।
সূর্য্যাই-গৌরার বিয়ার কাপড় কেনে গৌরার মায় ॥

গৌরাইর বিয়া তোরা দেখ্যা যা বেড়িয়া ঘুরিয়া ॥ ধ্রু ॥

আসিতে শিখাইল মায়।
গৌরাই প্রণাম কর্‌বা জামাইর পায় ॥

সূর্য্যের বিবাহ।

আম ফলে থোকা থোকা, তিতৈল (১) ফলে বেকা বেকা (২)।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন মা'র ঝোলা টাকা টাকা ॥
খাডো খাডো নাইরকোল গাছটী পির (৩) ছাইয়া ফলে।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন ঘৃতের প্রদীপ জ্বলে ॥
খাডো খাডো কলা গাছটী বাইয়া পড়ে মৌ।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন বড় সুন্দর বৌ ॥
সখী চল্ গিয়া মোরা দেখি।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন নামে চন্দ্রমুখী ॥
ছাওয়াল সূর্য্যাইর ঘরের ছাঁইচে (৪) রামকলার পাত।
তাহাতে রাঁধিয়া দিমু দারা-কূটার (৫) ভাত ॥
সখী চল্ গিয়া মোরা দেখি।
ছাওয়াল সূর্য্যাই বিয়া করেন নামে চন্দ্রমুখী ॥

সূর্য্যের শ্বশুর-বাড়ী যাত্রার উদ্যোগ ও শ্বশুর-গৃহে আচরণ সম্বন্ধে তাহার প্রতি উপদেশ।

আনন্দের আর সীমা নাইগো আনন্দ ॥ ধ্রু ॥

সূর্য্যাই যাবেন শ্বশুর-বাড়ী সঙ্গে যাইবেন কে।
সঙ্গে যাইবে সূর্য্যাইর বাপে সাজ্‌তে লাগ্‌যে (৬) সে ॥

---

(১) তেঁতুল। (২) বাঁকা = বক্র। (৩) খাডো = খাট = ক্ষুদ্র। নাইরকোল = নারিকেল। পির = কান্দী। (৪) ছাঁচনাতলায়। (৫) 'দারা-কূটার ভাত' খাওয়া বিবাহ-সময়ের একটী স্ত্রী-আচার। তিনখানা দারা অর্থাৎ কাঠের উপর হাঁড়ি রাখিয়া কূটা অর্থাৎ খড় দ্বারা এই অন্ন ঘৃতপক্ক করিতে হয় বলিয়া ইহার এইরূপ নামকরণ হইয়াছে। (৬) লাগিয়াছে = আরম্ভ করিয়াছে।

মামায় ভাইগ্নায় হাল বায় বামে ঠেল্যা যাইও। (১)
শালীরা যে পাণ দিবে কাপড়ে মুছ্যা খাইও॥
শাশুড়ী রেঁধেছে দারা ঝালে আর ঝোলে।
শালা-বৌ পশেন (২) দারা সুবর্ণেরি থালে॥

গৌরীর শ্বশুর-বাড়ী গমন।

আজ যা গৌরী কাঁন্তা-কাট্যা।
কাইল আইস্ গৌরী হান্তা-রস্তা॥
গৌরীর মায় কাঁদে-কাটে।
হাজার টাকা গাইড়ে বাঁধে॥ (৩)

ও গৌরী না গিয়া।
পান্তা ভাত খা গিয়া॥
পান্তা ভাত শলা শলা।
পুড়ি মাছ চলা চলা (৪)॥

আম গাছে থাকলো কোকিলা চন্নন গাছে বাসা।
আলো আমার গৌরা নিতেলো কোকিলা মনে কর আশা॥
কোন খান দিয়া আইলরে অতিথ আমি বাইর বাড়ী দিলাম বাসা।
সে না অতিথের মনে গৌরা নেবার আশা॥
আট বার বছরের গৌরী তের নয়রে পড়ে।
ঘুরিয়া ঘুরিয়া বাছা মায়ের অঞ্চল ধরে॥
টাকা নয়রে কড়ি নয়রে কৌটরে রাখিব।
পরের লগ্যা হৈছে গৌরা পরেরে সে দিব॥
অর্দ্ধেক গাঙ্গে (৫) ঝড় বৃষ্টি অর্দ্ধেক গাঙ্গে কুয়া।
মধ্য গাঙ্গে বাস্য বাজে গৌরা লবার লইঞা॥
আড়শী কাঁদে পড়শী কাঁদে কাঁদে রইয়া রইয়া।
গৌরীর জনকে কাঁদে গামছা মুড়ি দিয়া॥
গৌরীর যে ভাই কাঁদে খেলার সাজি লইয়া।
গৌরীর যে মায়ে কাঁদে শানে পাছার (৬) খাইয়া॥

---

(১) হাল বায়=হলকর্ষণ করে। মাতুল ও ভাগিনেয়ের একত্র হল-কর্ষণ বামে দেখিলে যাত্রা শুভ হয়। (২) পরিবেশন করেন। (৩) গাইড়ে=গাঁটে। তৎকালে কন্যা-পণ লওয়ার প্রথা ছিল। (৪) পুড়ি=পুঁটি। চলা=রাঁধিবার কাঠ; এস্থলে (তাজা পুঁটি মাছ) কাঠের ন্যায় দৃঢ়। (৫) নদীতে। (৬) আছাড়

মাও ধন বাপ ধন তোমরা নি রাখ্‌বা মোরে।
সভার মধ্যে লইছি টাকা কেমনে রাখ্‌ব তোরে ॥
উত্তর আটের (১) রামকলা কাট্যা আন পাত।
তাহাতে খাইবে গৌরী নাইওরেরি (২) ভাত ॥
ভাঙ্গা নাও মাদারের বৈঠা ঢলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি-ভাই মায়ের কাঁদন শুনি ॥
ভাঙ্গা নাও মাদারের বৈঠা ঢলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি ভাই ভাইয়ের কাঁদন শুনি ॥
ভাঙ্গা নাও মাদারের বৈঠা ঢলকে ওঠে পানী।
ধীরে ধীরে বাওরে মাঝি-ভাই বুইনের (৩) কাঁদন শুনি ॥

গৌরীর অভাব-মোচনে সূর্য্যের সঙ্কল্প।

(উত্তর-প্রত্যুত্তর)

তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি কাপড়ে দুঃখ পামু।
নগরে নগরে আমি তাঁতিয়া বসামু ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি শঙ্খের দুঃখ পামু।
নগরে নগরে আমি শাঁখারী বসামু ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি সিন্দুরে দুঃখ পামু।
নগরে নগরে আমি বাণিয়া বসামু ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি তেলের দুঃখ পামু।
নগরে নগরে আমি তেলিয়া বসামু ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি চাউলের দুঃখ পামু।
নগরে নগরে আমি হালিয়া (৪) বসামু ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি মা বলিমু কারে।
আমার যে মা আছে মা বলিবা তারে ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি বাপ বলিমু কারে।
আমার যে বাপ আছে বাপ বলিবা তারে ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি ভাই বলিমু কারে।
আমার যে ভাই আছে ভাই বলিবা তারে ॥
তোমার দেশে যামুরে সূর্য্যাই আমি বুইন বলিমু কারে।
আমার যে বুইন আছে বুইন বলিবা তারে ॥

---

(১) হাটের। (২) স্ত্রীলোকের কুটুম্বগৃহে যাওয়াকে 'নাইওর' বলে।
(৩) বহিন = ভগিনী। (৪) চাষা = কৃষক।

মনসা-মঙ্গল।

